

প্রথম
পদক্ষেপ
SPECIAL EDTION
DECEMBER 2025

Classical Sarod Player




**Amjad Ali Khan**

Classical Vocalist:




**Kaushiki Chakraborty**


And

Pianist,Composor, Musician



**Shantanu Moitra**

Composition, Singing, Songwriting




**Vishal Shekhar**

Rabindra Sangeet



**Laisa Ahmed Lisa**

Singer, Composer



**Aneek Dhar**

Devotional Singer



**Aditi Munshi**

Musician, Singer



**Joy Sankar**

Singer



**Chandrika Bhattacharya**

Percussionist Tabla




**Tanmoy Bose**


Pre NABC Concert

Meet & Greet




**Kumar Sanu**

Singer



**Subhadeep Das Chowdhury**

Singer



**Trijoy Dev**

Singer



**Mayuri Saha**

## Executive Committee

Ashok Rakhit
President

Tapas Sanyal
Vice President

Indrasish Basuroychowdhury
Vice President

Biswa Bhattacharya
Vice President

Arpita Gupta
Treasurer

Partha S. Chakraborty
Secretary

Dipankar Chattopadhyay
Asst. Secretary

## Committee Members

Amit Ganguly
Lipika Mukhopadhyay
Sarmistha Chakraborty (Babli)
Sudipta Chattopadhyay (Buya)
Biman Ghosh
Kris Ghosh (Bappa)
Prithviraj Banerjee
Rupa Majumdar
Tapan K. Das

## Editorial Board

Dilip Chakrabarti
Rupa Majumdar
Chitta Saha
Sudipta Chattopadhyay

## Board of Trustees

Gopendu Chakrabarti
Chairperson

## Trustee Members

Abhik Dasgupta
Amiya Banerjee
Dilip Chakrabarti
Kallol Chattopadhyay
Milan Awon
Partha S. Chatterjee
Pranab Das
Ranadeb Sarkar
Sugata Bagchi
Surajit Sengupta


Digital version published In collaboration with Raunaq Publication directed by Rupa Majumdar

প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

# সংবাদ বিচিত্রা

## SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ • CULTURAL ASSOCIATION OF BENGAL • NORTH AMERICA

**For more information - visit NABC2026.com**

NABC 2026

## General Registration

| | |
|---|---|
| General Registration Single: | 250 USD |
| B. Couple or Family of Two adults: | 400 USD |
| C. Kid ( 4 to 12 years ) | 50 USD |
| D. Student ( With valid Student ID) | 150 USD |

## Benefit of General Registration

•All attendees at NABC 2026 register under general registration will have access to all programs and visit all exhibitions, shows, seminars, pavilions.

• Hotel available at special rate for NABC 2026.

Attendees will be able to take part in all participatory programs including contest, special workshops, upon acceptance by program directors and additional entry fees if any.

• Couple discount applied.

• Student discount applicable.

• Name will appear in list of attendees.

BECOME A SPONSOR

# SPONSOR

## BE A PROUD SPONSOR EXPERIENCE EXCLUSIVE PRIVILEGE AT NABC 2026

Benefactor Sponsor: **1,200 USD (**2 Adults, 1 Night Hotel)

Donor Sponsor : **2,500 USD (**2Adults,, 3 nights Hotel, 2 for 5 meals)

Premium Donor Sponsor : **2,800 USD (**2 Adult + 2 Kid, Meet & greet, 3 nights Hotel, 2 for 5 meals)

Bronze Sponsor: **3,500 USD (**2 Adult + 2 Kid, Meet & greet, 4 nights Hotel, 2 for 5 meals)

Silver Sponsor: **5,000 USD (**3 Adult + 2 Kid, Meet & greet, , 4 nights, 10 adults +10 kid meals)

Gold Sponsor: **10,000 USD (**4 Adult+2 Kid, Meet & greet, 2 room,4 Nights, 20 adults+ 10 kid meals)

### Celebrities at NABC & Meet and Greet Event

NABC 2026 will be attended by many celebrities, artists, from Film and Music industry and other cultural sphere of Kolkata and India, and Bangladesh.

Get ready for an unforgettable experience! Join us for an exclusive Meet and Greet event where you'll have the rare opportunity to interact with your favorite celebrities, musicians, and artists up close. Take selfies, get autographs, and enjoy lively conversations in a relaxed and exciting atmosphere. Whether you're a lifelong fan or just curious to meet the stars behind the magic, this event promises memorable moments and inspiring connections.

*The Ultimate Bong Experience*

46th

# North American Bengali Conference

Visit & Install :
www.nabcapp.com



উত্তর আমেরিকা বঙ্গ সম্মেলন

## বিশ্ব বাঙালীর প্রাণের প্রাঙ্গন

**Westchester County Center**

White Plains : New York : USA

3-4-5 July 2026

2nd July - Pre NABC Concert & Event



Commercial exhibition

Exceptional
Opportunity
To Expand Your Business, & Products Internationally.

## NABC Exhibitions & International Trade Show

### Benefits of Exhibitors & Participants

- Being part of the largest & oldest International Conference in USA.
- 6000 Plus visitors over 4 days.
- Co Branding with "NABC" the most respected and credible name in public domain and events.
- Highest visibility across all media Print- electronics - digital globally.
- Potential reach of 10 million audience through NABC and It's media partners.


### NABC 2026 Marketing : Promotion & Media - A

NABC is committed to explore all network to reach greater Bengali audience in North America as well as in India, Bangladesh and other international locations.

At NABC we strive to catch attention of millions of people through our extensive multi channels marketing and promotional network, provide them all necessary information, encourage them to participate and engage in the event.

We make sure that all our patrons and sponsors get noticed through all our marketing channels and enjoy maximum visibilites though our media partners as well.






Rich, encompassing world class literary works, and touching stories











Rich, encompassing world class literary works, and touching stories


NABC
2026 : New York
NABC
2026 New York
Opening Ceremony
Choreographer
Kumar Sharma's
Kathak Rockers
Bollywood
Kumar Sharma;s Kathak Rockers is the pioneer in the field of Kathak Fusion, the troop has received international acclaim and media attention in Africa, Asia, North America, and Europe.
The speciality of the crew is that along with the Shudh Kathak, they also incorporate Bollywood & International Music with Kathak. This is how they have attracted so many youngsters towards the ancient Indian dance form.
EKATVAM
The Euphony of India
Rhythm & Beats of The Longest Living Civilization
She began with the beginning
She strode with the Gods
The jewel of world civilizations
She is the bestower of all riches
The presentation will unfold through India's traditional dance forms and vibrant music — a multi-media extravaganza that brings alive the diverse cultural.
Spectacularly colorful, rhythmically charged, and visually resplendent — this is Swarn Bharat, the timeless glory of India.
Inviting talented dancers from North America
Don't miss this chance to shine on a massive platform! If you are a dancer ready to contribute your talent to this spectacular ensemble, you are the missing piece.Come Join us for opening ceremony 2026
CONTACT
Phone - 510 676 8107 Dalia
510 514 7676 Shinjini
Email - nabc.dancers@gmail.com
Co Ordinator
Dalia Sen [ California ]
Dalia Sen is the US Artistic Coordinator. Her impressive career includes overseeing four previous NABC ceremonies (2009, 2012, 2017) also Atmanah for NABC 2024 and directing numerous major shows. She has worked with over 100 artists for productions like Raabta Ehsaas and the Kingdom of Dreams, and she Choregraphed and directed the opening ceremony for Kalamahotsav 2014 and 2015 in collaboration with counsel general of India and she directed the OC for the Honorable Prime Minister Narendra Modi's 2015 Bay Area visit.
46th
North American Bengali Conference
Venue
Westchester County Center
White Plains, New York
Dates
Hosted by
CAB
CAB is the Founder & Grantor of NABC since 1981
Visit : www.nabc2026.com
Visit & Install App : www.nabcapp.com
E mail : cabnabc2026@gmail.com
Phone : 516 669 0079

# Hotels & Accommodations



## Westchester Marriot

**For Sponsors & Donors**
670 White Plains Rd, Tarrytown,
NY 10591
Distance from Venue : 4.0 Miles
Travel Time : 9 minutes by car



## Sheraton at Tarrytow

**For Sponsors & Donors**
600 White Plains Rd, Tarrytown,
NY 10591
Distance from Venue :4.0 Miles
Travel Time : 8 minutes by car




## The OPUS White Plains

**For Sponsors & Donors**

3 Renaissance Square
White Plains, NY 10601
Distance from Venue:0.9 miles



## Hyatt House White Plains

**For Sponsors & Donors**
101 Corporate Park Drive,
West Harrison, NY, US
Distance from Venue :3.8 .Miles
Travel Time : 10 minutes by car




## Sonesta White Plains Downtown

For Sponsors, Donors and General Registrants
6 Hale Avenue, White Plains, NY
Distance from Venue : 1.6 miles
Travel Time: 7 Minutes by Car



## Hampton Inn White Plains

**For General Registrant**
200 West Main Street, Elmsford,
NY, 10523, US
Distance from Venue : 3.7 Miles
Travel Time : 7 minutes by car



## Springhill suites

**For General Registrant**
480 White Plains Road
Tarrytown, New York, USA, 10591
Distance from Venue :4.9 .Miles
Travel Time : 9 minutes by car






CONCEPT & COMPOSITIONS

By
Maestro
Bickram Ghosh

# Closing Ceremony



# An Awakened World

## UNITED IN LOVE & PEACE

Maestro Bickram Ghosh is one of India's most versatile and celebrated musicians, renowned for his mastery of Indian classical music, fusion, and film scoring. Regarded as one of the world's finest tabla players, he has built a formidable global reputation through decades of artistic excellence. A recipient of the Sangeet Natak Akademi Award, India's highest honour in the performing arts, his work is recognized for Bickram has performed on four Grammy-nominated albums and one Grammy-winning album with Pandit Ravi Shankar, and has earned Oscar contention for his film scores, including dual eligibility for the 2025 Academy Awards. An award-winning film composer with over 55 feature films to his credit, he has received multiple Filmfare, Global Music,
A pioneer of Indian fusion music, Bickram has released influential albums, performed at iconic global venues, and collaborated with legends worldwide. Trained by Pandit Shankar Ghosh, Vidwan S. Sekhar, and Pandit Ravi Shankar, his music bridges tradition and innovation

Awoken Wrold is a powerful musical-dance theatre work that explores humanity's shared spiritual roots and the fragile harmony that binds civilizations together.

The performance opens in a vibrant, celebratory landscape where three spiritual worlds—Hindu, Muslim, and Christian—oexist in joy and mutual respect. Richly colored costumes, expressive dance, and an eclectic musical tapestry featuring sitar, sarod, rabab, folk traditions, and Western strings reflect a world unified in diversity. A song of inclusivity affirms the essence of shared humanity.

## Choreographed & Direction By Sunrita Kainth



Sunrita is a renowned and accomplished dancer, choreographed many shows and performances over 30 years in North America. She choreographed three times along with Bickram Ghosh at NABC. She is the student of Thankamani kutty,Sanjukta Panigrahi, and manjushri Chaki - Sikdar.
She has performed and choreographed over 100 shows in USA. Her shows always created a lasting impact to the audience.

**Inviting talented dancers from North America**

Phone - +1 732 997 8821. E mail - sunrita1972@gmail.com

46th North American Bengali Conference

Hosted By CAB

CAB is the Founder & Curator of NABC since 1981

Visit : www.nabc2026.com Visit & Install App : www.nabcapp.com E mail : cabnabc2026@gmail.com Phone : 516 669 0079

# Contents / সূচিপত্র


| | | |
|---|---|---|
| 01 | সম্পাদকের ভাবনা<br>দিলীপ চক্রবর্তী | 14 |
| 02 | President's column<br>Ashok Rakshit | 15-17 |
| 03 | ইনকারসেরেটেড<br>কৃষ্ণা চৌধুরী | 18-22 |
| 04 | দেবা ন জানন্তি কুতোঃ মানবা<br>দিলীপ চক্রবর্তী | 23-26 |
| 05 | ব্যতিক্রমী দুর্গাপূজা<br>ডঃ শিবশঙ্কর পাল | 27-29 |
| 06 | স্বাস্থ্যসেবা শিল্পে কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) প্রভাব<br>অলোক বন্দ্যোপাধ্যায় | 30-33 |
| 07 | চুরি<br>আনন্দিতা চৌধুরি | 34 |
| 08 | সন্তানস্নেহ<br>কোহিনূর কর | 35-38 |
| 09 | ফুটপাথ<br>কৃষ্ণেন্দু মুখোপাধ্যায় | 39-43 |
| 10 | ফেলুরাজের কবচ<br>দেবারতি মুখোপাধ্যায় | 44-53 |
| 11 | ঝোটনের ভাগ্য বলিহারি<br>সীমা ব্যানার্জি রায় | 54-56 |
| 12 | ছোট্ট দ্বীপ কেপ ভের্দে বিশ্বকাপে<br>সুজন ঠাকুরতা | 57-58 |
| 13 | মাত্রার খেলা<br>সৌপর্ণ ভট্টাচার্য্য | 59-62 |
| 14 | বিশ্বাস<br>সায়ন তালুকদার | 63-64 |
| 15 | এ বছরে কারা কারা ইগ নোবেল পুরস্কার পেলেন<br>অশোক বসু | 65-66 |
| 16 | বর্তমান সময়ে সোশ্যাল মিডিয়া<br>সুগত চক্রবর্তী | 67-69 |
| 17 | অটোগ্রাফ<br>অরুন্ধতী সরখেল | 69 |
| 18 | মানস সরোবর - কৈলাস যাত্রা<br>ডঃ কুমার শঙ্কর মন্ডল | 70-73 |
| 19 | Influence of British Colonial Era on Cuisine in Bengal<br>Sanjeeb Gandhi | 74-75 |
| 20 | Whisper of Resistance<br>Tanmoy Goswami | 76 |
| 21 | Time<br>Arundhuti Sarkhel | 76 |
| 22 | ছাই<br>মহুয়া দাস | 77 |
| 23 | দুঃখ পরম্পরা<br>তপনজ্যোতি মিত্র | 77 |
| 24 | এবার নীরবতা<br>পার্থসারথি সেনগুপ্ত | 77 |
| 25 | প্রকৃতির লীলা<br>উত্তম চক্রবর্তী | 78 |
| 26 | কুড়ি বছর পার<br>রবীন্দ্র চক্রবর্তী | 78 |

# সম্পাদকের ভাবনা

ভাষা মানুষের সাথে মানুষের সংযোগ স্থাপনের এক অনবদ্য মাধ্যম। সৃষ্টির আদিমকাল থেকেই মানসিক ভাবাবেগের বহির্প্রকাশের রূপ, রস ও আবেদনের প্রকাশ্য রূপ হ'ল ভাষা। স্বভাবতঃই ভাষা ও জীবন একে অপরের পরিপূরক হয়ে সমাজে বিদ্যমান আজকের দিনে। সেজন্য দেখা গেছে ভাষা জীবনের জন্য হলেও অনেক সময় জীবনও ভাষার জন্য হয়েছে। তার প্রকৃষ্ট উদাহরণ পাই আমরা "২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" ভাষা তথা বাংলা ভাষার আন্দোলনে।

যে কোন রচনায় শাব্দিক নির্বাচননৈপুণ্য লেখকের মানসিক আবেগ ও কল্পনা প্রকাশিত হয় ভাষার মাধ্যমে, তার ফলেই সৃষ্টি হয় কাব্য, গীত অথবা সাহিত্য। প্রেমিকপ্রেমিকার প্রেম আর হৃদয়ের মিলনের সংযোগ স্থাপন করে ভাষা। এমনকি বিভিন্ন জাতির ঐক্য স্থাপনের প্রধান উপাদানও হচ্ছে একমাত্র ভাষা। আর এ হেন ভাষা সংরক্ষনের জন্যই পরবাসী হয়েও বাঙালি নিজের ভাষা ও সংস্কৃতি সংরক্ষনের জন্যই আবার ভাষার শরণাপন্ন হয়েছে বিভিন্ন সময়ে। এ জন্যই আমাদের প্রিয় "সংবাদ বিচিত্রা" শুধু সংবাদ বহন করে না, বয়ে আনে সৃজনের অদম্য উৎসাহ ও উদ্দীপনা। এ ভাবাবেগের উপর নির্ভর করেই শুরু হয়েছিল বঙ্গ সংস্কৃতির একটি বার্ষিক সংখ্যা। যার নাম "প্রথম পদক্ষেপ।" একটি শিশুর জীবনের মতই "প্রথম পদক্ষেপের" দ্বিতীয় পদক্ষেপটি নিতে সময় লেগে গেল প্রায় আরো তিন বছর।

"প্রথম পদক্ষেপের" এ সংখ্যাটির মধ্যে দেখতে পাবেন বহুবর্ণময় জীবনের প্রতিফলন, ভালোবাসার কল্পনা, রূপ ও সুগন্ধে ভরপুর আমাদের জীবনের একেকটি মুহূর্ত্ত, যার সাথে হয়ত দেখতে পাবেন আপনার জীবনের কোন মুহূর্তের সন্ধিক্ষণ। এটাও হবে "প্রথম পদক্ষেপের" অন্যতম প্রয়াস।

এই ধরনের কাজে থাকে নানা প্রতিবন্ধকতা, স্বাভাবিক ভাবেই আসে বিভিন্ন মানসিক দ্বিধা ও দ্বন্দ্ব, এটা অতিক্রম করার সাহস ও শক্তি জুগিয়েছেন আপনারা, পাঠকবর্গ। আশাকরি, আগামীতেও আপনাদের এই সমর্থন, সহযোগিতা ও ভালোবাসা থাকবে আমাদের সাথে । সংবাদ বিচিত্রার "বর্ষ সংখ্যা" হয়ে উঠুক আমাদের আগামীর দিশারী। এ পুস্তিকা প্রকাশে নিরলসভাবে সাহায্য করেছেন রূপা মজুমদার, সুদীপ্তা চট্টোপাধ্যায় চক্রবর্ত্তী ও চিত্ত সাহা। ওঁদের সক্রিয় সহযোগিতা ভিন্ন এ পুস্তিকা প্রকাশ সম্ভব ছিল না। দৈনন্দিন জীবনের ইঁদুর দৌড়ে প্রেম আর পারস্পারিক শ্রদ্ধা হয়েছে ক্ষীণ, দৈনন্দিন জীবন ও জীবিকা হয়েছে আহত। ঈর্ষা ও বিরাগের অভিযান আজ আমদের সমাজকে করছে আহত ও কলুষিত। একমাত্র মানবপ্রেম ও ভাষার মাধ্যমেই সৃষ্টি হবে নতুন জীবনের উদ্দীপনা। ২০২৬ সালকে স্বাগতম জানিয়ে আমাদের পাঠক ও সমর্থকদের সার্বিক মঙ্গল কামনা করি।

- দিলীপ চক্রবর্ত্তী

# President's Column



Dear Friends of CAB:

Hope you all are busy getting ready to celebrate holidays of Christmas and New year! This is the time like our Durga Puja back home when we buy gifts not just for children and immediate family members but also for dear friends and extended relatives. Everyone is in a jolly mood waiting for last days of schools and colleges for children to be home and spend week or two at home hosting dinner events, seeing new release holiday movies in big screen in nearby theaters as well as attending dinner parties in friends' houses. Houses in every neighborhood are now lighted outside and lighted Christmas trees inside home next to large windows for neighbors to see as they drive by.

We Bengalis (and other Indians) also put lighted Christmas trees and wrapped gifts for everyone at home; especially young children hoping Santa will come through the chimney bringing their special gifts that parents promised them if they behave and get good grades in school. I still remember my wife will leave milk and cookies for Santa next to the fireplace at night of Christmas eve telling children to go to bed early and wait for the morning of Christmas to open their gifts from Santa. My wife will put the gifts after midnight when everyone is asleep!

As our children got older and left home for colleges and eventually taking jobs outside home town, Christmas is no more mythical for Santa to come down from North pole at night in every house to drop presents. We adults also love the spirit of Christmas and exchange gifts on Christmas day while having a sumptuous dinner late afternoon. Since we are often alone in our adopted country as a new immigrant, we drive or fly visiting homes of close friends or cousins during Christmas break for few days! No matter what, young or old, children or adults, we all wait for Christmas break; the most fun time of the year.

Many of us with empty nests as our children either got married or moved far away for job; find a great occasion to come to India for a month or two depending on whether we are retired or taking few weeks of vacation from work to visit families and friends in India. We are often called in India 'winter birds' who visit home in India this time of the year to avoid bitter snow and cold at home here. This also gives a reason for many CAB members to come to Kolkata to attend NABC kick off! This year NABC 2026 kickoff is in Bengal Club in Park Street

area on the evening of January 21st, 2026. The invitation is generally open to all CAB members if they are in town.

Please come and visit us since CAB is the sponsor of NABC 2026 and many committee members including Convenor, Milan Awon will be present. You will hear the updated list of artists invited for 2026 NABC to be held on July 2-5, 2026 in Westchester County Center in White Plains, New York. We expect to have many invited artists to be also present at this dinner event. There will be many vendors and some reporters to meet NABC leadership to find more about the upcoming NABC aka Bongo Sammelan. We hope to see some of you if you are in Kolkata on January 21st evening.

To date, we have lined up a distinguished list of artistes for NABC 2026. Starting Thursday night of pre-NABC, we will have Kumar Sanu night with his troupe followed by special Meet and Greet Dinner for Donors and Sponsors along with artistes from Kolkata and Bangladesh. Every night, we will have one marquee grand artist along with many other acclaimed artists performing music, dance, theater and specially curated programs like 'Tin Bhubaner Paare' celebrating life's work of late Soumitra Chatterjee directed by Joy Duttagupta and played by Sovan Sundar Bose, Soumitra Chatterjee's daughter Poulomi Chatterjee and Saheb Chatterjee. There is also exhibition with retrospective screening of movies celebrating the birth centenary of Uttam Kumar by his grandson and his wife! You can't miss it!


Following the grand Opening Ceremony, we will have Ustaad Amzad Ali Khan on Friday night on Sarod. On Saturday, the special classical evening with none other than Kaushiki Chakrabarty and Santanu Maitra presenting 'Pankh'. We will have an Indian folk song ensemble from multiple states of India by leading folk and other performing artists (Joy Sankar II, Mayuri Saha, Subhadip and others). There will be a special performance by Aditi Munshi celebrating age-old Bengal tradition of kirtan. Renowned Rabindra Sangeet Shilpi from Bangladesh Laisa Ahmed Lisa and the thriving Bangla Band 'Prithibi' from Kolkata.

We can't wait until you see the acclaimed original play by Ajitesh Bandopadhyay of 'Saudagorer Nauko' presented by Director Parthapratim Deb. These are only few of many that will be updated shortly in our webpage www.nabcapp.com for your information. There are many curated programs and shows presented by over 80 artistes visiting from India with finale on Sunday night from Bollywood, the mesmerizing troupe of Vishal Shekhar! We hope, like every year, you will come to this upcoming event on July 2nd to 5th, 2026 with friends and families in thousands to cheer and enjoy these variety high class programs and have good times with friends on those summer days and late nights! Please visit our website for program details as more and more artists are added in the list. Please register early to make sure you have hotel rooms in our reduced group rates in selected hotels before these are filled.

While we guarantee rooms for our Donors and Sponsors in pre-booked hotels, the standard registrants have also few hundred rooms in assigned hotels. We cannot afford to pay for every hotel room upfront from our funds for standard registrants and need your direct booking of hotel room after online registration to NABC 2026 to avail our group rates while lasts. Unfortunately, July 4th weekend in 2026 is also the final weeks of world cup games in New Jersey and hotel rooms are getting filled very quickly and prices are soaring! So, please visit our NABC website, register early and book your hotel rooms as soon as possible in much more affordable negotiated group rates than individual market price. We also plan to have a special holiday discount during few weeks of Christmas to New Year. Please visit our website to learn for the weeks with special discount!

Thank you and hope to see you all on July 2-5 of 2026 in Westchester County Center, White Plains, NY.

**Ashok Rakhit, PhD**
President
Cultural Association of Bengal
New York



White Christmas in New Jersey; Dec 14, 2025

গল্প

# ইনকারসেরেটেড


## কৃষ্ণা চৌধুরী
মার্কিন যুক্তরাষ্ট্র


নভেম্বরের মাঝামাঝি সাধারনতঃ 1st marking period এর রেজাল্ট বেরোয়। এইদিন স্কুল হাফছুটি হয় এবং প্রত্যেক ছাত্রছাত্রীদের বাবা, মা বা অন্যান্য কোনো আত্মীয়স্বজনকে স্কুলে আসতে হয় রিপোর্ট কার্ড নেওয়ার জন্য। স্টুডেন্টদের হাতে রিপোর্ট কার্ড দেওয়া হয়না। সেদিন gymnasium এ সমস্ত টিচাররা টেবিল পাতে সারি সারি । নিজের নিজের স্টুডেন্টদের লিস্ট নিয়ে বসে তারপর parentরা নিজেদের ছেলেমেয়েদের রিপোর্ট কার্ড নিয়ে যায় এসে।

সেবছর এমনই এক November এর মাঝামাঝি আমরা সবাই gymএ নির্দ্দিস্ট টেবিলে গিয়ে বসেছি। বিরাট বড় gymএ চারিদিকে সব ডিপার্টমেন্টের টিচাররা বসেছে, মাঝখানে গাদা গাদা চেয়ার সাজানো রয়েছে অভিভাবকদের বসবার জন্য।

আমি যখন ঢুকলাম দেখি আমার টেবিলে দুজন বসে রয়েছে, দেখেই চিনলাম Brittanyর বাবা মা। হেঁসে আপ্যায়ন করে নিজের চেয়ারটিতে বসলাম, রিপোর্ট কার্ডের বান্ডিল খুলে Brittanyর রিপোর্ট কার্ডটি তার বাবা মার হাতে তুলে দিলাম। Brittany খুবই ভাল মেয়ে, সুতরাং তার তারিফ করা ছাড়া আর কিছু বলার ছিলনা আমার। এরপর একের পর এক বহু অভিভাবকদের সাথে মোলাকাত হল যা প্রত্যেক বছরেই হয়ে থাকে, এটা নতুন কিছু নয়।

(২)

লক্ষ্য করলাম এক ভদ্রমহিলা বেশ অনেকক্ষন ধরেই আমার টেবিলের উল্টোদিকে একটু দূরে চেয়ারে বসে আমার দিকেই এক দৃস্টিতে দেখছেন কিন্তু কাছে আসছেনও না কিছু বলছেনও না। প্রথম দিকে তেমন গা করিনি। ভাবলাম হয়তো নিজের ছেলে বা মেয়ের জন্য অপেক্ষা করছেন। তারপর কেমন যেন মনে হল বোধহয় আমার সঙ্গেই কথা বলতে চায়, তবু কিছু বললম না। বেলা ১টা থেকে রিপোর্ট কার্ড দেওয়া শুরু হয়েছে, এখন বাজে সাড়ে চারটে। ভদ্রমহিলা কিন্তু নড়ছেনও না চড়ছেনও না ঠায় একভাবে চেয়ারে বসে রয়েছেন আমার দিকে তাকিয়ে। আর আধঘন্টা পরে আমাদের dinner break হবে, পাঁচটা থেকে ছ'টা। তারপরও সবাইকে একঘন্টা থাকতে হবে তবে দিনের কর্ম্ম শেষ হবে।

Dinner থেকে ফিরে এসে দেখি ভদ্রমহিলা সেইভাবেই বসে আছেন, পাশে একটি মেয়ে। ভাবলাম এই মেয়েটির জন্যই বোধহয় বসেছিলেন। Dinner এর পর ভীড় অনেক পাতলা, এই সময় আর বেশী লোকজন আসেনা কেননা তখন সকলেরই dinner time। সবাই উসখুস করছে, একে তো dinner খেয়ে সকলের ঘুম পেয়ে গেছে, তার ওপরে বেলা একটা থেকে ঠায় বসে বসে সবাই বাড়ী যাওয়ার জন্য উদগ্রীব হয়ে পরেছে। প্রায় সাড়ে ছটার সময় দেখি ভদ্রমহিলা মেয়েটিকে সঙ্গে করে আমার দিকে এগিয়ে আসছেন। আমি তাদের আপ্যায়ন করে বসতে বললাম। পাশের টেবিল থেকে সহকর্মী Susan মেয়েটির দিকে হাত তুলে বলল, 'Hi, Jessica'। বুঝলাম মেয়েটি Susanএর স্টুডেন্ট, তবে আমার কাছে কেন? কিছু প্রশ্ন করলাম না।



'Hi, how are you Mrs. Chatterjee, I am Steven Hawkins'

(৩)

mother' ভদ্রমহিলা বললেন। 'Steven Hawkins'? ঠিক মনে করতে পারলাম না। আমার কোনো ক্লাসেই তো Steven বলে কেউ নেই এবছর। রিপোর্ট কার্ডের বান্ডিল খুলে খুঁজতে লাগলাম। ভদ্রমহিলা বুঝতে পারলেন, বললেন, 'Mrs. Chatterjee, Steve graduated in 2003', আমি একটু অবাক হলাম। তাহলে এতদিন পরে আমার কাছে কি প্রয়োজন? Jessicaও তো আমার student নয়। Steve যে কে সেটা মনে করতে পারলাম না কিন্তু মুখে সেটা প্রকাশ করলাম না। আজকাল সকালে কি ব্রেকফাস্ট খাই তাও ভুলে যাই। জিজ্ঞাসা করলাম Steve এর কোনো ছবি আছে কিনা সঙ্গে।

উনি পার্স থেকে একটি ছবি বার করলেন, দেখেই চিনতে পারলাম। ছোট্টখাট্ট চেহারার Steve আমার খুবই প্রিয় ছাত্র ছিল, পড়াশুনাতেও যেমন ভাল ছিল, ব্যবহারও ছিল তেমনি মিস্টি। আমাকে এক দিনের জন্যও বকতে হয়নি তাকে। ছবিটা দেখে তাকে ফেরত দিলাম, দিয়ে জিজ্ঞেস করলাম তা Steven কি করছে আজকাল। ভদ্রমহিলা কাঁদতে শুরু করলেন।

আমি অপ্রস্তুত হয়ে পড়লাম, Jessicaও চুপ করে রয়েছে। যেহেতু লোকজন কমে গেছে এবং Mrs. Hawkins gym এর দিকে পিছন ফিরে বসে আছেন আর অন্যান্য টিচাররাও একে অন্যের সাথে গল্পে মশগুল কেউই লক্ষ্য করলনা আমাদের দিকে। আমি একটি টিস্যু বার করে তার হাতে দিলাম। জিজ্ঞাসা করলাম কি হয়েছে।

'He has been incarcerated. There has never been a trial'.

'সে কি'? আমি ভয়ানক আশ্চর্য্য হয়ে গেলাম, 'On what charges'?

(৪)

'Murder'. আমি প্রায় চেয়ার থেকে পড়ে যাচ্ছিলাম, নিজেকে সামলে নিয়ে জিজ্ঞেস করলাম কোথায় আছে সে। 'Pennsylvania', বলে সেখানকার একটি জেলের নাম করল যা আমি জীবনেও শুনিনি। Mrs. Hawkins চোখ টোখ মুছে আমার দুহাত জড়িয়ে ধরে বলল, 'Mrs. Chatterjee, Steve wants to see you'. আমি তো মহা ফাঁপরে পড়ে গেলাম। আমি কি করে Pennsylvania যাব? Mrs. Hawkins বোধহয় বুঝতে পারলেন আমার সমস্যা, বললেন, 'don't worry, we will take you there. Mrs. Chatterjee, Steve believes I repeat he wholeheartedly believes that you are the one that can help him'. আমাকে একটি কার্ড দিলেন, দেখলাম city office এ বেশ বড় position কাজ করেন। আমার address, phone number সব লিখে নিলেন, বললেন যেদিন আমি যেতে চাই সেদিনই নিয়ে যাবে তারা।

Intercom এ প্রিন্সিপ্যালের ঘোষনা শোনা গেল, সমস্ত অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিদায় নেওয়ার জন্য অনুরোধ। যাওয়ার আগে আবার আমার হাত দুটি ধরে আর একবার অনুনয় করল, 'Mrs. Chatterjee, please help me, help Steve'. তাকে আশ্বাস দিয়ে বিদায় জানালাম কিন্তু নিজে প্রচণ্ড অস্বস্তিতে পড়লাম। বাড়ী ফিরে খবরটা জানানো মাত্রই কর্ত্তা রেগে আগুন তেলে বেগুনের মতো জ্বলে উঠলেন কিন্তু ছেলেরা প্রচুর উৎসাহ দিল। এরপর স্কুল থেকে একদিন ছুটি নিয়ে গেলাম সেই Pennsylvaniaর জেলে Steveকে

(৫)

দেখতে। সকাল আটটার সময় বেরিয়ে প্রায় সাড়ে দশটা নাগাদ ১২০ মাইল রাস্তা আমি, Jessica এবং Mrs. Hawkins এই ডিসেম্বরের ঠান্ডার মধ্যে গাড়ী করে গেলাম। জীবনে এই প্রথম আমি জেলখানা দেখলাম। বিরাট গেট, দুপাশে পুলিশ পাহারা দিচ্ছে, চারিদিকে উঁচু পাঁচিল barbed wire লাগানো। গেটের বাইরে দাঁড়ানো রক্ষীদের পরিচয় পত্র দেখানোর পর গেট খোলার permission পেতে বেশ কিছুক্ষন সময় লাগলো কারন সব পরিচয়পত্র scan করে রক্ষীরা পাঠালো ভেতরে,

সেইসব ওপরওলাদের কাছ থেকে verified হয়ে এল তবে গেট খোলার মেসিন চলল। বিরাট চওড়া cast iron গেট অল্প একটু ফাঁক হল, তার মধ্যে দিয়ে আমরা তিনজন ঢুকলাম।

ভেতরে ঢুকে দেখি বিরাট বড় কম্পাউন্ড, সেটা পেরোলাম, তারপর এ চত্বর, সে চত্বর, এই করিডর, সেই করিডর পেরিয়ে একটা বিরাট বড় হলঘরে ঢুকলাম। শুনলাম এখান থেকে রক্ষী এসে এক একজন করে prisoner দের কাছে নিয়ে যাবে।

এখানে বেশ কিছুক্ষন বসে থাকার পর একজন এসে আবার পরিচয়পত্র দেখতে চাইল। এই নিয়ে চারবার পরিচয়পত্র দেখানো হল। চারিদিকে তাকিয়ে দেখলাম, অনেক লোক বসে রয়েছে সবাই নিজের নিজের লোকদের সঙ্গে দেখা করতে এসেছে। খূনী, ডাকাত যাই হোক সবারই স্নেহ ভালোবাসার লোক থাকে।

বেশ কিছুক্ষন পরে গার্ড এসে Mrs Hawkins কে ডাকল Steven এর সঙ্গে দেখা করানোর জন্য, আমিও উঠতে যাচ্ছিলাম কিন্তু লোকটি

(৬)

আমাকে বসিয়ে দিল, ‘one at a time please’ বলে। দশ মিনিট পরে Mrs. Hawkins ফিরে আসার পর গার্ড আমাকে নিতে এল। বলল, ‘ten minutes for the attendees’। এতটা রাস্তা এসে মাত্র দশ মিনিট? আবার একটা করিডর পেরিয়ে একটা ছোট ঘরে দেখি সারি সারি কাঁচ ঢাকা রেলের টিকিট কাউন্টারের মতো করা, ভেতর থেকে কয়েদীরা শুধু ফোন তুলে কথা বলতে পারে, তাদের দেখা যাচ্ছে কিন্তু ছোঁয়া যাবেনা আর কথা শোনা যাবে শুধু দুদিকে রাখা ফোন তুললে।

আমাকে গার্ড কাউন্টারের এপাশে রাখা একটা টুলে বসতে বলল, দেখি কাঁচের ওপাশে ছোট্ট চেহারার লোক বসে রয়েছে, মুখ দাড়ি গোঁফ ভর্ত্তি। আমাকে দেখেই হাত তুলে দেখালো ফোনটা তুলতে। ফোন তুলতেই একটা হেঁড়ে গলায় শুনতে পেলাম, ‘hallo, Mrs. Chatterjee how are you’? এটাই কি সেই Steve? আমার কাছে কেমন অবিশ্বাস্য লাগছে, যে Steve কে আমি পড়িয়েছি তার সঙ্গে কোন মিলই খুঁজে পেলাম না। ‘Mrs. Chatterjee, I am excited, overwhelmed and utterly pleased to see you’. বলেই কাঁদতে শুরু করল তার মায়েরই মতো, ‘Mrs. Chatterjee, please help me to get out of this hell. I believe you are the only person that can help me’. আমারও চোখ শুকনো থাকল না। তার কথায় জানতে পারলাম সে কলেজে পড়াশুনো করার সময় পার্টটাইম bartender এর কাজ করত পড়াশুনোর কিছু খরচ তোলার জন্য। যেদিন ঘটনা ঘটে সেদিন মধ্যরাত্রে bar বন্ধ করে যাওয়ার মুখে চারজন drunkard ঝগড়া করতে করতে bar এ ঢুকল, ঢুকেই অর্ডার করল whiskeyর। Steve যখন জানালো বার বন্ধ।

(৭)

হয়ে গেছে তখন তারা নিজেরাই ক্যাবিনেট খুলে বোতল বার করবার চেষ্টা করল। Steve তৎক্ষনাৎ পুলিশে ফোন করবার সঙ্গে সঙ্গে তারা তাকে মারতে ছুটে এল, একটা brawl শুরু হয়ে গেল। ওদের একজন তার দিকে ছুটে আসতেই সে সরে গিয়ে পালাতে গেল। পেছন দিক থেকেও আর একজন তাকে ছুরি মারবার জন্যে দৌড়ে আসছিল। Steve সরে যেতেই পেছনের লোকটার ছুরি সামনের লোকটার বুকে বিদ্ধ হয়ে যায় এবং তৎক্ষনাৎ তার মৃত্যু হয়। সমস্ত ঘটনাটা এত অল্প সময়ের মধ্যে ঘটে গেল যা Steven এর কাছে এখনও বোধগম্য হচ্ছেনা। পুলিশ সঙ্গে সঙ্গে আসে, কিন্তু যখন পুলিশ রিপোর্ট বেরোল সবাই তাকেই খূনী সাব্যস্ত করল।

পরের দিন ব্যাপারটা আমি principal কে জানালাম, তিনি খুব খুশী হলেন যে আমি Steveএর সঙ্গে দেখা করে এসেছি বলে। প্রথমতঃ সে আমাদের প্রাক্তন ছাত্র, দ্বিতীয়তঃ সে নির্দোষ। এর পরের কয়েকমাস আমাকে যা দৌড়োদৌড়ি করতে সে সব কাহিনী লিপিবদ্ধ করতে গেলে মহাভারত হয়ে যাবে। Principal এর চিঠি নিয়ে district superintendent, mayor, councilmen এবং শেষ পর্য্যন্ত congressmen এর কাছে যেতে হল, যদিও প্রথম যোগাযোগগুলো উনিই করে দিলেন।

অনেকে অনেকরকম ভাবেই সাহায্য করল কিন্তু মোটামুটি সব জায়গায় আমাকেই যেতে হল। কতদিন ধরে , কত ঘাট ঘুরে, কত কথা বলা বিভিন্ন লোকের সঙ্গে, কত চিঠি লেখা, কত ফোন করা ইত্যাদির মধ্যে, টালমাটালের মধ্যে দিয়ে গেল দিনগুলো। স্কুলের কাজ তাইবলে অব্যাহত রইল না। এই করতে করতে সামার এসে গেল, স্কুল

(৮)

বন্ধ হলো, আমিও সামারের ছুটি উপভোগ করবার জন্য উন্মুখ হয়ে রইলাম। নতুন বছর শুরু হল সেপ্টেম্বর মাসে। সেপ্টেম্বর থেকে নভেম্বর অবধি dancing with the wolf এর মতো দিন চলে। Thanksgiving থেকেই শুরু হয়ে যায় খ্রীষ্টমাসের দিন গোনা। সারাক্ষন লেগে রয়েছে নানারকম অনুষ্টান, বিভিন্ন জায়গায় class trip আর সেই ছুতোয় ছেলেমেয়েদের ক্লাস কামাই। খ্রীষ্টমাসের ছুটির দুদিন আগে হচ্ছে Alumni day. সেদিন স্কুল হাফ ছুটি হয়ে যায় কিন্তু বিরাট বড় অনুষ্টান। যেহেতু অডিটোরিয়াম সারানো হচ্ছে তাই এবছর gymnasium এই সব অনুষ্টান হবে। পুরোনো ছাত্রছাত্রীরা সব আসে, নাচ, গান, খানা পিনা, হৈচৈ চলে বাকী সময়টা।

আমিও খাতা পত্র ক্যাবিনেটে ঢুকিয়ে নীচে গেলাম, gymnasium ঢুকে দেখি DJর বাজনা তারস্বরে বাজছে। আমাদের সেখানে উপস্থিত থাকতেই হবে কারন ছেলেমেয়েদের তদারকি করতেই হবে সে যতই কানফাটানো আর মাথাধরানো music বাজুক।

আমি ঢুকতেই কতকগুলো ছেলেমেয়ে হৈহৈ করে দৌড়ে এসে টানাটানি করে gym এর মাঝখানে যেখানে তারা dance floor তৈরী করেছে সেখানে টেনে নিয়ে গেল। যত বলি পায়ে ব্যথা নাচতে পারবোনা কে কার কথা শোনে। অতঃপর salsa, mumbo, cha cha cha, snake dance হ্যানা ত্যানা নানারকমের নাচ তাদের সঙ্গে নাচতে হলো। চারিদিকে সব হাতে তালি দিয়ে বাজনার সাথে সাথে 'go, Mrs. Chatterjee, go Mrs. Chatterjee' বলে সব cheer করছে।

(৯)

একদলের হাত থেকে ছাড়া পাই তো আর এক ধরে। বেশ কিছুক্ষন পরে তারা আমাকে ক্ষান্ত দিল। আমি একটা চেয়ার টেনে বসে পড়লাম।

'Hallo, Mrs. Chatterjee', বলে একটি ছেলে সামনে এসে দাঁড়ালো। Steven Hawkins, দেখেই চিনতে পারলাম দাড়ি গোঁফ কামানো মিষ্টি চেহারার Steve. আশ্চর্য্য হয়ে গেলাম, তাহলে সে ছাড়া পেয়ে গেছে জেল থেকে। 'Hallo Steve, how are you'? 'I am just fine, thank you' বলে জড়িয়ে ধরে গালে একটি চুমো দিল।

Gym এ কানফাটানো আওয়াজে তার একটা কথাও শুনতে পারছিলাম না। Steveকে সঙ্গে করে আমার ক্লাসরুমে নিয়ে যাবার আগে Susanকে বললাম কেউ যদি জিজ্ঞেস করে আমি কোথায় তাহলে বলবে আমার পায়ে ব্যথা করছে তাই ওপরে গেলাম। Susan মুচকি হেসে বলল, 'your camaraderie is incredible'. 'But, of course', বলে আমি এগিয়ে গেলাম।

ক্লাসরুমে ঢুকে Steve মন্তব্য করল, 'it looks the same, hasn't changed a bit except that the furniture have been moved around'. আমাকে কিছু জিজ্ঞাসা করবার ফুরসত না দিয়েই Steve আর একবার আমাকে জড়িয়ে ধরে বলল, 'it all happened because of you Mrs. Chatterjee'. 'What happened'? আমি জানতে চাইলাম। 'That I am released from the jail term, that I got the fair trial, got out of incarceration, all because of you'. Steve জানালো আমাকে।

(১০)

আমার চেষ্টায় সে তার জীবন ফিরে পেয়েছে? অবিশ্বাস্য। আমি যে তার সঙ্গে দেখা করে, সমস্ত details নিয়ে কত লোকের সঙ্গে দেখা করে গাদা চিঠি লিখে কত important লোকের recommendation যোগার করে justice department এ পাঠিয়েছি যা তাকে নির্দোষ সাব্যস্ত করতে সাহায্য করেছে এ আর কেউ তার জন্য করতনা, এটাই তার বিশ্বাস। 'Nobody would've done that for me Mrs. Chatterjee'. 'How do you know'? আমি বললাম। 'I know, I know, I asked my heart, you are the one and only. That's why I told my mom to see you and nobody else'.

ছুটির ঘন্টা শোনা গেল। আরও দুচারটে কথার পর Steve বিদায় নেওয়ার জন্য প্রস্তুত হলো। যাবার আগে তার হাতে ধরা একটি প্যাকেট আমাকে দিল, আরেকবার আমাকে জড়িয়ে ধরে গালে একটি চুমো দিয়ে বেরিয়ে গেল। বাড়ী ফিরে রাত্রে শুতে যাবার আগে ভাবলাম দেখি প্যাকেটটা খুলি।

কাল সকালে আর ঘুম থেকে সাতসকালে উঠতে হবেনা, একটু দেরী করে শুতে যাব। নিজের ঘরে গিয়ে প্যাকেটটা খুলে দেখি কি আছে, ভাবলাম একটা ছবির ফ্রেম হবে হয়তো। কিন্তু একি! এ যে আমারই মুখ হাতে আঁকা ফ্রেমের মধ্যে। ছবির আমাকে দেখে মনে হচ্ছে কি নিষ্পাপ একটি মুখ, জ্যোতি বেরোচ্ছে। এ কাকে এঁকেছে Steve? আমি নিশ্চয় জানি আমি এত নিষ্পাপ নই। ভারী আশ্চর্য্য হয়ে গেলাম। এর আগে বহু Art majorএর ছেলেমেয়েরা আমার ছবি এঁকে উপহার দিয়েছে। Steve এর Art major ছিল স্কুলে কিন্তু এই ছবিটা সম্পূর্ণ আলাদা।

(১১)

আমার মুখটা ঠিকই আছে, তার থেকে যে চমৎকার স্বর্গীয় আভা বেরোচ্ছে সেটা তার কল্পনা। Steve কি আমাকে স্বর্গের দেবী ঠাউরালো? বুঝতে পারলাম আমার মধ্যে সে দেবীই দেখেছিলো যে তাকে ঐ নরককুন্ড থেকে উদ্ধার করবে। হঠাৎ চোখে জল এসে গেল। শৈশব ও কৈশোর মনে একবার যে ছাপ পড়ে সে আর কিছুতেই মোছা যায়না। সেই ১৪ বছরের Steve আমাকে যে চোখে দেখেছিলো সেটাই তার সারাজীবনের পাথেয় হয়ে রয়েছে। এজন্যই বলে ‘childhood memories haunt’. চোখের জল মুছে আর একবার ছবিটিকে ভাল করে নিরীক্ষন করে দেখলাম, ছবির তলায় ডানদিকের কোনে ছোট ছোট অক্ষরে লেখা আছে ‘Steven Hawkins, Incarcerated in Pennsylvania.

গল্প

# দেবা ন জানন্তি কুতোঃ মানবা


দিলীপ চক্রবর্তী
মার্কিন যুক্তরাষ্ট্র


সুজন প্লেনে উঠে নিজের সিটে বসল। লম্বা জার্নি, প্রায় দশ ঘন্টা প্লেনে থাকতে হবে। প্লেনে থাকার শারীরিক অস্বস্তির কথা একমাত্র তারাই জানে যারা বিমানে দীর্ঘ সময় ধরে থাকে। দীর্ঘ সময় থাকার উৎকণ্ঠা, ওর মনে আরেকটা উত্তেজনা কাজ করছে। সেটা হল প্রায় বিশ বছর পরে দেশে যাচ্ছে। সেই বাবার মৃত্যুর পরে দেশে গিয়েছিল, পারলৌকিক ক্রিয়া কর্মের জন্য। তারপর আর যায় নি। মা বাবা না থাকলে দেশের প্রতি আগ্রহ অনেকেরই কমে যায়, সুজনে১রও সেটাই হয়েছিল, দেশের আকর্ষন কমে গিয়েছিল।

হঠাৎ বাবার মৃত্যুর পর দেশে আসার কথা মনে হল। বিশেষ করে বড়দার কথা। শ্রাদ্ধ শেষ হওয়ার সাথে সাথেই ওদের বাড়ি ভাগের কথা উঠেছিল, কথাটা বড়দাই তুলেছিল। সুজন বিদেশে থাকে এ অজুহাতে সুজনকে বাড়ির অংশ দিতে চায় নি। বড়দা বলেছিল – তুই তো আর দেশে ফিরবি বলে মনে হয় না, তাই তোর অংশটা আমাদের দিয়ে দে। মেজদা সৃজনও বড়দার সাথেই সুর মিলিয়ে বলেছিল – বড়দা ঠিকই বলেছে, তোর অংশটা ছেড়ে দে। তা ছাড়া অন্যান্য সম্পত্তি বিক্রি হলে তার ভাগ তুই পাবি। আর এখানে বেড়াতে এলে তুই আমাদের কাছেই থাকবি। একটু পরে জিজ্ঞেস করেছিল – কিরে, দাদাদের কাছে থাকতে তোর কোন আপত্তি হবে না তো? দুই দাদার কথা শুনে সুজন অবাক হয়ে গিয়েছে।

সবে শ্রাদ্ধ শেষে হয়েছে গতকাল। ঘরে বাবার সিগারের গন্ধ এখনও চারিদিকে উড়ে বেড়াচ্ছে, তার মধ্যেই দুই দাদার প্রস্তাবে সুজন বিরক্ত হল, তবে মুখে কিছু বলল না। ভাবল বড়বৌদিকে জিজ্ঞেস করে সব জানবে, তারপর ওদের সাথে বাড়ি নিয়ে কথা বলবে। তবে এটা বুঝেছে – মানুষ নিজের স্বার্থের জন্য সব কিছু করতে পারে, তখন লজ্জা বা দ্বিধার কোন অস্তিত্ব থাকে না, এমনকি ভাই বোনের জন্যও কোন স্থান থাকে না। পরদিন বৌদি বলেছিল – তোর দাদাদের কথা শুনে আমি খুব দুঃখ পেয়েছি। তুই এ প্রস্তাবে রাজী হ'স না, বিশেষ করে তোর দেওয়া টাকাতেই তো বাবা বাড়িটা সম্পুর্ন করতে পেরেছিলেন। এ কথাটা তোর দাদারা ভুলে গেল কি করে?

বৌদি, তোমার কাছে জানতে চেয়েছিলাম তুমিও কি বাড়ি নিয়ে দাদাদের মতই ভেবেছ? সুজনের কথা শুনে বৌদি বলেছিল – তোর টাকায় বানানো অংশটা আমি তোর জন্যই রাখব, এতে তোর দাদা বা কারো কোন অধিকার নেই। বলে আঁচলে চোখ মুছে বলেছিল – সুজন, এখন তুই বিশ্রাম কর, পরে তোর সাথে আমি কথা বলব। বলে ঘর থেকে চলে গিয়েছিল। এটাই হয়েছিল ওর সাথে আগের বার যখন দেশে এসেছিল। তবে এবার আলাদা কথা, এখন সুজনের কোন প্রত্যাশা নেই কারো কাছে। তা ছাড়া ওর জীবনের কাছে কিছু চাওয়ার নেই। ও নিজে একজন বিশেষজ্ঞ ইঞ্জিনীয়ার, কর্মক্ষেত্রে ওর সুনাম ও প্রতিপত্তির কথা কারিগরী জগতের সকলের কাছেই স্বীকৃতি পেয়েছে। আর্থিকভাবে অত্যন্ত সুপ্রতিষ্ঠিত।

সারা জীবন কাজ আর কাজই ছিল ওর জীবন, কখনও সংসার বা বিয়ের কথা মনে হয়নি, তা ছাড়া কে ই বা ওর কথা ভাববে। তবে হ্যাঁ, মোহর বৌদি অর্থাৎ বড়বৌদির কথা অবশ্য আলাদা, সব সময় চিঠিতে



বিয়ের কথা লিখত, আর প্রতিবার সুজন লিখত – বৌদি, আমি এসব ভাবার সময় পাইনি, তা ছাড়া কাজ নিয়ে ব্যস্ত আছি, এটাই আমার ভালো লাগে, তিন ভাইএর একজন না হয় বিয়ে না ই করল। ওর কথা ভেবে মোহর কষ্ট পেত, ভাবত শাশুড়ীর শেষ কথাটা হয়ত ও আর রাখতে পারবে না। মৃত্যুর কিছুদিন আগে শাশুড়ী ওর হাতটা নিজের হাতে নিয়ে বলেছিলেন – বৌমা, সুজনের সাথে আমার আর হয়ত দেখা হবে না, তুমি ওকে একটু দেখে রেখো, ওর বিয়ে দিও একটা ভালো মেয়ের সাথে। ওর বিয়ে না হলে আমি মরেও শান্তি পাব না । তারপর একটু দম নিয়ে শাশুড়ী বলেছিল – ছোটবেলা থেকেই সুজন বড় সরল আর দুই দাদাকে খুব বিশ্বাস করে, কিন্তু বড় ভাই দজন ওকে সব সব কিছুতেই ঠকাতো, সে জন্য সুজনের প্রতি আমার একটু নজর থাকত সব সময়, ওর দরদী মনের সুযোগ নিয়ে আমার জন্য সুজনের টাকাটা ওরা দুভাই মিলে কেমন আত্মসাৎ করে দিল, দেখলে তো? পারলে ওরা সুজনকে বাড়ি থেকেও বঞ্চিত করবে। তুমি দেখো – সুজন যেন ওর প্রাপ্য অংশ পায়। তোমার কাছে এটাই আমার অনুরোধ। মোহর শাশুরীর হাতে মৃদু চাপ দিয়ে বলেছিল – মা, আপনি ভাববেন না, আমি সুজন দেশে এলেই ওর বিয়ে দিয়ে দেব সুন্দরী একটা মেয়ের সাথে। বৌমার কথা শুনে শাশুড়ী আস্বস্ত হয়ে বলেছিল – সেটাই কোর বৌমা। তার কিছুদিন পরে শ্বাশুড়ী প্রয়াত হলেন, অনুজও আর দেশে আসেনি, মোহর শাশুড়ীকে দেওয়া কথা রাখার আর কোন সুযোগ পায় নি। এখন সুজন এসেছে, মোহর শাশুড়ীকে দেওয়া কথা রক্ষার কথা ভাবছিল।

পিতা মাতা সর্বদা প্রতিটি সন্তানকে তাদের স্নেহ ভালবাসা সমানভাবে দিয়ে থাকে, তবে যে সন্তান দুর্বল, তার প্রতি হয়ত তাদের সাহায্যের হাত একটু বেশী থাকে, এটা পক্ষপাতিত্ব নয় বরং দুর্বলকে সবল করে তোলার প্রচেষ্টা মাত্র। মোহর ভাবল – এজন্যই তার শাশুড়ী সুজনের দায়িত্ব দিলেন বৌমাকে। তবে মোহর এটাও লক্ষ্য করেছে – সুজনের দুই দাদা সুজনের প্রতি উদাসীন। সুজনের প্রতি ওদের কোন আগ্রহই নেই। মোহর এটাও ভাবল – প্রতিটি সংসারেই দু এক জন থাকে এবং যারা নিজেদের স্বার্থের জন্য কোন কিছুই করতে দ্বিধা করে না।

পরদিন সকালে ব্রেকফাস্ট টেবিলে লুচি আলুরদম দেখে সুজন উচ্ছ্বসিত হয়ে বলল – বৌদি, তুমি আমার প্রিয় খাবারগুলির কথা এখনও মনে রেখেছ। আবার নারকেল নাড়ুও আছে দেখছি। এসব কি আমার জন্যই বানিয়েছ? খুশিতে সুজনের মন ভরে গেল, ভাবল – বৌদি আগের মতই ওকে ভালোবাসে। এ ভালোবাসায় কোন স্বার্থ লুকিয়ে নেই, কেবল স্নেহ ও মমতা আছে। মোহর সস্নেহে বলল – তাড়াতাড়ি খাওয়া শেষ করো, তোমার সাথে আমার অনেক কথা আছে। এমন সময় দরজায় কড়া নারার শব্দ, দরজা খুলে মোহর দেখে ওর বন্ধু বন্যা এসেছে। বন্যাকে ভিতরে এনে খাবার টেবিলে বসতে বলল। তারপর বন্যার দিকে তাকিয়ে বলল – চিনতে পেরেছিস, আমার দেওর সুজন ইংল্যান্ডে থাকে। বন্যা বলল – বাবা, ওকে আমাদের পাড়ায় কে না চেনে, মেধাবী ইঞ্জিনীয়ারিং এর ছাত্র সুজনকে সকলেই চেনে, আমিও চিনি। বন্যাকে দেখে সুজন ভাবল – বন্যা তেমনই সুন্দর দেখতে, আগের মতই, শুধু দুপাশের রূপালী রেখাগুলি ওর ব্যাক্তিত্বকে আরও প্রখর করে তুলেছে,, বুঝতে পারল না, ওর বিয়ে হয়েছে কি না। ইঞ্জিনীয়ারিং পাশ করে বন্যাকে বিয়ে করতে চেয়েছিল, কিন্তু বন্যা রাজী হয়নি, ও তখন আরও লেখাপড়ার কথা ভাবছিল, ওর স্বপ্ন ছিল পি,এইচ,ডি করবে। তারপর বিয়ের কথা ভাববে। তারপর হঠাৎ সুযোগ পেয়ে সুজন ইংল্যান্ডে চলে যায়।

তারপর আর কখনো বন্যার কথা মনে হয়নি। কিন্তু বন্যার হয়েছিল অন্য সমস্যা। শিক্ষা শেষে কলেজে অধ্যাপনার সুযোগ পেল। হঠাৎ করেই ওর মাথায় দুর্ভাগ্যের বাজ পরল, অল্প সময়ের ব্যবধানে মা বাবার মৃত্যু হল, মাথার উপর আর কেউ রইল না, এতটাই ভেঙ্গে পরেছিল যে ভবিষ্যতের কথা, ওর নিজের ইচ্ছা অনিচ্ছা কন কিছুরই মূল্য ওর কাছে ছিল না, শুধু রুটিন মাফিক কলেজ আর বাড়ি বাড়ি আর কলেজ, এটাই হয়ে গিয়েছিল ওর জীবন। ঠিক এ সময়ই মোহরদি ওকে হতাশার গভীর সমুদ্র থেকে উপরে টেনে তুলেছিল। আস্তে আস্তে বন্যা আবার স্বাভাবিক হয়েছিল। ইতিমধ্যে ওদের খাওয়া শেষ হল। মোহর বৌদি বলল – চল, আমরা আমাদের বাড়ির নতুন অংশে গেয়ে বসি।

খুব সুন্দর করেছে বাড়ির এ অংশটা, সুন্দর সাজানো বেডরুম, বসার ঘরটা খুব সুন্দর সোফা দিয়ে সাজানো হয়েছে। দেওয়ালের ছবিগুলি নিশ্চয় বৌদির পছন্দমত লাগানো হয়েছে। সব দেখে সুজন বলল – বৌদি, খুব সুন্দর হয়েছে সবকিছু।

নিশ্চিন্ত হলাম তোমার পছন্দ হয়েছে জেনে। এটা আমি তোমার জন্যই সাজিয়েছি – একটু হেসে ওর বৌদি বলল। তারপর বলল – চল আমরা সবাই একটু কফি খাই।

বন্যা খুশি হয়ে বলল – মোহরদি, তুমি তোমার দেওরের সাথে কথা বলো, আমি কফি করে আনছি, বলে ঘর থেকে বেড়িয়ে গেল।

মোহর একটু হেসে সুজনের দিকে তাকিয়ে হাতের ব্যাগটা খুলল। তারপর একটা ছোট্ট হিসেবের বই বের করে বলল – এর মধ্যে মায়ের হাতে লেখা টাকার হিসেব আছে, মা থাককালীন তুমি যত টাকা মাকে দিয়েছ। মায়ের মৃত্যুর পরে আমি নিজে লিখেছি। এতে তুমি মোট কত পাঠিয়েছ, আর কত খরচ হয়েছে, এমনকি এ অংশ তৈরি করতেও তোমার টাকা খরচ করা হয়েছে। তারপর বাড়ির দলিল আর ব্যাংকের পাশ বই সুজনের হাতে দিয়ে বলেছিল – মা আমাকে বলেছিলেন – সুজনকে দেখো বৌমা। আমি মার আদেশ পালন করলাম আজ। সব কিছু নিয়ে আমাকে এ গুরু দায়িত্ব থেকে মুক্তি দাও। এসবের মালিক আজ থেকে তুমি, কেউ তোমার থেকে নিতে পারবে না – এটা ছিল আমাদের মায়ের আদেশ।

বৌদির কথা শুনে সুজন অবাক হল। বলল – বৌদি, তুমি আমার জন্য বাড়ি, টাকা এত সুন্দর করে গুছিয়ে রেখেছ। জানো বৌদি, ছোট বেলা থেকেই আমার দুই দাদা আমাকে নিয়ে নানা রকম তামাশা করত, আমার অনেক সময় রাগ হত, কিন্তু এটাও বুঝতাম ওরা আমার থেকে আলাদা, হয়ত আমাকে আমার সাফল্যের জন্য হিংসে করে, সেজন্য কখনও প্রতিবাদ করিনি, কারণ আমি ওদের দুজনকেই ভালোবাসি, সেজন্যই ওরা যখন যেটা আমার কাছে চেয়েছে, আমি দিয়েছি।

কাল যে বাড়ি দেওয়ার কথা বলল, আমি তো ওদেরকে দেবই ভেবেছি। ওরা হয়ত ভাবে – আমি বোকা, কিন্তু আমি বোকা নই, আমি ওদের দুজনকে দাদার মতই ভালোবাসি, আর সে জন্য ওরা যদি আমাকে ঠকিয়ে খুশি হয়, তো হোক না, আমার তো ওদের কাছে কিছু চাওয়ার নেই, মা বাবার আশীর্বাদে আমার যা আছে সেটা নিয়েই ভীষণ খুশি ও সন্তুষ্ট, সেজন্য আমার কোন চাহিদা নেই কারো কাছে।

দাদারা আমার অংশ নিয়ে যদি সুখী হয়, তবে তাই হোক, ওরা সুখে থাকুক, ওরা ভালো থাকুক – ঠাকুরের কাছে এটাই আমার প্রার্থনা। কারণ আমি জানি – যে অসন্তুষ্ট সেই দরিদ্র। আরও বলল – বৌদি,এ দলিল আর টাকা তুমি রেখে দাও তোমার কাছে, তুমি বড়দা আর মেজদাকে দিয়ে দিও। ওদের হয়ত দরকার তাই আমার কাছে চেয়েছে। আমার তো কোন প্রয়োজন নেই, আমি একা মানুষ, তা ছাড়া আমার প্রয়োজনের অনেক বেশী আছে। বলার পর বৌদির হাতে দলিল আর টাকা জোড় করে দিয়ে দিল।

বন্যা এতক্ষণ মোহর আর সুজনের কথা শুনছিল। এ পাড়ায় নির্জন, সৃজন আর সুজনকে সকলেই চেনে। ওরা তিন জনেই ছাত্র হিসেবে খুব ভাল ছিল, কিন্তু সুজন ছিল আলাদা, ওর মেধা সকলের দৃষ্টি আকর্ষন করেছিল ওর হায়ার সেকেন্ডারীর ফল দেখে। কিন্তু আজ ওর কথা শুনে বুঝল – সুজন শুধু মেধাবী নয়, মানুষ হিসেবেও একটি বিশেষ গুণের অধিকারী, একজন পরার্থপর মানুষ।

বন্যা তো এরকম একজন মানুষকেই জীবনের সাথী করতে চেয়েছিল। ভাবল, অনেক দেরী হয়ে গেছে। সুজন কি বন্যাকে আর তার জীবনে চাইবে? বন্যার চাঁদ পূর্ণ হয়েও আজ অস্তগামী। অস্তিম চাঁদের সৌন্দর্য বোঝার মত মানুষ আজ অতি বিরল। এমন সময় মোহর বন্যাকে বলল – তুই আমার দেওর সুজনকে বিয়ে করে স্থিতু হ, ও মানুষ ভাল, ওকে বিয়ে করলে তুই সুখী হবি।

আমি সুজনকে তোর কথা আগেই বলেছি, ও সব জানে, নিঃসঙ্গতা সুজনকে একাকীত্বের চাঁদরে জড়িয়ে রেখেছে, তুই ওকে জড়ানো চাঁদর থেকে বের কর নিয়ে আয়। তোর বয়সের কথা ভাবিস না, মেয়েরা অনেকটা খেজুর গাছের মত, দেখিস না খেজুর গাছের যত উপরে কাটে ততই খেজুরের রস মিষ্টি হয়, মেয়েরাও তেমন, ওদের বয়স যত বাড়ে ওদের প্রেমের জোয়াড় ততটাই উচ্ছ্বসিত হয় । এখন আমি যাচ্ছি, তোরা দুজনে কথা বলে দেখ, তোরা বিয়েতে বাজী হতে পারিস কি না। বলে ওদের দুজনের কাছে বিদায় নিল।

মোহর বৌদি চলে যাওয়ার পর ওরা দুজনেই কি বলবে ভাবতে পারছিল না। তাই চুপ করে ওরা বসে রইল। দুজনেরই এ নীরবতা অসহ্য মনে হল। সুজন নীরবতা ভেঙ্গে বলল – বন্যা, একবার তো প্রত্যাখ্যাত হয়েছি, তাই আর কিছু বলতে সাহস পাচ্ছি না। অবশ্য তখন আমি হয়ত তোমার যোগ্য ছিলাম না, আর এখন তো কোনমতেই নই। বৌদির ছেলেমানুষী আমাদের একটা অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে ফেলেছে। সুজন অস্বস্তির হাসি হাসল। তারপর একটু থেমে বলল – তুমি রাজী থাকলে আমার কোন আপত্তি নেই। আমি জানি আমাদের যৌবন জীবনের তলানীতে ঠেকেছে, কিন্তু আমাদের জীবন এখনও শেষ হয়ে যায়নি, আমরা আমাদের ইচ্ছেমত হেসে খেলে আমাদের জীবন কাটাতে পারি।

সুজনের কথা শুনে বন্যা লজ্জিত হয়ে বলল – আমার তখন বয়স কম ছিল, দুচোখে স্বপ্ন দেখেছিলাম, আর সে জন্য হীরে আর কাঁচের পার্থক্য বুঝতে পারিনি, সে জন্য আমি নিজের কাছেই অনুতপ্ত। আমার মনে হয় না এ ব্যাপারে আমাদের আর কোন কথা বলা উচিত কারণ আমার দেওয়ার মত কিছু নেই। যৌবনোত্তীর্ণ মেয়েদের জীবনটা শুধু শেষের দিকে বয়ে যায়, আর চলার পথে কিছু দেওয়া বা পাওয়ার সম্ভাবনা থাকে না। আমার আশঙ্কা – এ সম্পর্কে আমার কিছু দেওয়ার নেই। আমি জেনে বুঝে একটা নিস্ফলা সম্পর্কে কাউকে এনে ঠকাতে চাই না। যেমন আছি তেমনভাবেই জীবনের শেষ দেখতে পেলে খুশি হয়ে যাবো।

জীবন বড় অনিশ্চত, পলকের পরিবর্তন সুদূরপ্রসারী হতে পারে, আবার না ও হতে পারে। কিন্তু সময় থেমে থাকে না। ইচ্ছে থাকলেও মানুষ কখনও পুরোনো সময়ে ফিরে যেতে পারে না, এটাই প্রকৃতির নিয়ম। সুজন আর বন্যা স্থির করল – ওরা নিজেদের পথেই আলাদা আলাদা চলবে। কোন ফল একবার পেকে গেলে তাকে আর কাঁচা করা যায় না।

মোহর বৌদি ওদের কথা শুনে একটু হতাশ হল। ভেবেছিল – ওদের চার হাত এক সাথে করে দিলে ওরা সুখে থাকবে আর মাকে দেওয়া কথাও রাখা হবে। ওই যাকে বলে এক ঢিলে দুই পাখী মারা। নিরাশ হয়ে বৌদি বলল – তোমরা আমার একটা কথা রাখবে? আমি বলি কি -তোমরা এখনই কোন সিদ্ধান্ত না নিয়ে বরং তোমরা দুজনে কোথায়ও বেড়াতে যাও এক সাথে। তোমাদের যাবতীয় খরচ আমি দেব বলে দুজনের হাতে দু বান্ডিল টাকা দিল। বন্যা ভাবল – নতুন কোন জায়গায় বেড়াতে গেলে একজন পুরুষ সাথে থাকলে কোন শিয়াল কুকুরের উপদ্রব হবে না। অনুজ একটা ঢাল হয়ে ওকে রক্ষা করবে। তাই বৌদির কথায় বন্যা রাজী হয়ে বলল – আমার কোন আপত্তি নেই, তবে আমার খরচ আমি নিজে দেব, বৌদি, এই নাও তোমার টাকা। বৌদির প্রস্তাবে সুজন আপত্তি করল না। ভাবল, কটা দিন বন্যার সাথে বন্ধুর মত কাটালে ক্ষতি কি? ও তো এক সময় বন্যাকে নিজের করেই পেতে চেয়েছিল। ভাবল – বেড়াতে গিয়ে হয়ত বন্যার মতের পরিবর্তন হবে। একটা প্রবচনের কথা ভেবে মনে একটু সাহস পেল – স্ত্রীয়াশ্চিত্রম পুরুষস্য ভাগ্যম দেবা ন জানন্তি কুতো: মানবা।” ওর অবস্থা - আশায় থাকে চাষায়।

ফিচার

# ব্যতিক্রমী দুর্গাপুজো

ড. শিবশঙ্কর পাল
ভারত

সারা বাংলা তথা বীরভূমের বিশেষ বিশেষ স্থানে দুর্গাপুজোয় কিছু ব্যতিক্রমী রীতি মানা হয়। সেসব রীতির পিছনে আছে একটা ইতিহাস। বিশেষ পরিবারের কাহিনি। সেসব ইতিহাসের হাত ধরে পুজোর আচার আচরণ থেকে প্রতিমার অবয়ব, গঠনেও দেখা যায় ব্যতিক্রম। ওসব ব্যতিক্রমকে সামনে রেখে বহু বছর ধরে হয়ে আসছে দুর্গাপুজো।

বাংলা বা বীরভূম ঘুরে পুজা পরিক্রমা করলে সেসব দৃশ্য দেখা যায়। তবে অধিকাংশ ক্ষেত্রে কোনও বিশেষ পরিবার ব্যতিক্রমী পুজোগুলোর ধারক ও বাহক। বীরভূম সংলগ্ন ঝাড়গ্রামের শালবনি এলাকা। সেখানে আদিবাসী সম্প্রদায়ের বাস। আদিবাসীদের সমাজে নারী ও শিশুর সঙ্গে পুরুষের যুদ্ধ করা নিষিদ্ধ। কিন্তু সেই নারীকে সামনে রেখে সব দেবতা মিলে বধ করল অসুরকে। তাই অসুর তাদের কাছে উপাস্য দেবতা। শালবনিতে হুদুর দুর্গা পুজো হয়। যেখানে আদিবাসী সম্প্রদায় পুজো করে অসুরকে। এরকম জলপাইগুড়ি জেলার নাগরাকাটা অঞ্চল। এখানে দুর্গাপুজোর সময় আগে অশৌচ পালন করা হত। তারা এখনও নিজেদের অসুর সম্প্রদায়ের মানুষ বলে পরিচয় দেয়। বর্তমানে তারা দুর্গাপুজোতে অংশ নেয়, তবুও অসুর তাদের কাছে আজও বীরত্বের প্রতীক। আবার যদি মলদা জেলার দিকে মুখ ফেরানো যায় তাহলে দেখা যায় আরেক চিত্র। মলদা জেলার ভাঙাদীঘি গ্রামে দুর্গাপুজোর আয়োজন করে আদিবাসী সম্প্রদায়। তবে এখানের দুর্গাপুজোতে কোনও সংস্কৃত মন্ত্র উচ্চারিত হয়না। আদিবাসীরা নিজেদের ভাষায় মন্ত্র উচ্চারণ করে পালন করে দুর্গাপুজো। বর্ধমান পুরুলিয়া জেলার আদিবাসীরাও মান্য করে অসুরকে। দুর্গাপুজোর সময় সেখানে দাঁশায় নাচের আয়োজন করা হয়। এই নাচ অসুরকে হত্যা করার জন্য শোকপ্রকাশের নামান্তর। তবে এই নাচে নারীরা অংশ নেয়না। পুজোর সময় দাঁশায় নাচের মধ্য দিয়ে অসুরের জন্য শোকপ্রকাশ করে আদিবাসী পুরুষরা। আবার হুগলী জেলার পাটুলি নামক স্থানে একটি দুর্গাপুজো হয়। পাটুলির মঠবাড়িতে যে দুর্গার প্রতিমা তৈরী করা হয়, সেখানে দুর্গা দশভূজা নন। তিনি দ্বিভুজা। তবে বাংলার বিভিন্ন প্রান্তে কখনও ত্রিভুজা, চতুর্ভুজা, অষ্টভুজা দুর্গাও দেখা যায়। অনেক জায়গায় বাকি হাতগুলো পিছনের দিকে লুকিয়ে রাখা হয় বা হাতের আকার ক্ষুদ্র হয়। মা দুর্গা সেখানে অসুরকে বধ করার মূর্তি নিয়ে দাঁড়িয়ে থাকেন না। হাতে থাকে ফুল। কখনও হাত অভয় মুদ্রা ধারণ করে। পাটুলির দুর্গা দুটি হাত নিয়ে দণ্ডায়মান। এখানে আজও অতীতের নরবলির স্মৃতি হিসাবে নরবলির প্রতীকি আয়োজন করা হয়। তাছাড়া তালপাতায় লেখা প্রাচীন পুঁথি পাঠ করে সম্পন্ন করা হয় দুর্গাপুজো। আদিবাসী সমাজের কাছে মারাংবুরু উপাস্য দেবতা। সেই মারাংবুরু পুজোর যে নিয়ম সে নিয়মে কোথাও হয় দুর্গাপুজো। মারাংবুরুর পুজা পদ্ধতি মেনে আসানসোলের নিয়ামতপুর গ্রামে হয়ে আসছে দুর্গাপুজো। এখানে দুর্গাপ্রতিমা বিসর্জন করা হয় না, তাই দশমীর দিন বিদায়ের শোক নেই এখানে। মণ্ডপে মা সারাবছর বিরাজ করেন। তবে নিয়ামতপুরে কার্তিকের পাশে দেখা যায় নরসিংহ। আবার নবমীর দিন এখানে আয়োজন করা হয় যুদ্ধের। দুর্গা-অসুরের যুদ্ধের প্রতীকি যুদ্ধ হয় ভক্তদের মধ্যে। যা দেখার বিষয়। আসানসোলের এমন একটি গ্রাম আছে যেখানে বহু আগে দুর্গাপুজো শুরু হয়ে যায়।



এখানের ধেনুয়া গ্রামে পুজো শুরু হয় মহালয়ার দিন। শুরু-শেষ মহালয়াতে। বিসর্জন হয় মহালয়ার দিন। এরকমই আদ্ভূত পুজো এখানে। আবার মুর্শিদাবাদ জেলার সাহোড়া গ্রাম। সেখানে দুর্গা প্রতিমার চালাতে থাকে জয়া ও বিজয়া। মূলত পাঁচ পুতলার প্রতিমা এটি। (দুর্গা জয়া-বিজয়া, অসুর সিংহ মহিষ) এখানের প্রতিমায় লক্ষী সরস্বতী কার্তিক গণেশ থাকেনা। দক্ষিণ দিনাজপুরের ফুলহারা গ্রামে আবার অন্য ছবি। সেখানে মিশে গেছে দুর্গা-মনসা। এখানে যে দুর্গা হয় তা আসলে মা মনসা। সেখানে শিবকে দুর্গার পাশে বসতে দেখা যায়। যে দুর্গা আসলে মনসা। অসুরদলনী মনসা। কোনও কোনও জায়গায় মায়ের শুধু (গলা থেকে মুখমণ্ডল) মুখকে পুজো করা হয়। কোথাও শিবের সঙ্গে থাকে গোটা পরিবার, অসুরহীন। কেননা মেয়ে এসেছে ঘরে।

দুর্গাপুজো হয় ছ'দিন ধরে। মূলত ষষ্ঠী থেকে দশমী। কিন্তু এরও ব্যতিক্রম হতে দেখা যায়। সেটা হয় বীরভূমের উত্তর প্রান্তের এক গ্রাম মিত্রপুরে। যে গ্রামে আছে মহেশপুরের রাজার গল্প। সেখানের দুর্গা মন্দিরে যে সিংহবাহিনী দুর্গা আছে সেখানে দুর্গা অসুর মহিষ সিংহ ছাড়া আর কিছু থাকেনা। আবার সেই সিংহের মুখ নরসিংহের মুখের মতো। মিত্রপুরের দালানবাড়িতে যে দুর্গা হয় সেখানে আবার এগারো পুতলার প্রতিমা। সেখানে দুর্গা গণেশ কার্তিক লক্ষী সরস্বতী  অসুর সিংহ ছাড়া থাকে জয়া ও বিজয়া। নিচে থাকে বরুণদেব ও রামচন্দ্র। এই এগারো পুতলার পুজো চালু করেন মহেশপুরের রাজা। ১০৮টি ডাকাতকে সংহার করার প্রায়শ্চিত্ত হিসাবে। মিত্রপুরের কর্মকার বাড়িতে আরেকটি পুজা হয়। যেটি সিংহবাহিনী। চালে থাকে দুর্গা সিংহ অসুর মহিষ। আর কেও থাকে না। তবে এখানে পুজো শুরু হয় অষ্টমীর দিন। অষ্টমীর দিনই মন্ত্র পাঠে ষষ্টি সপ্তমি অষ্টমির পুজো সম্পন্ন করা হয়। অর্থাৎ অনেকটা একদিনের পুজো এটা। নবমী দশমীর দিন নামমাত্র ফুলজল দেওয়া হয় মাকে। মূলত (অষ্টমি) একদিনের এই পুজো প্রায় পঞ্চাশ বছর আগে শুরু করেছিলেন মিত্রপুরের বঙ্কিম কর্মকার। লোকপাড়ার কাছে মানকর গ্রামে মায়ের প্রতিমা আবার অন্যরকম। প্রায় চারশো বছর ধরে এই পুজো চলে আসছে। সেখানে গনেশের সঙ্গে থাকে সরস্বতী এবং কার্তিকের সঙ্গে লক্ষী। বোলপুরের পাশে রায়পুর গ্রাম। সেখানের রায় পরিবারের পুজো কয়েক শতাব্দী প্রাচীন। এখানে বেদীতে বসে থাকে শিব-দুর্গা। শিবের পাশে থাকে দক্ষরাজ। দুর্গার পাশে থাকে নারদ। কর্তিক গণেশ লক্ষী সরস্বতী এখানে থাকেনা।

মল্লারপুরের রায়বাড়ির পুজোর গল্প মল্ল রাজার সঙ্গে জড়িত। জগন্নাথ রায় এই পুজোর প্রতিষ্ঠাতা। এখানে দেবী কুমারী রূপে পূজিতা। দশভুজা না হয়ে এখানে দেবীর দুটি হাত। দেবীর অন্নভোগ এখানে হয়না। সিউড়ি থেকে একটু দূরেই নগরী গ্রাম। সেখানের রায় পরিবারের দুর্গাপুজোতে আছে স্বাদেশীকতার ছাপ। একই কাঠামোতে প্রতিবছর ওখানে পুজো করা হয় আজও। রামপুরহাট এক নম্বর ব্লকের সুলুঙ্গা গ্রাম আদিবাসী অধ্যুষিত। ব্রিটিশদের দেশ ছাড়া করতে তারা মা দুর্গার স্মরণাপন্ন হয়। এখানে পুজোর পৌরহিত্য করে আদিবাসীরা নিজে। এবং মায়ের কাছে মানত করে যদি ব্রিটিশ দেশ ছাড়ে তাহলে সাদা ছাগ বলি দেওয়া হবে। সে প্রথা আজও চলে আসছে।

দক্ষিণগ্রামের রায় বাড়ির পুজোর ইতিহাস কমবেশী পাঁচশো বছরের। পুজো শুরু করে গোপাল আচার্য। বোধনের দিন (ষষ্টির দিন থেকে বারো দিন আগে) থেকেই এখানে পুজো শুরু হয়ে যায়। বোধন থেকেই শুরু হয়ে যায় চিঁড়ের ভোগ নিবেদন। বোধনের দিন হয় ছাগ বলি। সেদিনই জ্বালানো হয় একটা প্রদীপ। যা জ্বলতে থাকে দশমীর হোম পর্যন্ত সতেরো দিন। তবে তাকে একবার নিভতে দেওয়া হয় না। সপ্তমীতে তিনটি ছাগ বলি, অষ্টমীর দিন এক রঙের ছাগ (সাদা বা কালো) বলি করা হয়। নবমীর দিন ছটি ছাগ, একটি মেষ, একটি মহিষ বলি করা হয়।  লাভপুর সংলগ্ন শীতলগ্রামে দুর্গাপুজোর পুরোহিত কোনও ব্রাহ্মণ হয় না। হয় বাজিকর সম্প্রদায়। কার্তিক বাজিকর। এখানে অসুর থাকে না। আবার সিংহের মুখ হয় নরসিংহের মতো। যেখানে সিঁদুরের উপর মায়ের পদচিহ্ন পরে ('উমা এলো ঘরে' রচনায় স্ববিস্তারে এটি আলোচিত হয়েছে)। ব্রাহ্মণ ছাড়া পুজোর প্রচলন বীরভূমের অন্য জায়গাতেও দেখা যায়। যেমন মাড়গ্রাম সংলগ্ন বসোয়া গ্রামের মালপাড়ার পুজো। মালরা মায়ের প্রতিমা গড়ে। পুজো করে মাল ও তন্তুবায় সম্প্রদায়। মালপাড়ার পুজোর প্রবর্তক অশ্বিনী কুমার মাল ও সুবর্ণ কুমার দাস। বর্তমানে এই পুজোর পুরোহিত মধুসূদন মাল (ফুল দেয়) ও তন্তুবায় সম্প্রদায়ের রামপ্রসাদ দাস (মন্ত্র উচ্চারণ করে)। বসোয়ার মালপাড়ার দুর্গাপুজোর আরেক বৈশিষ্ট্য

হল এখানে গণেশ কার্তিক লক্ষী সরস্বতীর কোনও মূর্তি থাকে না। (ছবি উপরে)। তার পরিবর্তে থাকে রাম লক্ষণ হনুমান। বসোয়ার রায় পাড়ার পুজোর ইতিহাস পাঁচশো বছরের ধারেকাছে। এখানে সপ্তমী অষ্টমী নবমীতে ছাগ বলি হয়। বসোয়ার গায়ে লাগা গ্রাম বিষ্ণুপুরের গোপাল বাড়িতে যে দুর্গাপুজো হয় তার বয়স আটশো থেকে ন'শো বছর। সেখানে শ্বেত সিংহ ছাড়াও অসুরের রঙ পঞ্জিকার বিবরণ অনুযায়ী হয় সবুজ। সবুজ রঙের অসুর সেভাবে কোথাও দেখা যায় কিনা সন্দেহ।

নলহাটির বানিওর গ্রামে আছে আরেক লোকগাথা। মা দুর্গা নাকি সন্ধে দেখাতে আসা এক গৃহবধুকে ভক্ষণ করে নিয়েছিলেন। সে থেকে আজও নাকি মাকে দড়ি দিয়ে বেঁধে রাখা হয়। পুরন্দরপুরের কাছে বেহিরা গ্রামের দুর্গাপুজো সম্পূর্ণ ভিন্ন। ওখানে দুর্গার কোনও মূর্তি হয়না। গ্রামে আছে নিম্ববাসিনী কালী। মুনি ভরদ্বাজ প্রতিষ্ঠিত। সেই কালীমাকে দুর্গা রূপে পুজো করা হয় প্রতিবছর দুর্গাপুজোর সময়। রাজনগর সমীপে বেলেড়া গ্রামে দুর্গাপুজোতে কোনও ছাপানো পুজাপদ্ধতির বই পাঠ করে পুজো হয়না। ওখানের প্রফুল্ল ঘোষালরা পুজো করে প্রাচীন তুলোট কাগজে লেখা পুঁথি পাঠ করে। যে পুঁথিটি ১০০১ বঙ্গাব্দে লিখেছিলেন বলরাম বাচস্পতি।

লাভপুর অঞ্চলের মহোদরী গ্রাম বেশ প্রাচীন। সেখানে দেখা যায় পটের দুর্গা। এটি নন্দীদের পুজো। গামলায় জল নিয়ে তামি পেতে সূচিত করা হয় সন্ধিপুজোর ক্ষণ। এই গ্রামের পট আসে পুণ্য গ্রাম থেকে। সপ্তমীতে হয় চালকুমড়ো বলি। লাভপুরের কাছ গোপ্তা, বোলপুরের কাছে হাটসারেন্দি বা রায়পুর (মিত্রবাড়ি) গ্রামেও হয় পটপুজা। হেতমপুরের ঈশান মুন্সি তার বাড়িতে প্রায় সাড়ে তিনশো বছর আগে চালু করে পটের পুজো। যা আজও চলে আসছে। এখানে হলুদ মুড়ি, কলাই ভাজা (৮ প্রকার) ও আদা কুচি মেখে মায়ের ভোগ করা হয়। কোমা গ্রামের হাজরা বাড়ির পটের পুজোও কয়েক শতাব্দী প্রাচীন। এটি চালু করে দিগম্বর চট্টোপাধ্যায়। অন্যদিকে জলন্দিতে যে পটের দুর্গা পুজো তা শুরু হয়ে যায় ষষ্ঠী কিত্তির বারো দিন আগে থেকে। ষষ্ঠী কিত্তির বারো দিন আগে থেকে (কৃষ্ণপক্ষের নবমী) পুজো শুরু হয় বালিজুড়ি গ্রামে। কীর্ণাহারের রায়চৌধুরী পরিবারের পুজো পটের পুজো। আবার রামপুরহাট সংলগ্ন চাঁদপাড়া গ্রামে পুজো হয় ঘটে। ফতেপুরের ব্যানার্জী পাড়ায় হয় নবপত্রিকা পুজো। কড়কড়িয়া গ্রামের রায় পাড়ার পুজো নবপত্রিকার পুজো। মল্লারপুরের বিশ্বাস বাড়ির দুর্গাপুজো হয় নবপত্রিকায়। এখানে দুর্গার সঙ্গে জয়া ও বিজয়া অবস্থান করে। সুরুল রাজবাড়ির পুজোতে কোনও বছর পুজোতে ঢাক বাজে না। এটাই রীতি ওখানে। ঢাকের পরিবর্তে বাজে ঢোল। এবং বিসর্জনের সময় যদি এক ফোঁটা বৃষ্টি হয় তাহলে বিসর্জন বন্ধ করে দেওয়া হয়। এই পুজোতে অপরাজিতা পুজো হয়। পরিধান করা হয় অপরাজিতার বালা।

বীরভূমের নানান গ্রামে দুর্গাপুজোর নানা রীতি দেখা যায়। যেমন গদাধরপুরের কাছে চট্ট পারুলিয়া গ্রাম। ওখানে দুর্গাপুজোতে মোষ বলি হয়। তাছাড়া কালবৌকে গণেশের পাশে স্থাপন না করে রাখা হয় কার্তিকের পাশে। কুরুমগ্রাম সংলগ্ন বুজুং গ্রামের বোলতলা পাড়ার দুর্গার আছে আরেক বৈশিষ্ট্য। আগে মায়ের দশটি হাত হত। কিন্তু ১৯৯১-এর বন্যায় মায়ের কাঠের পাটাতন ভেসে গেলে বুজুং-এর চক্রবর্তী ও চ্যাটার্জী পরিবার ভাবে এই পুজোকে বহরমপুরে স্থানান্তরিত করবে। কিন্তু প্রতিমার কারিগরকে মা দেন স্বপ্নাদেশ। তখন পুজোর সময় প্রায় চলে এসেছে । তাই তাড়াতাড়ি দুর্গা প্রতিমা করতে গিয়ে মায়ের দুটি হাত দীর্ঘ রেখে বাকি আটটি হাতকে আকারে বেশ ছোট করে, সময়ে পুজো শুরু করা হয়। সে থেকে মায়ের দুটি হাত। কিন্তু বাকি আটটি ক্ষুদ্র। মা এখানে অসুর বধের দৃশ্য ধরেন না। এখানে গণেশেরও দুটি হাত। আবার বিসর্জন করার সময় মশাল জ্বালিয়ে মাকে নিয়ে যাওয়া হয়। অন্যত্র বৃহস্পতিবার নিরঞ্জন বন্ধ থাকলেও এখানে বৃহস্পতিবারেও বিসর্জন করা হয় মাকে। কোয়েম্বা গ্রামে যে দুর্গা প্রতিমা হয় সেখানে থাকে আঠারোটি পুতলা। মাড়গ্রাম সংলগ্ন কান্দা গ্রামের দুর্গা তিন প্রতিমার (দুর্গা, সিংহ, অসুর)। সিউড়ির বসাক বাড়ির যে দুর্গাপুজো সেখানে নাকি পুজো শুরু হয় মনসা পুজো দিয়ে। আবার চারকল গ্রামে যেসব (৩০টির মতো) পুজো হয় সেখানে দেখা যায় হিন্দু-মুসলমান সম্প্রীতি।

ফিচার

# স্বাস্থ্যসেবা শিল্পে কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) প্রভাব


অলোক বন্দ্যোপাধ্যায়
মার্কিন যুক্তরাষ্ট্র


## ভূমিকা :

স্বাস্থ্য পৃথিবীর সবচেয়ে মূল্যবান সম্পদ। উন্নত দেশ হোক বা অনুন্নত গ্রামাঞ্চল—সবার কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া একটি বিশাল চ্যালেঞ্জ। একদিকে জনসংখ্যা বাড়ছে, অন্যদিকে রোগও বাড়ছে, বিশেষ করে ডায়াবেটিস, ক্যান্সার, মানসিক চাপ, সংক্রামক রোগ। এই অবস্থায় কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence বা AI) এক নতুন আশা হয়ে এসেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), মেশিন লার্নিং (এমএল) এবং এরই specialized subfield DL(deep learning) এর সংমিশ্রনে সৃষ্ঠিত ডেটা অ্যানালিটিক্স দ্বারা চালিত প্রক্রিয়াগুলিতে মানুষের হস্তক্ষেপকে হ্রাস করে।

সহজ ভাষায় বলতে গেলে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) মানে হচ্ছে এমন কম্পিউটার সিস্টেম,বা এমন এক প্রযুক্তি যেগুলো সাধারণত মানুষের বুদ্ধি দিয়ে করা কাজ করতে পারে। যেমন: শেখা, চিন্তা করা, সমস্যা সমাধান, জিনিস বোঝা, আর সিদ্ধান্ত নেওয়া। এটা প্রাকৃতিক বুদ্ধি না, মানুষ বানানো এক ধরনের কৃত্রিম ব্যবস্থা। মূলত কম্পিউটারকে মানুষের মতো ভাবতে শেখানো — যেন সে এমনভাবে কাজ করে যা লক্ষ্য পূরণ করতে সবচেয়ে বেশি সাহায্য করে।

স্বাস্থ্যসেবা শিল্পে এর ব্যবহার দিন দিন বেড়েই চলেছে— ডাক্তারদের সহকারী হিসেবে, রোগ নির্ণয়ে, ওষুধ তৈরিতে, এমনকি মানুষের মানসিক যত্নেও। স্বাস্থ্য এমন এক ক্ষেত্র যা সব সময় পরিবর্তন হচ্ছে — নতুন বিজ্ঞান, নতুন প্রযুক্তি আর সমাজের পরিবর্তন সব মিলিয়ে। এখন স্বাস্থ্য মানে শুধু ডাক্তার আর ওষুধ নয়, এর মধ্যে জীবনযাপন, পরিবেশ, আচরণ আর সরকারি নীতির বিষয়ও ঢুকে গেছে। আজ আমরা দেখব, এআই স্বাস্থ্যসেবায় কীভাবে প্রভাব ফেলছে। যখন বেশিরভাগ লোক "অটোমেশন" শুনতে পায়, তখন তারা কল্পনা করে যে রোবটগুলি জটিল পদ্ধতিগুলি সম্পাদন করে। আসলে  স্বাস্থ্যসেবা অটোমেশন অনেক বিস্তৃত।

## স্বাস্থ্যসেবা অটোমেশন :

স্বাস্থ্যসেবা অটোমেশন বলতে আধুনিক সময়সূচী, বিলিং এবং রিপোর্টিং সফ্টওয়্যার ইত্যাদি আসে। এই তিনটি মূল অ্যাডমিন ফাংশন স্বয়ংক্রিয় করে, স্বাস্থ্যসেবা সংস্থাগুলি দক্ষতার একটি সম্পূর্ণ নতুন স্তর আনলক করতে পারে। সময়সূচী সফ্টওয়্যার রোগীদের দিনের যে কোনও সময় অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে, রিয়েল টাইমে উপলব্ধ স্লটগুলি দেখতে এবং পাঠ্য বা ইমেলের মাধ্যমে স্বয়ংক্রিয় অনুস্মারক পেতে দেয়।এটি কেবল নো-শো হ্রাস করে না তবে রোগী এবং রিসেপশনিস্টদের মধ্যে অবিরাম ফোন-ট্যাগও দূর করে। কর্মীদের জন্য, ড্র্যাগ-এন্ড-ড্রপ ক্যালেন্ডার এবং ইলেকট্রনিক হেলথ রেকর্ড (ইএইচআর) সিস্টেমের সাথে সংযোগকরণের অর্থ কম ডাবল বুকিং এবং কম সময় ম্যানুয়ালি চার্ট আপডেট করা জড়িত আছে। বিলিং সফ্টওয়্যার স্বাস্থ্যসেবায় সবচেয়ে ক্লান্তিকর এবং ত্রুটি-প্রবণ কাজগুলির মধ্যে একটি গ্রহণ করে: পেমেন্ট এবং বীমা দাবি প্রক্রিয়াকরণ।





পুরানো মডেলে, কর্মীরা ম্যানুয়ালি কভারেজ চেক করতে, দাবি ফর্ম পূরণ করতে, মেল চালান পূরণ করতে এবং দেরী অর্থ প্রদানের পিছনে ধাওয়া করতে অভীজ্ঞ ছিলেন। প্রতিটি পদক্ষেপ ভুলের জন্য ছিল তাদের মাশুল দিতে হ'ত যা অর্থ উপার্জনের পথকে বিলম্বিত করত এবং রোগী ও সরবরাহকারী উভয়কেই হতাশ করত।

আজকের বিলিং সমাধানগুলি স্বয়ংক্রিয়ভাবে বীমার যোগ্যতা যাচাই করতে পারে, রোগীর রেকর্ড থেকে সরাসরি দাবি তৈরি করতে পারে এবং এমনকি প্রদানকারীদের কাছে বৈদ্যুতিক উপায়ে পেমেন্ট জমা নিতে পারে। পেমেন্ট রিমাইন্ডারগুলি স্বয়ংক্রিয়ভাবে চলে যায় এবং রোগীরা কয়েকটি ক্লিকে পেমেন্ট অনলাইনে অর্থ প্রদান করতে পারেন। সফ্টওয়্যারটি জমা দেওয়ার আগে কোডিং ত্রুটিগুলি চিহ্নিত করতে পারে, সুবিধাজনকভাবে প্রত্যাখ্যান এবং অর্থ প্রদানের বিলম্ব হ্রাস করতে পারে।

রিপোর্টিং সফ্টওয়্যার অশোধিত অপারেশনাল ডেটাকে কার্যকরী অন্তর্দৃষ্টিতে পরিণত করে লুপটি বন্ধ করে দেয়। একাধিক সিস্টেম থেকে সাপ্তাহিক, মাসিক বা বার্ষিক প্রতিবেদনগুলি ম্যানুয়ালি সংকলন করার পরিবর্তে, স্বয়ংক্রিয় রিপোর্টিং সরঞ্জামগুলি রিয়েল টাইমে সময়সূচী, বিলিং এবং ক্লিনিকাল সিস্টেম থেকে ডেটা টানে।

গত ত্রৈমাসিকে কতজন রোগী তাদের অ্যাপয়েন্টমেন্ট মিস করেছেন তা জানা দরকার? পদ্ধতির ধরন অনুসারে আয় ট্র্যাক করতে চান? নিয়ন্ত্রক সংস্থাগুলির জন্য কমপ্লায়েন্স রিপোর্ট প্রয়োজন?

রিপোর্টিং সফ্টওয়্যারটি ঘন্টা বা দিনের পরিবর্তে মিনিটের মধ্যে চার্ট, প্রবণতা এবং পূর্বাভাস সহ সম্পূর্ণ চাহিদা তৈরি করতে পারে। এটি কেবল আরও ভাল সিদ্ধান্ত গ্রহণকে সমর্থন করে না তবে নেতৃত্ব, বিনিয়োগকারী এবং নিয়ন্ত্রকদের কর্মীদের ক্লান্ত না করে অবহিত রাখে। এই তিনটি সিস্টেমের সংমিশ্রণের সবচেয়ে বড় সুবিধাগুলির মধ্যে একটি হ'ল ইন্টিগ্রেশন। স্বতন্ত্র সরঞ্জামগুলি সহায়তা করে, তবে যখন সময়সূচী, বিলিং এবং রিপোর্টিং সফ্টওয়্যার একই ডেটা পরিবেশ ভাগ করে নেয়, তখন উন্নতিগুলি বহুগুণ বৃদ্ধি পায়। উদাহরণস্বরূপ, একজন রোগী যিনি অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট বুক করেন তিনি বিলিং সিস্টেমে স্বয়ংক্রিয় আপডেটগুলি ট্রিগার করেন (যাতে প্রাক-অনুমোদন শুরু হতে পারে) এবং রিপোর্টিং সিস্টেমে (যাতে ব্যবহারের প্রবণতাগুলি তাৎক্ষণিকভাবে ট্র্যাক করা যায়)। কর্মীদের আর একাধিক সিস্টেমে একই রোগীর ডেটা পুনরায় প্রবেশ করতে হবে না - এক জায়গায় একটি পরিবর্তন সর্বত্র আপডেট হয়।

রোগীর সন্তুষ্টির উপরও সরাসরি প্রভাব রয়েছে। ডিজিটাল যুগে, লোকেরা ফ্লাইট বুক করা বা মুদিখানা অর্ডার করার মতো স্বাস্থ্যসেবা থেকে একই সুবিধা প্রত্যাশা করে। অনলাইন সময়সূচী হোল্ড টাইমগুলি দূর করে, ডিজিটাল বিলিং স্বচ্ছতা এবং নমনীয়তা সরবরাহ করে এবং দ্রুত, সঠিক প্রতিবেদন রোগীদের নিজস্ব যত্ন এবং ব্যয় সম্পর্কে অবহিত রাখতে সহায়তা করে। অভিজ্ঞতাটি বিরামহীন বোধ করে কারণ এটি বিরামহীন - সমন্বিত অটোমেশন দ্বারা ব্যাকগ্রাউন্ডে নীরবে চালিত। অবশ্যই, এই সিস্টেমগুলি বাস্তবায়ন চ্যালেঞ্জ ছাড়া নয়। অগ্রিম খরচ বেশি হতে পারে- বিশেষত ছোট অনুশীলনের জন্য।

নতুন ওয়ার্কফ্লোগুলির সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য কর্মীদের প্রশিক্ষণের প্রয়োজন এবং উত্তরাধিকার ইএইচআর সিস্টেমগুলির সাথে একীকরণ জটিল হতে পারে। ডেটা সুরক্ষার বিষয়টিও রয়েছে - এই সিস্টেমগুলির মাধ্যমে এত সংবেদনশীল রোগীর তথ্য প্রবাহিত হওয়ার সাথে, শক্তিশালী এনক্রিপশন, ভূমিকা-ভিত্তিক অ্যাক্সেস নিয়ন্ত্রণ এবং এইচআইপিএএর মতো প্রবিধানগুলির সাথে সম্মতি অ-আলোচনাযোগ্য। তবে সুবিধাগুলি বাধাগুলিকে ছাড়িয়ে যায়, বিশেষত যখন বাস্তবায়নটি সাবধানতার সাথে পরিকল্পনা করা হয় এবং পর্যায়ক্রমে কার্যকর করা হয়।

সামনের দিকে তাকিয়ে, এআই এবং ভবিষ্যদ্বাণীমূলক বিশ্লেষণগুলি এই সরঞ্জামগুলিকে আরও স্মার্ট করে তুলতে প্রস্তুত। সময়সূচী সফ্টওয়্যার কল্পনা করুন যা স্বয়ংক্রিয়ভাবে শেষ মুহূর্তের বাতিলের পূর্বাভাস দেয় এবং পূরণ করে, বিলিং সিস্টেম যা উচ্চ-ঝুঁকিপূর্ণ দাবিগুলি প্রত্যাখ্যান করার আগে সনাক্ত করে বা রিপোর্টিং সরঞ্জামগুলি যা কয়েক মাস আগে রোগীর চাহিদার পূর্বাভাস দেয়। এই ক্ষমতাগুলি ইতিমধ্যে উদীয়মান হচ্ছে, এবং ইন্টারঅপারেবিলিটি স্ট্যান্ডার্ডগুলি উন্নত হওয়ার সাথে সাথে একীভূত,

বুদ্ধিমান অ্যাডমিন সিস্টেমের সম্ভাবনা কেবল বাড়বে।

## রোগ নির্ণয়ে সহায়তা করতে AI এর ব্যবহার ও ডায়াগনস্টিকের উন্নতিকরন :

ডায়াগনস্টিক ইমেজিং আধুনিক স্বাস্থ্যসেবায় সবচেয়ে ডেটা সমৃদ্ধ, তবে সময়-চাপযুক্ত ক্ষেত্রগুলির মধ্যে একটি। রেডিওলজিস্ট এবং প্যাথলজিস্টরা প্রতিদিন অগণিত এক্স-রে, এমআরআই, সিটি স্ক্যান এবং আল্ট্রাসাউন্ড (ultrasound) পর্যালোচনা করেন - প্রায়ই কঠোর সময়সীমার অধীনে। চ্যালেঞ্জটি হ'ল রোগের ইঙ্গিত দেয় এমন সূক্ষ্ম নিদর্শনগুলি - ফুসফুসে একটি অস্পষ্ট ছায়া, মস্তিষ্কে একটি ছোট ক্ষত, অস্বাভাবিক কোষের একটি ক্লাস্টার - উপেক্ষা করা সহজ হতে পারে, বিশেষত যখন কাজের চাপ বেশি থাকে। এখানেই কৃত্রিম বুদ্ধিমত্তা একটি গেম-চেঞ্জার হিসাবে প্রমাণিত হচ্ছে।

এআই-চালিত ডায়াগনস্টিক সরঞ্জামগুলি অবিশ্বাস্য গতি এবং নির্ভুলতায় স্ক্যানগুলি বিশ্লেষণ করতে উন্নত চিত্র স্বীকৃতি অ্যালগরিদম ব্যবহার করে। লেবেলযুক্ত মেডিকেল চিত্রগুলির বিশাল ডেটাসেটগুলিতে প্রশিক্ষিত, এই সিস্টেমগুলি প্রাথমিক পর্যায়ের ক্যান্সার থেকে কার্ডিওভাসকুলার রোগ পর্যন্ত নির্দিষ্ট অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ নিদর্শনগুলি সনাক্ত করতে শেখে। যা এআইকে বিশেষভাবে মূল্যবান করে তোলে তা হ'ল মানুষের চোখে অদৃশ্য বা তাৎক্ষণিক উদ্বেগকে ট্রিগার করার জন্য খুব সূক্ষ্ম অসঙ্গতিগুলি সনাক্ত করার ক্ষমতা। উদাহরণস্বরূপ, এআই সময়ের সাথে সাথে টিস্যু ঘনত্বের ক্ষুদ্র পরিবর্তনগুলি পরিমাপ করতে পারে, লক্ষণগুলি প্রদর্শিত হওয়ার অনেক আগে প্রাথমিক সতর্কতা সরবরাহ করে।

কেবল অস্বাভাবিকতা চিহ্নিত করার বাইরে, এআই সিস্টেমগুলি চিকিৎসকদের আরও সঠিক রোগ নির্ণয় করতে সহায়তা করে। একজন রেডিওলজিস্ট একটি এআই-উৎপন্ন স্ক্যানে সন্দেহজনক অঞ্চলগুলি হাইলাইট করে একটি প্রতিবেদন পেতে পারেন, রোগের সম্ভাবনা অনুসারে এটি rank করা হয়, পাশাপাশি অনুরূপ ঐতিহাসিক ঘটনাগুলির সাথে তুলনা করা হয় ।এটি কেবল পর্যালোচনা প্রক্রিয়াকে ত্বরান্বিত করে না বরং তদারকির ঝুঁকিও হ্রাস করে। গুরুত্বপূর্ণভাবে, এআই মানুষের দক্ষতাকে শুধু প্রতিস্থাপন করে না বরঞ্চ বাড়ায়। চিকিৎসকরা এখন, তবে প্রমাণ এবং বিশ্লেষণের একটি অতিরিক্ত স্তর সহ চূড়ান্ত (final) কল করেন ।

দ্রুত টার্নঅ্যারাউন্ড সময়, উন্নত নির্ভুলতা এবং আরও ব্যক্তিগত চিকিৎসা পরিকল্পনা – এই সুবিধাগুলি স্পষ্ট ডায়াগনস্টিক ফলাফলের মধ্যে পড়ে। ব্যস্ত হাসপাতালগুলিতে, এআই স্বয়ংক্রিয়ভাবে স্ক্যানগুলি ফ্ল্যাগ তুলে জরুরি ক্ষেত্রে অগ্রাধিকার দিতে পারে যা তাৎক্ষণিক মনোযোগের প্রয়োজন। গ্রামীণ বা সুবিধাবঞ্চিত অঞ্চলগুলিতে, এআই দক্ষতার ব্যবধান পূরণ করতে পারে, সাধারণ অনুশীলনকারীদের সাইটে বিশেষজ্ঞ ছাড়াই পরিশীলিত ডায়াগনস্টিক সহায়তা অ্যাক্সেস করতে দেয়।

এআই অ্যালগরিদমগুলি বিকশিত হতে থাকার সাথে সাথে ডায়াগনস্টিক সরঞ্জামগুলি আরও ভবিষ্যদ্বাণীমূলক হয়ে উঠবে বলে আশা করা যায় এবং, রোগের অগ্রগতির পূর্বাভাস দেওয়ার জন্য স্ক্যান, ল্যাব পরীক্ষা এবং রোগীর ইতিহাস থেকে ডেটা সংগ্রহ করে এবং উপযুক্ত সিদ্ধান্ত নেবার পরামর্শ দেবে বলে আশা করা যায়। ফলে এমন একটি স্বাস্থ্যসেবা ব্যবস্থা যা কেবল আরও দক্ষ নয়, বরং আরও সক্রিয় হয়ে উঠবে ।

## স্বাস্থ্যসেবার অন্যানবিষয়ে কৃত্রিম বুদ্ধিমত্তার (এ . আই) সহযোগিতা

রোবোটিক সিস্টেমগুলি চিকিৎসায় নির্ভুলতা, সুরক্ষা এবং দক্ষতা দেখায়- এই সিস্টেমগুলি আর শুধু শিল্প উৎপাদনের ক্ষেত্রে সীমাবদ্ধ নয় - তারা আধুনিক স্বাস্থ্যসেবা চিকিৎসার অপরিহার্য মিত্র হয়ে উঠেছে।

এই উন্নত মেশিনগুলি, প্রায়ই এআই এবং নির্ভুল প্রকৌশল দ্বারা চালিত, চিকিৎসকদের অস্ত্রোপচার করতে, ওষুধ সরবরাহ করতে এবং অতুলনীয় নির্ভুলতা এবং ধারাবাহিকতার সাথে ল্যাব পরীক্ষা চালাতে সহায়তা করে। লক্ষ্যটি মানুষের দক্ষতাকে শুধুই অবহেলা করা নয়, বরঞ্চ এটি উন্নত করা, চিকিৎসা পেশাদারদের আরও নির্ভুলতা, সুরক্ষা এবং দক্ষতার সাথে কাজ করার অনুমতি দেওয়ার ওপরে কাজ করে।

অস্ত্রোপচারে, রোবোটিক-সহায়ক সিস্টেম যেমন দা ভিঞ্চি সার্জিক্যাল সিস্টেম সার্জনদের ন্যূনতম আক্রমণাত্মক (invasive) পদ্ধতির মাধ্যমে মাইক্রো-স্কেল নির্ভুলতার সাথে কাজ করার ক্ষমতা দেয়। আর্টিকুলেটেড আর্মস, হাই-ডেফিনিশন 3D ক্যামেরা এবং হ্যাপটিক ফিডব্যাকের সাথে সজ্জিত, এই সিস্টেমগুলি একজন সার্জনের হাতের গতিবিধিকে রোগীর দেহের অভ্যন্তরে ছোট, আরও সুনির্দিষ্ট গতিতে প্রবেশের অনুমতি দেয়। এর অর্থ ছোট ছিদ্র, কম রক্তক্ষরণ, সংক্রমণের ঝুঁকি হ্রাস এবং রোগীদের জন্য দ্রুত পুনরুদ্ধারের সময়। জটিল অপারেশনগুলিতে - কার্ডিয়াক সার্জারি থেকে ক্যান্সার অপসারণ পর্যন্ত - এই সিস্টেমগুলি শরীরের এমন অঞ্চলে পৌঁছাতে পারে যা প্রথাগত পদ্ধতিগুলি ব্যবহার করে আরও চ্যালেঞ্জিং হবে।

ওষুধ বিতরণ হ'ল আরেকটি ক্ষেত্র যেখানে রোবোটিক সিস্টেমগুলি একটি বড় প্রভাব ফেলছে। স্বয়ংক্রিয় ফার্মেসি রোবটগুলি প্রায় নিখুঁত নির্ভুলতার সাথে প্রেসক্রিপশনগুলি বাছাই করতে, গণনা করতে, লেবেল করতে এবং বিতরণ করতে পারে। ওষুধ প্রস্তুতিতে মানবিক ত্রুটি দূর করে, এই সিস্টেমগুলি কেবল রোগীর সুরক্ষার উন্নতি করে না বরং ফার্মাসিস্ট এবং নার্সদের রোগীর পরামর্শ এবং যত্নের দিকে মনোনিবেশ করার জন্য মুক্ত করে। উচ্চ-ভলিউম হাসপাতালের ফার্মেসিগুলিতে, এই রোবটগুলি প্রতিদিন হাজার হাজার ডোজ পরিচালনা করতে পারে, ওয়ার্ডগুলিতে সময়মতো ওষুধ সরবরাহ নিশ্চিত করে এবং বিপজ্জনক মিশ্রণের ঝুঁকি হ্রাস করে।

ল্যাবরেটরি সেটিংসে, রোবোটিক সিস্টেমগুলি ডায়াগনস্টিক টেস্টিং এবং গবেষণা ওয়ার্কফ্লোকে (workflow)সহজতর করছে। স্বয়ংক্রিয় ল্যাব রোবটগুলি ধারাবাহিক গুণমান বজায় রাখার সময় pipetting samples, স্লাইড প্রস্তুত করা এবং Assay চালানোর মতো পুনরাবৃত্তিমূলক কিন্তু গুরুত্বপূর্ণ কাজগুলি পরিচালনা করতে পারে। Molecular testing, জেনেটিক সিকোয়েন্সিং এবং সংক্রামক রোগ নির্ণয়ের ক্ষেত্রে এই স্তরের নির্ভুলতা বিশেষত গুরুত্বপূর্ণ, যেখানে এমনকি ক্ষুদ্র ত্রুটিগুলিও ফলাফলকে বিকৃত করতে পারে। দ্রুত এবং কম ত্রুটি সহ পরীক্ষাগুলি চালানোর মাধ্যমে, ল্যাবগুলি ডাক্তার এবং রোগীদের দ্রুত ফলাফল সরবরাহ করতে পারে, দ্রুত চিকিৎসার সিদ্ধান্ত সক্ষম করে।

চিকিৎসা প্রক্রিয়াগুলিতে রোবোটিক সিস্টেমগুলির সংহতকরণ কেবল দক্ষতা লাভের চেয়ে আরও বেশি কিছু সরবরাহ করে। এটি পরিবর্তনশীলতা হ্রাস করে, মানবিক ত্রুটি হ্রাস করে এবং স্বাস্থ্যসেবা দলগুলিকে সিদ্ধান্ত গ্রহণ এবং রোগীর মিথস্ক্রিয়ায় মনোনিবেশ করার অনুমতি দিয়ে যত্নের সামগ্রিক মান বাড়ায়। প্রযুক্তির বিকাশ অব্যাহত থাকার সাথে সাথে আমরা রোবটগুলি আরও স্বায়ত্তশাসিত, অভিযোজিত এবং সমন্বিত হয়ে উঠবে বলে আশা করতে পারি - স্বাস্থ্যসেবা বর্ণালী জুড়ে নিরাপদ, দ্রুত এবং আরও কার্যকর চিকিৎসা সরবরাহ করতে চিকিৎসকদের সাথে নির্বিঘ্নে সহযোগিতা করে।রুটিন কাজ অফলোড করে, চিকিৎসকরা সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজটিতে মনোনিবেশ করতে পারেন।

উপসংহার

এআই স্বাস্থ্যসেবাকে একেবারে নতুন পথে নিয়ে যাচ্ছে। রোগ নির্ণয় থেকে শুরু করে ব্যক্তিগতকৃত চিকিৎসা, মানসিক স্বাস্থ্য থেকে জনস্বাস্থ্য সংকট মোকাবিলা—সবখানেই এআই বিপ্লব ঘটাচ্ছে।

তবে চ্যালেঞ্জও কম নয়। ডেটা নিরাপত্তা, সমান সুযোগ, নৈতিক দিক—এসব সমাধান করতে হবে। যদি সঠিকভাবে এগোনো যায়, তবে এআই স্বাস্থ্যসেবাকে আরও মানবিক, সাশ্রয়ী আর সহজলভ্য করে তুলবে।

গল্প

# চুরি

আনন্দিতা চৌধুরি
মার্কিন যুক্তরাষ্ট্র

ছেলেটা আর মেয়েটার দেখা হয় কলেজের ক্লাসে।
নাহ, এটা পুরনো হয়ে গেছে।
বাসস্টপে? বাসে উঠে পাশাপাশি ?
হ্যাঁ, এটা চলতে পারে।
নাকি, সিনেমা হলে পাশাপশি সীট?
হ্যাঁ হ্যাঁ এটা বেশি ভাল!
মেয়েটা ভয়ের দৃশ্যে পাশের অচেনা ছেলেটার হাতটা ধরে ফেলবে, তারপর...

“মা! মা! আমার ম্যাথস খাতাটা কোথায়? মা!”
পিকুর ডাকে চমকে ওঠে গল্পের সিনেমা হল থেকে সোজা নিজের রান্নাঘরে এসে আছড়ে পড়ে দিয়া ।
“ কাল রাতে হোমওয়ার্ক চেক করে দিলাম তো! স্কুলবাস এসে যাবে তো , আমি দেখছি, তুই জুতো পর”
দুদ্দাড় ছোটে দিয়া।

আচ্ছা, হল থেকে বেরিয়ে কি ওরা একই বাসে উঠবে? আবার পাশাপাশি বসার জায়গা পেলে...
“ দিয়া, জলখাবারটা দেবে , নাকি না খেয়েই বেরিয়ে যাব?” “ হ্যাঁ হ্যাঁ , হয়ে গেছে, এই যে আনছি ।” সুবীরের কথায় তাড়াতাড়ি জলখাবার বেড়ে দিয়ে দুপুরের লাঞ্চবক্স গোছাতে শুরু করে দিয়া।

দেখা না হয় হল। কথাও হল। তারপর?
মেয়েটা বাসে কিছু একটা ফেলে যাবে, ছেলেটা ফেরত দিতে যাবে? মেয়েটা খুশি হয়ে বলবে...

“বৌমা, আমার চশমাটা দেখেছো, কোথায় যে রাখলাম...”
“দেখছি বাবা...” বারান্দায় শ্বশুরমশাইয়ের ফেলে ছড়ানো কাগজ পত্রিকার তলা থেকে চশমা উদ্ধার অভিযানে নামে দিয়া।

কিন্তু, বাধা? প্রেমের বাধাটা আসবে কোথা থেকে? গড় গড় করে প্রেম এগিয়ে গেলে তো গল্প দাঁড়াবে না। একটা কোন সমস্যা আনা দরকার গল্পে...
“ বৌদি, ট্রেন চলছে না, কারা যেন লাইনে বসে পড়েছে। আমি আজ কাজে আসবো না” । লক্ষ্মীর ফোন পেয়ে ঘষ ঘষ বাসন মাজতে থাকে দিয়া, ঝপ ঝপ ঝাঁটা চালায়।

ধর্ম আলাদা দেখাবে নায়ক নায়িকার? জাত? সেই নিয়ে সমস্যা দুই পরিবারের? কিন্তু ...লোকের যা এসব নিয়ে ঝগড়া করার অভ্যেস আজকাল! তাহলে সমস্যাটা কী নিয়ে করা যায়...

“ বৌমা, ভুলে গেছিলাম , আমার বন্ধু রমা আর ওর বরকে খেতে বলেছি আজ। দুয়েকটা পদ বেশি করো কিন্তু।
নতুন করে তরকারি কাটতে বসে দিয়া।

নতুন লেখকদের লেখা প্রেমের গল্প চেয়ে একটা বিজ্ঞপ্তি দেখে দিয়ার ভারি সাধ হয়েছে একবার চেষ্টা করে। রোজ যে এত গল্প ঘোরে মাথার মধ্যে, লিখেই ফেলবে একখান এবার। পাঠিয়ে দিয়ে দেখবে কী হয়। এই মাসের শেষ অবধি সুযোগ। আজ মাসের আঠাশ।

অতিথিবিদায়ের পর শাশুড়িমা একটু সিরিয়াল চালান, শ্বশুরমশাই ভাতঘুম। পিকু ফিরলে কিছু একটু খাইয়ে স্যারের বাড়ি নিয়ে যেতে হবে, সঙ্গে টুকটাক কেনাকাটা, লন্ড্রি থেকে সুবীরের জামা আনা, তার মধ্যে বিকেলের চা, রাতের রুটি।

এর মাঝে, একলা ঘরে , নিরালা দুপুরে, দিয়া আজ একটা কান্ড ঘটায়। সংসারের থেকে, পরিবারের থেকে, দশভূজা হওয়ার প্রত্যাশা থেকে, রাঁধার পরে খাওয়া আর খাওয়ার পরে রাঁধা থেকে... একটু সময় নিজের জন্য চুরি করে ফেলে আজ দিয়া।
‘ মেয়েটা পাশে এসে বসতেই একটা মিষ্টি ফুলেল গন্ধ পায় রাজা।’
দিয়ার আঙুল সচল হয়ে ওঠে কীপ্যাডে।

# সন্তানস্নেহ

কোহিনূর কর
মার্কিন যুক্তরাষ্ট্র

এক মাস বয়েসী দুধের শিশুকে ফিডিং বোতলে দুধ খাইয়ে নীচে ফ্যামিলি-রুমের সোফায় পিঠটা ঠেকিয়েছে স্নেহময়। রাতে বেশ কয়েকবার উঠতেই হয়, তাই ক্লান্ত লাগছে। চেষ্টা করছে এক মুহূর্তের বিশ্রাম নিতে। দিনে অন্তত বার দুয়েক খবরের চ্যানেল না খুলে যে থাকতে পারে না সেই মানুষটা রিমোট কন্ট্রোলটা হাতে নিয়ে কিছুক্ষন ধস্তাধস্তির পর বিরক্ত হয়ে শুয়ে পড়ল সোফাতেই। অমনি ওপর থেকে স্ত্রী মধুমন্তীর উচ্ছসিত গলা,

- শুনছো? সোনামণির না অনেকটা পটি হয়েছে! তুমি ওপরে এসে দেখ, ডায়াপার একদম ভর্তি।

- ও তাই? আমি আসছি।

প্রথম সন্তানের ক্ষেত্রে সব দম্পতিরই একটু বেশী আনন্দ, উচ্ছাস আর উত্তেজনা থাকে যেটা খুবই স্বাভাবিক। লাফ দিয়ে উঠে তরতর করে সিড়ি ভেঙ্গে ওপরে মাস্টার বেডরুমে গেল স্নেহময়।

-বাঃ বাঃ খুব ভালো। কাল রাতে মনে হয় পেট ব্যাথার জন্যেই অত কাঁদছিল। এরকম যদি দিনে দু'একবার হয় তো আমাদের চিন্তার কোনও কারণ থাকবে না।

*****



বেশীরভাগ মানুষের জীবনের প্রতিটা বড় পদক্ষেপেই সাধ আর সাধ্যের মধ্যে একটা সঙ্ঘাত লেগে থাকে। ছাত্রজীবনে যেমন হাতে পয়সা কম থাকে, তেমনি দায়িত্বও অনেক কম থাকে। তখন সবকিছু যেন ফুরফুরে আর হাল্কা। তারপর প্রথম চাকরি পেয়ে একটা অন্যরকম অনুভূতি। ইচ্ছে করলেই ঘুরতে বেরিয়ে পড়া, ঘনঘন রেস্টুরেন্টে খাওয়া আর বন্ধুদের খাওয়ানোর মত মজার জিনিস আর কী থাকতে পারে?

বয়েস যত বাড়তে থাকে স্কুল-কলেজ-ইউনিভার্সিটির তথাকথিত বন্ধুরা যে-যার মত নিজেদের জীবন নিয়ে ব্যস্ত হয়ে পড়ে। তখন বন্ধুপ্রীতিটা না চাইলেও বাধ্য হয়ে একটু কমাতে হয়। তারপর বিয়ে করে নিজের সংসার শুরু করলে তো আর কথাই নেই। বিয়ে মানে স্নেহময়ের মতে সাত-জন্মের মত কখনও বরফ কখনও আগুনের ওপর দিয়ে হাঁটার একটা অঙ্গীকার। হ্যাঁ, এটাকে আনন্দের সঙ্গে 'গ্লাস হাফ-ফুল' ভাবতে পারলে পায়ের নীচে ফোস্কাটা অনেক কম পড়ে।

ডায়াপার পালটে সোনামণিকে ক্রিবে কম্বল ঢাকা দিয়ে রাখতে না-রাখতেই শুরু হ'ল তার ক্ষিদের কান্না। অল্পদিনের কিছুদিনের অভিজ্ঞতা থেকেই সদ্যোজাতর কান্নাকে মূলতঃ চার শ্রেণীতে ভাগ করতে পেরেছে স্নেহময় আর মধুমন্তী। আর তা হ'ল – ক্ষিদের কান্না, ডায়াপারে হয়ে যাওয়ার পর কান্না, কোলে ওঠার আবদারের কান্না, আর শারীরিক কোনও অস্বস্তির কারণে কান্না। তুলনামূলক ভাবে সন্তানের মুখে একটা ছোট্ট ভুবনভোলানো হাসি কিন্তু কমই দেখা যায়, বিরল বলাই চলে। বয়েস বাড়ার

সাথে সাথে হাসির পরিমাণ বাড়ে সন্দেহ নেই, তবে সেই সঙ্গে নতুন নতুন বায়না আর তার উপসর্গ হিসাবে কান্নাও বাড়তে দেখা যায়।

*****

স্নেহময় আজ অফিস থেকে ছুটি নিয়েছে। রাতে বারবার উঠতে হলে যা হয় – স্বামী-স্ত্রী দুজনেই ভোরবেলায় খুব ক্লান্ত হয়ে পড়ে। ঘুমনোর কোনও প্যাটার্ন বলে কিছু নেই। এর মধ্যে কেউ দেখা করতে আসবে ভাবতেও ওদের গায়ে কাঁটা দিচ্ছে।

বিদেশে নিয়মনাস্তি, কিন্তু মার্কিন দেশে সন্তান প্রতিপালনের কাজে এতটুকুও অনিয়ম চলবে না। তাই ডাক্তারের হাজারটা ইন্সট্রাকশন মনে রেখে, গাইডবুক পড়ে, প্যারেন্টিং ভিডিও দেখে, ইন্টারনেট ঘেঁটে, সেগুলো সময়মত কাজে লাগানো মুখের কথা নয়। তার ওপর রান্না করা, কাপড় কাচা, ঘর পরিস্কার করা, বাগানের কাজ, কোনও মেশিন খারাপ হ'লে তার পেছনে ছোটা – সবই তো নিজেদের করতে হয়। এখানেও সেই সাধ আর সাধ্যের সমতা আনার চ্যালেঞ্জ। কোনও কাজই ফেলে রাখা চলবে না, অথচ শরীরে সবসময় কুলিয়ে ওঠে না।

সন্তানের গুরুদায়িত্ব মাথায় নিয়ে স্নেহময় আর মধুমন্তির এ এক নতুন যাত্রা। এরই মধ্যে কত স্বপ্ন ভেসে বেড়ায় দম্পতির মনের গভীরে। সোনামণি একটু বড় হ'লে গান শিখবে, বাজনা শিখবে, নাকি নাচ? কল্পনায় গা ভাসিয়ে এসব ভেবে দৈনন্দিন ক্লান্তি খানিকটা খাটো করার চেষ্টা কিন্তু বিফলে যায়না ওদের। ভবিষ্যতের আশাময় দিনগুলোর কথা ভাবলে মনটাও বেশ খুশী-খুশী থাকে।

মহিলারা একটু বেশী কল্পনাপ্রবণ হন কিনা জানিনা, তবে দুধের শিশুকে গান-বাজনা-নাচ সবকিছুতেই চোস্ত করার পরিকল্পনাকে তারিফ করতে হয়। মধুমন্তির বক্তব্য হ'ল,

- আমরা ওকে সবকিছুই শেখাবো শুরুতে, তারপর ওর যেটা সবচেয়ে ভালো লাগবে সেটা নিয়েই না হয় লেগে থাকবে, কী বলো?
- হুঁ, সময়মত নিশ্চয়ই ভাববো সব। তবে জানো তো প্রত্যেকটা ক্লাসই খুব খরচসাপেক্ষ এদেশে।
- তাতে কী হয়েছে? একমাত্র মেয়ের জন্যে এটুকু খরচ জোগাড় করতে পারবো না?

স্নেহময় এখানেই চুপ করে যায়, তর্কের কোনও জায়গা নেই। কানাকড়ির হিসেব সে কখনও করে না; কিন্তু আয়-ব্যায়ের একটা সহজ অঙ্ক তাকে করে যেতেই হয়, নইলে সমস্যায় পড়ার সম্ভাবনা থাকে।

*****

স্নেহময়-মধুমন্তী দু'জনেরই খুব বেড়ানোর শখ। কেউ কেউ হয়তো বলবেন কার না বেড়াতে ভালো লাগে? আসলে এই দম্পতি বেশ ভালো করে প্ল্যান করে একেক বার একেক দিকে ঘুরতে যায়, অনেকের কাছে বেড়ানোটা আনপ্লানড 'উঠলো বাই তো কটক যাই' ধরনের।

এখনই ওরা প্ল্যান করছে, সোনামণি একটু বড় হলেই কোথাও একটা রোড ট্রিপ করে আসবে। ড্রাইভ করে যাওয়ার সবচেয়ে বড় মজা হ'ল এয়ারপোর্ট সিকিউরিটি, ঘন্টার পর ঘন্টা বসে থাকা, তারপর বেরিয়ে আবার গাড়ী রেন্ট করা – এসব কোনও ঝামেলা নেই। আর ছোট বাচ্চা সঙ্গে থাকলে তার জামাকাপড় আর ডায়াপারই তো অনেক জায়গা নিয়ে ফেলে। গাড়ীর পেছনে লাগেজ ফেলে রাখা অনেক সহজ।

প্রথমে যেখানে যাওয়ার কথা হ'ল সেটা ওই 'সী ওয়াল্ড', মানে হোয়েল, ডলফিন, সার্ক এরকম অজস্র ছোট-বড় সামুদ্রিক প্রাণীর বিশাল প্রদর্শনী। ওটাই ওদের আনন্দ দেওয়ার জায়গা, ওদের জন্যে বিশেষভাবে বানানো জগত। ছোটবেলায় যেমন আমরা পথেঘাটে বানরের খেলা দেখেছি, ওইসব জলজ প্রাণীদের ট্রেনিং দিয়ে অনেক ধরনের মজার মজার খেলা বা শো করা হয়।

'সী ওয়াল্ড'-এ গেলে সারাদিন হৈ-হৈ করে কেটে যায় – পরে মনে হয় ইস আরও কিছুক্ষণ যদি থাকা যেত! 'ডিজনীল্যান্ড'ও মন্দ নয়, তবে খুব ছোট বাচ্চা সঙ্গে থাকলে অনেক কিছুতে পার্টিসিপেট করা সম্ভব না।

তবে ওদের বেড়ানোর তালিকায় ‘ডিজনীল্যান্ড’ আছে দ্বিতীয় স্থানে। এই জল্পনা-কল্পনার মধ্যে যে একটা অদ্ভুত ভালো লাগার ব্যাপার আছে সেটা বোধহয় সন্তানের বাবা-মায়েরাই সবচেয়ে ভালো বোঝে।

মধুমন্তীর যেন আর তর সইছে না। ওকে দোষ দেওয়াও যায়না কারণ প্রায় দশ মাস ওদের সন্তানকে পেটে ধরার পর তার জন্ম দেওয়ার শারীরিক চাপ, তারপর তাকে একটু একটু করে বড় করে তোলা। গত বেশ কিছুদিন ওরা বেশী দূরে কোথাওই যেতে পারেনি।

*****

- ‘সী ওয়ার্ল্ড’ যেতে যেতে এখনও ছ’মাসের ওপর! চল না কাছাকাছি কোথাও ঘুরে আসি।
- কাছাকাছি মানে?
- এমন জায়গায় যাবো যেখানে সকাল থেকে দুপুর অবধি থেকে কোথাও লাঞ্চ সেরে সন্ধ্যায় ফিরে আসবো।
- তা মন্দ বলোনি। দেখি গুগল করে কিছু পাওয়া যায় কিনা।

স্নেহময় বসল কম্পিউটারে। মধুমন্তী খুব সুন্দর করে ব্রু করা কফি এনে স্নেহময়ের পাশে এসে দাঁড়ালো। একশো মাইলের মধ্যে গোটা পাঁচেক যাওয়ার জায়গা খুঁজে পেল ওরা। তখনই ঠিক করে রাখলো সামনের মাসের এক উইক-এন্ডে ওখানে যাবে, আর সেটাই হবে ছোট্ট সোনামণিকে নিয়ে প্রথম বেড়াতে যাওয়া। এতদিন বাদে একটু রিলাক্স করতে বাড়ির বাইরে – এই আনন্দেই কেটে যাবে সপ্তাহর গুলো।

ফোনে ম্যাসেজ চেক করছিল স্নেহময়। ওর মা দেশ থেকে আজ সন্ধ্যায় একবার ভিডিও কল করবেন বলে জানিয়েছেন।
- আজ একটু সময়মত খেয়ে নেব বুঝলে? ভিডিও কলে একবার মা আসতে পারে বলেছে।
- হুঁ, ভালো কথা।

*****

ডিনার সেরে, বাসনগুলো ধুয়ে, টেবিল মুছে, চিঠি দেখে, আরও কিছু টুকিটাকি কাজ সেরে মা’কে ভিডিও কল করতে বসতে একটু দেরী হয়ে গেল। স্নেহময়ের মা ওদিকে ঠিক সময় মত অপেক্ষা করছেন। দুজনের কথার শুরুতেই প্রথম প্রশ্ন,
- হ্যালো খোকা (স্নেহময়ের ডাকনাম), তোরা সবাই ঠিকমত আছিস তো?
- হ্যাঁ, ঠিকই চলছে সব আমাদের এখানে।
- যাক বাবা, তোদের ওখানে নাকি খুব ব্রাশ-ফায়ার হয়েছে? সকালের খবরের হেডলাইনে দেখলাম। আবার বলছে, আগুনটা লোকালয়ে ছড়িয়ে পড়ারও সম্ভাবনা আছে?
- তাই নাকি?
- তোরা এই খবরটা জানতিস না? তোদের ওখানে কিছু হয়নি তো?
- না-না, আমরা এখানে ঠিক আছি। সেরকম হ’লে ফোনে এমারজেন্সী এলার্ট পেতাম, আর চারদিকে সাইরেনের শব্দ পেতাম এতক্ষণে।
- কিন্তু এটা যে একটা বিরাট খবর।
- আমি আসলে আজ সারাদিন এত ব্যস্ত ছিলাম টিভি খোলার সময় পাইনি।

মায়ের সাথে কথা শেষ করে স্নেহময়ের ইচ্ছে হল লোকাল খবরটা দেখতে।
- মধু, টিভিটা একটু চালাবে?
- হ্যাঁ, চালিয়ে দিচ্ছি, এক মিনিট।
- প্যারাডাইস মাউন্টেনে জোর আগুন লেগেছে বলে দেশে খবর পৌঁছে গেছে।
- তোমার এই রিমোটটার কী হল বল তো? কিছুতেই কাজ করছে না!
- জানি, হয়তো ব্যাটারী শেষ। দেখি?
- তাইলে ব্যাটারী কিনে আনো যাও। ঘরে তো আর নেই মনে হয়।
- ঠিক আছে, চট করে নিয়েই আসি।

মধুমন্তী মেয়েকে খাওয়াতে ব্যস্ত এখন। রাত হল বেশ। স্নেহময় জামা-প্যান্ট গলিয়ে বেরোনর মত রেডী হয়ে নিল।
- আমি বেরোচ্ছি, তোমার কি কোনও দরকারী জিনিস আনার আছে?
- তুমি এখনই যাবে?
- হ্যাঁ, একটু পরেও যেতে পারি, বাড়ীর এত কাছে ২৪-

ঘন্টার সুপারস্টোর থাকার এই তো মজা। আর একটু রাতের দিকে গেলে ভিড়ও অনেক কম।
- তাহলে একটু দাঁড়িয়ে যাও না হয়, সোনামণির কয়েকটা জিনিসের একটা লিস্ট করে দি তোমায়, নাহলে আবার ভুলে যাবে।

স্নেহময় বাজার সেরে ফিরে দেখে সোনামণি একদম ঘুমিয়ে পড়েছে। পা টিপে টিপে জিনিসগুলো জায়গামত তুলে রেখে রিমোটে নতুন ব্যাটারি লাগিয়ে খুব আস্তে করে টিভিটা চালালো। এক ঝলক খবর দেখে আবার পা টিপে টিপে ওপরে চলে গেল।

*****

সকাল হতে না হতেই দেশ থেকে ম্যাসেজ; মা-এর বড্ড চিন্তা হচ্ছে ব্রাশ-ফায়ার নিয়ে, আবার একবার ভিডিও কল করে সবার খবর নেবেন ইচ্ছে ওনার। সকালের প্রথম চা-এর কাপ হাতে নিয়ে স্নেহময় আর মধুমন্তী। কিছুক্ষণের মধ্যেই মা-এর কল।
- কী রে, কেমন আছিস তোরা?
- আছি মোটামুটি ভালো।
- মোটামুটি মানে? আগুনের কী পরিস্থিতি?
- ওহ, ওটা হয়েছে তো এখান থেকে অনেক দূরে আর লোকালয়ের বাইরে। প্রায় কন্ট্রোল করে ফেলেছে বলছে।
- ওহ, ভালো।
- তুমি খামোকা এত চিন্তা ক'র না তো!
- তুই বলিস চিন্তা না করতে, কিন্তু হয়, না করে পারিনা।

ওদিকে মধুমন্তী কান্না শুনে ছুটলো ওপরে। সোনামণি উঠে পড়েছে আজ এত তাড়াতাড়ি! ওপর থেকে বলে উঠল,
- এই শোন, ঘুম থেকে উঠেই মেয়ের কী হাসি! দেখে যাও।
- ও তাই? আসছি। মা, ছোটটা উঠে পড়েছে। এখন তাহলে রাখছি, পরে আবার কথা হবে?
ম-এর উত্তর,
- আচ্ছা খোকা, সাবধানে থাকিস তোরা।
ওপরে গিয়ে বউ আর মেয়ের প্রাণখোলা হাসি দেখে স্নেহময় আনন্দ ধরে রাখতে পারছিল না। একটু পরে মধুমন্তী জিজ্ঞেস করল,
- আরে, তোমার চোখে এত জল কেন? কাঁদছো নাকি?
- না, কিছু না।
- কিছু না হতে পারে না, বলো কী ব্যাপার?
- আসলে, এটা অদ্ভূত একধরণের অনুভূতি। মা আমাদের জন্যে এত ভাবে। আজ আমি বাবা না হলে বুঝতেই পারতাম না একটা সন্তান জীবনে কত আশা জাগায়, কত ভাবায় আর সন্তানের জন্যে একশো শতাংশ কেন তারও বেশী দেওয়া যায়।

স্নেহময় আর মধুমন্তী মাঝে সোনামণিকে রেখে বেশ কয়েক মিনিট একে অন্যের নিঃশ্বাসের উত্তাপ অনুভবে ব্যস্ত ছিল। ঘুমের মধ্যেই মাঝে মাঝে সোনামণির সেই ভুবনভোলানো মুচকি হাসি। বংশ পরম্পরায় স্নেহ-মায়া-মমতার ঢেউ যেন এভাবেই বাবা-মায়ের থেকে সন্তানের দিকে নিরলসভাবে বয়ে চলে। কখনও জোরে, কখনও আস্তে, সময়ের সাথে বয়েস বাড়লেও কোনও দিনই থামেনা।

গল্প

# ফুটপাথ

কৃষ্ণেন্দু মুখোপাধ্যায়
ভারত

অফিস যাতায়াতের পথে মেয়েটাকে রোজই দেখি। বেঁটে খাটো রোগা চেহারা। উষ্কখুষ্ক জটা ধরা চুল। খসখসে চামড়া। গায়ে একটা সাত জন্মের চিট ধরা ময়লা সালোয়ার কামিজ। যদিও কোনদিন ওকে ভিক্ষে করতে দেখিনি তবু দেখেছি অনেকে ওকে ভিখিরি বা ব্যাকরণ সম্মতভাবে ভিখিরিনী বলে। কে একটা বলেছিল কাগজকুড়ানি। হতেও পারে। অফিস পাড়ায় অবিরাম জন্ম দিয়ে চলে অসংখ্য বাতিল কাগজ। সেগুলো কুড়িয়েই হয়ত ওর দিনগুজরান চলে। আবার কেউ বলে মেয়েটা পাগলী। নানান ব্যস্ততায় এসব আর কার খেয়াল করার কথা। একদিন অফিসে একটা কাজের চাপে বেরতে অনেক রাত্রি হয়েছিল। সেদিন দেখেছিলাম মেয়েটা ফুটপাথেই ঘুমোয়। এই শহরের আকাশে অসংখ্য তারাদের নজরদারির মধ্যে নিজের শরীরটা কুঁকড়ে নিয়ে কি পরম নিশ্চিন্তে সেদিন ঘুমচ্ছিল মেয়েটা।

আমাদের অফিসটা পার্ক স্ট্রিটে। অভিজাত এলাকা। আমাদের গণতান্ত্রিক দেশের প্রধানমন্ত্রী বা রাষ্ট্রপতি যখন এই শহরে আসেন, রাজভবন থেকে আমাদের অফিসের সামনে দিয়েই বিরাট বিরাট কনভয় নিয়ে যাতায়াত করেন। নিরাপত্তার কারণে শহরের পুলিশ তখন ভীষণ সক্রিয় হয়ে যায়। শহরটাকে ঝাঁ চকচকে আর বিপন্মুক্ত করতে প্রথম কোপটা পড়ে এই ফুটপাতবাসীদের ওপর। মেয়েটাকে তখন ক'দিন ব্লিচিং ছড়ানো ফুটপাথে দেখা যায় না। তারপর আবার মেয়েটা নিজের জায়গায় ফিরে আসে। আমাদের অফিসের বাবিনদা সকালে অফিসে ঢুকে মাঝেমাঝেই বিরক্ত হয়ে বলেন, ”লেক টাউনে যতই ওই টাওয়ার অফ লণ্ডন করুক, কলকাতাটা কোনদিন লণ্ডন হতে পারবে না এই ভিখিরিগুলোর জন্য।”

মেয়েটা কোনদিন করোকে বিরক্ত করেনা, একটা পয়সাও ভিক্ষা চায়না, কিন্তু আমাদের অফিসের অনেকেই মেয়েটাকে সহ্য করতে পারেনা। অভিজাত পাড়ায় কেতাদুরস্ত অফিসের সামনে আসলে মেয়েটা ভীষণ বেমানান, দৃশ্যদূষণ। ক্লাবে পানীয়র গ্লাস হাতে যখন ডোনাল্ড ট্রাম্পের ট্যারিফ নীতি, ব্যাংকের বিপুল অনাদায়ী বকেয়া ঋণ, বিজয় মাল্য, নীরব মোদি, জিডিপি, চাকরি চুরি, দুর্নীতি ইত্যাদি নিয়ে গুরুগম্ভীর আলোচনা হয়, তখনও মেয়েটা মাঝেমাঝে ফিরে আসে আমাদের দেশের আসল অবস্থার রেফারেন্স হয়ে।

এক বসন্তে আবিষ্কার হল, মেয়েটা গর্ভবতী।
সেদিন ক্লাবের আলোচনায় নতুন মুখরোচক প্রসঙ্গ, মেয়েটার তলপেট ফোলা আবিষ্কৃত হয়েছে। কে এই কম্মটি করেছে সেটা অনুমান করার জন্য ব্যোমকেশের মত অনুসন্ধিৎসু সবাই। ধর্ষণ না ভালোবাসা? সেই কাজটা কবে হয়েছিল? নভেম্বরে না ডিসেম্বরে? দিনে দুপুরে না গভীর রাতে? গবেষণার অন্ত নেই। হিসেবের বাইরে কয়েক পেগ বেশি হুইস্কি খেল সবাই। তবু কৌতূহল নিবৃত্ত হলনা। ধর্ষণ ভাবলে আলোচনায় উত্তেজনার আঁচটা একটু বেশি হয়। ভালবাসাটা ঠিক জমে না। ফুটপাথে থাকা নোংরা চামড়ার ওই মেয়েটাকে এই বসন্তে আর কে ভালোবাসবে? আর পাগলী হলেতো কথাই নেই। বাছবিচার না করে কেউ একজন লালসা মিটিয়েছে। পরেরদিন থেকে মেয়েটার ওপর অনুসন্ধিৎসু চোখ আরেকটু বেশি প্রখর হল। মেয়েটার তলপেট'টা আর কতটা ফুলল?

আমাদের অফিস থেকে কয়েক পা এগিয়ে ইমরান আলির একটা ছোট্ট সিগারেটের দোকান আছে। সিগারেট ছাড়াও চিপস, কোল্ড ড্রিংকস ইত্যাদি বিক্রি করে। নেশা করার সুবাদে ইমরানের সঙ্গে সকলেরই প্রায় পরিচয় আছে। লোকটা ভালো। পকেটে খুচরো না থাকলে ধার বাকিতে সিগারেট দেয়। পুরনো পাওনা নিয়ে কোনদিন তাড়া দেয়না। ইমরানকে জিজ্ঞেস করলাম, “মেয়েটার কেউ আছে জানো?”

ইমরান মাথা নাড়ল, “নাঃ! কখনওতো দেখিনি।”

“মেয়েটা পাগলী?”

“মনে হয় না।”

“কিছু টাকা দেব ওকে? খাবার কিনে খেতে পারবে। তুমি একটু দেখবে?”

“একদম দেবেন না স্যার। ওকে দেখার কোনও লোক না থাকলেও টাকা কেড়ে নেওয়ার জন্য অনেক হাঙর আছে।”

কলকাতা লণ্ডন নয়। বসন্ত এখানে খুব ক্ষণস্থায়ী। বসন্তটা আজকাল যেন শুধু সরস্বতী পুজো উদযাপন করতেই দায়সারা গোছের আসে। তারপরেই বসন্ত নিরুদ্দেশ হয়ে হুড়মুড় করে গ্লোবাল ওয়ার্মিং-এর আগুন ঝড়া নিঃশ্বাসগুলো পাঠিয়ে দেয়। এইসময় একটু বেলা গড়ালে এসির আদুরে স্পর্শ থেকে নেহাত দরকার না হলে বেরই না। অফিসের একটা জরুরী কাজে বাধ্য হয়ে বাবিনদা একদিন বেরিয়ে, দুপুরে ঘেমে নেয়ে একশা হয়ে ফিরে সিদ্ধার্থদার উল্টো দিকে একটা চেয়ারে বসে জামার ওপরের দুটো বোতাম খুলে খাবি খেতে খেতে বললেন, ”কলকাতাটা এরা নাকি লণ্ডন বানাবে। কাদের জন্য বানাবে? ছোঃ! ছোঃ!”

লণ্ডন আমি কখনও যাইনি। শহরটা কেমন জানা নেই। বাবিনদা দু’দিনের জন্য একটা সেমিনারে গিয়েছিলেন। তাই বাবিনদা যখনই এই কথাটা মুদ্রাদোষের মত বলেন, বুঝতে পারি এই শহরের নতুন আরেকটা কিছু পদস্খলন বাবিনদার নজরে এসেছে। জিজ্ঞেস করলাম, “কী হল আবার?”

“ফুটপাথটাতো এরা এক ইঞ্চিও ছাড়বে না। ওই কোণার দিকটা ফাঁকা ছিল। ওখানে দেখছি আজ থেকে একটা আন্ত্রিকের কারখানা বসিয়ে দিয়েছে।”

বাবিনদার অবশ্য স্বভাব একটু হেঁয়ালি করা। বললাম, “মানে?”

“এক শরবতওয়ালাকে বসিয়ে দিয়েছে দেখলাম। লাল, কমলা, সবুজ বরফ দেওয়া শরবত। খেলেই কলেরা বা আন্ত্রিক।”

হেসে বললাম, “লাল, কমলা, সবুজ - সর্ব পার্টি সমন্বয়, কি বলুন?”

সিদ্ধার্থদা তেতো মুখে মন্তব্য করলেন, “সর্ব পার্টি আর বলছ কেন? একটাই পার্টি। টাকা খাচ্ছে আর চপ থেকে শরবত যেখানে যা হাতের কাছে পাচ্ছে, শিল্প গড়ে দিচ্ছে।”

সিদ্ধার্থদা কমিউনিস্ট। আগে ঘোর দৃপ্ত ছিলেন। পরিবর্তনের সরকার আসার পর ঈষৎ ম্রিয়মাণ। টেবিলের কাচের তলায় কার্ল মার্কসের ছবিটা অবশ্য এখনও আছে। আগে পাশে লেনিনেরও একটা ছিল। সরকার বদলের পর লেনিনের ছবিটা একটা বাহারি ফুলের গ্রিটিংস কার্ডের তলায় চাপা পড়েছে। আমার পড়াশোনা নেহাত কম। মার্কসের ‘দাশ ক্যাপিটাল’ সিদ্ধার্থদার মুখে মুখে শুনে বোঝার চেষ্টা করেছি পণ্যের মূল্য, বিনিময় মূল্য, পুঁজিবাদ ব্যাপারস্যাপারগুলো আসলে কী। বা সিদ্ধার্থদা বুঝিয়ে দিয়েছেন মার্কসের সঙ্গে এঙ্গেলসের সম্পর্কটা ঠিক কী বা মার্কসবাদ সম্পর্কে গিয়র্গি লুকাচের দর্শন কেন এত গুরুত্বপূর্ণ।

হটাৎ মেয়েটার কথা মনে পড়ল। বলে ফেললাম, “এই গরমে ফুটপাথে ওই মেয়েটা...“

সিদ্ধার্থদা বললেন, “পুঁজিবাদের ফসল। চিন্তা করো না। মেয়েটা যে প্রাইম জায়গাটা দখল করে আছে, তার প্রতি স্কোয়ার ফিট বাণিজ্যিক মূল্য কত আন্দাজ আছে? পুঁজিপতিদের চোখ পড়লেই ওকে নিশ্চিন্ত একটা জায়গায় পাঠিয়ে দেবে। তোমাকে কতবার বলেছি, আন্তোনিও গ্রামশি পড়ো। সব পরিষ্কার হয়ে যাবে।”



বাবিনদা স্মৃতিমেদুর হলেন, “তোকে বলেছিলাম না, লণ্ডনে টেমসের ধারে ভিখিরি দেখেছিলাম। ঝকঝকে তকতকে ওয়াকওয়ে। ঝিরঝির করে বৃষ্টি পড়ছে। স্যুট পরে এক সাহেব ভিখিরি ছাতার তলায় বসে বেহালা বাজিয়ে ভিক্ষা করছে। কি গ্রেসফুল! আমাদের সমস্যাটা আসলে মানসিকতার।”

মার্চ পেরিয়ে এপ্রিল এল। চারদিকে চৈত্র সেলের বাজার। ফুটপাত আরও দখল হতে শুরু করল। হরেক কিসিমের জিনিস। পরিযায়ী হকার আর ক্রেতাদের ভিড়ে মেয়েটা কোথায় যেন হারিয়ে গেল সিদ্ধার্থদার গিয়র্গি লুকাচ বা আন্তোনিও গ্রামশির তত্ত্বে। মেয়েটাকে আবার খুঁজে পেলাম পয়লা বৈশাখের পর যখন ফুটপাথটা আবার কিছুটা খালি হল। তলপেটটা আরেকটু স্ফীত হয়েছে। মেয়েটা ফুটপাথের রেলিং-এ ঠেস দিয়ে বসে পা দুটো ভাঁজ করে একটা কাগজ নিয়ে কি যেন করছে।

আবার সেই কৌতূহল। উঁকি মেরে দেখলাম একটা বাতিল পেন দিয়ে কাগজটাকে ফুটো ফুটো করছে। দেখে মনে হল অনেকদিন যেন খাওয়া জোটেনি। একেবারে অকিঞ্চিতকর একটা ঘটনা। কিন্তু কেন জানিনা, ঘটনাটা একেবারে মাথায় বসে গেল। সেটা মাথায় মাঝেমাঝে আলপিনের খোঁচা দিতে শুরু করল। মেয়েটার জন্য কিছু করা যায় না?

ইমরান আলির দোকান থেকে চিপসের একটা বড় প্যাকেট কিনে মেয়েটার সামনে ছুঁড়ে দিলাম। মেয়েটা মুখ তুলে একবার আমার দিকে চাইল। ভীষণ রাগত দুটো চোখ। যেন আমাকে ভস্ম করে দিতে চায়। চিপসের প্যাকেটটা তুলে একটানে ছিঁড়ে চিপসগুলো ফুটপাথের ওপর ছড়িয়ে আবার কাগজটা কোলে নিয়ে ব্যস্ত হয়ে পড়ল।

পরেরদিন অফিসে সিদ্ধার্থদাকে ঘটনাটা বলতেই একটা সিগারেট ধরিয়ে ধোঁয়া ছেড়ে সিদ্ধার্থদা বললেন, “কী করতে চেয়েছিলে তুমি?”

“না, মানে ভাবছিলাম মেয়েটা প্রেগন্যান্ট। কিছু খাবার জোটে না। ইমরান বলছিল টাকা দিলে...”

“তা বলে আমেরিকান কোম্পানির চিপস?” সিদ্ধার্থদা আমার দিকে চেয়ে তির্যক্ হেসে বললেন, “এরপর এখান থেকে হাসপাতালে ভর্তি করে দিতে চাও নাকি?”

“না, না তা নয়। কিছু একটা। ধরুন একেবারে আমাদের অফিসের ফুটপাথে চোখের সামনেতো। একটু যদি আমরা টাকাকড়ি নিয়মিত দিতে পারি যাতে এই সময়টায় একটু ভালো খেতে পারে...”

সিদ্ধার্থদা আমাকে থামিয়ে দিয়ে বললেন, “ওভাবে সমাজে পরিবর্তন আনা যায়না। একটা স্ট্রে কেসকে অ্যাড্রেস করে কোনও লাভ হবেনা। মূল সিস্টেমটাকে অ্যাড্রেস করতে হবে। মূল ধরে ঝাঁকাতে হবে। তুমি জানো চিনে একটা শিশুও আজ ফুটপাথে জন্মায় না?”

লণ্ডন, চিনের জীবনযাপনের মত আমার অনেককিছুই জানা নেই। তাই চুপ করে গেলাম। অভিজয় আমার চেয়ে অল্প জুনিয়র। দুপরে ক্যানটিনে একসঙ্গে খেতে খেতে বলল, “দাদা, তোমার মত মেয়েটাকে দেখে আমারও মনে হয় কিছু করি। কিন্তু নিজেই ভেতরে ভেতরে সাবধান হয়ে যাই।”

“কেন?”

“কতদূর করতে পারবে তুমি?”

“মানে?”

“তোমাকে একটা ঘটনা বলি। আমার গাড়ি ধোয় যে লোকটা সে একটা সময়ে আমার কাছে মাঝেমাঝেই টাকা চাইত। বলত মেয়ের চিকিৎসার জন্য লাগবে। সন্দেহ হত, সত্যিই মেয়ের কিছু হয়েছে কিনা। একবার বললাম, নিয়ে আয় তোর মেয়েকে। পুরো চিকিৎসা আমি করিয়ে দেব। লোকটা একদিন সত্যিই দেশ থেকে নিয়ে এল মেয়েটাকে। পায়ে বিচ্ছিরি একটা ঘা। টাকাকড়ি দিয়ে ডাক্তারের কাছে পাঠালাম। প্রেসক্রিপশন মত ওষুধ কিনে দিলাম। তারপর টেস্ট। টাকা দিলাম। তারপর আরও টেস্ট, আরও টেস্ট... একজায়গায় থেমে গেলাম আমি।”

আভিজয়ের আঙুলগুলো মাখা ভাতের মধ্যে থেমে আছে। মুখ নিচু। একটা সময়ে মুখটা তুলে ভারাক্রান্ত গলায় বলল, “মেয়েটার চিকিৎসা মাঝপথে থামিয়েই ওর বাবা দেশে ফিরিয়ে নিয়ে

গিয়েছিল। পরে পা'টা অ্যামপুট করতে হয়েছিল। জানো দাদা, দেশে ফিরে যাওয়ার আগে ওর বাবা মেয়েটাকে আমার কাছে নিয়ে এসেছিল প্রণাম করাতে... আমার ব্যাংকে কিন্তু তখন অনেক টাকা ছিল। কিন্তু নিজেকেই থামিয়ে দিয়েছিলাম আমি।"

অভিজয় উঠে গেল। আমারও খেতে ইচ্ছে করছিলনা। কেন যে মিছিমিছি এসব ভাবছি। সিদ্ধার্থদা ঠিকই বলে। গোটা শহরে, গোটা রাজ্যে, গোটা দেশে এরকম বহু বেওয়ারিস পোয়াতি মহিলা আছে। একজনের জন্য করে কিচ্ছু হবে না। গোটা সিস্টেমকে বদ্‌লাতে হবে। তবু মেয়েটা মাথার মধ্যে আলপিনের খোঁচাটা দিতেই থাকল। পাড়ায় ছোটবেলার বন্ধু অনুষ্টুপ্‌কে কথাটা বলতেই অনুষ্টুপ্‌ হো হো করে হেসে উঠল, "শেষপর্যন্ত ফুটপাথের একটা প্রেগন্যান্ট মেয়ে তোকে নকশাল বানিয়ে ফেলল। সিস্টেম বদলে ফেলবি! নাজুক, নাজুক।"

রেগে উঠেও অসহায়ের মত বললাম, "প্রত্যেকদিন চোখের সামনে দুবেলা মেয়েটাকে দেখতে দেখতে অদ্ভুত একটা অস্বস্তি হচ্ছে, জানিস।"

বেশ বুঝতে পারছি, তোর একটা রোগ হয়েছে। মহৎ হতে চাওয়ার রোগ। মেয়েটার জন্য কিছু করে নিজের কাছেই নিজে মহৎ হতে চাস তুই।"

"ইয়ার্কি মারিস না।"
"ইয়ার্কি নয় সিরিয়াস। গোটা কলকাতায় চারদিকে এরকম অসংখ্য দৃশ্য আছে। প্রত্যেক ট্রাফিক সিগন্যালে গাড়ি দাঁড়ালে কচিকাঁচা ভিখিরিরা তোর গাড়ির কাচে ঠক ঠক করে। তখন মুখ ঘুরিয়ে থাকিস কেন? কারণ, ওখানে তোর মহত্ত্ব দেখার কেউ নেই। আফিসের সামনে হলে ব্যাপারটা বেশ জমবে। লোকে তোর মহান হৃদয়ের কথা জানতে টানতে পারবে আরকি!"

চুপ করে গেলাম। অনুষ্টুপ আমার কাঁধে নরম করে হাতটা রেখে বলল, "এসব একা করতে যাসনা। পাশে কাউকে পাবিনা। বরং পুলিশকে খবর দে। ভবঘুরেদের সরকারী হোমে পাঠানোর ব্যবস্থা আছে। নাহলে কোনও এনজিও জানাশোনা থাকলে খবর দে।"

পুলিশ! তারচেয়ে এনজিও'ই ভালো। কিন্তু আমার জানাশোনা কোনও এনজিও নেই। আমার বউয়ের অবশ্য এক বান্ধবী আছে। একটা বড় এনজিও'তে কাজ করে। রাত্রে বউকে ব্যাপারটা বললাম। বান্ধবীকে ফোন করল ও। কিন্তু কোনও সুরাহা হলনা। ওদের এনজিও ফুটপাথের গর্ভধারিণীদের নিয়ে কাজ করেনা। পরেরদিন অফিসে যাওয়ার সময় বউ আমাকে একটা পুরনো চাদর দিয়ে বলল, "মেয়েটাকে দিও।"

অফিসে ঢোকার মুখে দেখলাম মেয়েটা ঘুমচ্ছে। মেয়েটার সামনে চাদরটা ফেলে দিলাম। মেয়েটা বুঝতেও পারলনা। অফিসে আজ আলোচনার নতুন একটা বিষয়। নিপা ভাইরাস। বাদুড় নাকি ফলমুল থেকে ছড়াচ্ছে। বাবিনদা সাংঘাতিক উত্তেজিত, "ভাগাড়ের জন্য মাংস ছেড়েছি। এবার ফলমুলটাও ছাড়তে হবে। এ দেশে এবার না খেয়ে মরতে হবে দেখছি।"

সিদ্ধার্থদা মুচকি হয়েছে বললেন, "এসবই বড়লোকদের সমস্যা ভাই। রাস্তার ভিখিরিগুলোকে দেখো। রেস্টুর‍্যান্টের মাংসও খায়না, বাজারের ফলমুলও খায়না।"

সেদিন আফিস থেকে ফেরার সময় একটা বিরল দৃশ্য দেখলাম। মেয়েটার হাতে একটা কাচের গ্লাসে রঙিন শরবত। দু'হাত দিয়ে ধরে শরবতটা খাচ্ছে। ইমরান আলির দোকানে সিগারেট কিনতে কিনতে বললাম, "যাক মেয়েটা তাহলে শরবতওয়ালাকে বিশ্বাস করেছে।"
"বিশ্বাসতো অর্জন করতে হয় স্যার। অজ্ঞান হয়ে গিয়েছিল মেয়েটা। শরবতওয়ালা ছেলেটা খেয়াল করেছিল। আমাদের সবারতো মায়া পড়ে গিয়েছে। শরবতওয়ালা নরম কথায় বুঝিয়ে গ্লাসটা দিয়েছে।"

"কিন্তু এখন যদি ওর আন্ত্রিক হয়?"
"যার কেউ নেই, তার ওপরওয়ালা আছে স্যার।"
এই শহরে বৃষ্টি একদিন তার রাজপাট করতে নামল। যখন তখন তুমুল খেয়ালি বৃষ্টি নামে। মেয়েটার একটা ব্যবস্থা ইমরানরা করেছে। ইমরানের দোকানের একটু পেছন দিকে একটা পলিথিনের মাথাঢাকা ছাউনি করে দিয়েছে। চট করে ফুটপাথ থেকে দেখা যায়না জায়গাটা। তবে যাতায়াতের পথে আমার চোখ ঠিক পড়ে যায়। একটু তৃপ্ত লাগে। মেয়েটা আমার বউয়ের দেওয়া চাদরটা গায়ে জড়িয়ে শুয়ে থাকে। হাতদুটো নিষ্পাপের মত ছুঁয়ে থাকে ওর আরও স্ফীত হয়ে ওঠা পেট'টাকে। বর্ষার পর শরত এলো। আকাশের মেঘ কেটে ঝকঝকে নীল আকাশে দুধ সাদা মেঘের ভেলা ভেসে বেড়াতে

শুরু করল। আকাশে বাতাসে শারদ উৎসবের ডাক। মেয়েটা ওই ইমরান আলির দোকানের পেছনে গিয়ে আস্তে আস্তে আমার সচেতন মন থেকে কবে যেন হারিয়ে গিয়েছিল। আর খেয়াল করতাম না। বাবিনদাও একটা নোংরা পোয়াতি মেয়ে আফিসের সামনে থেকে সরে গিয়েছে দেখে খুশি। এখন অফিসে তুমুল আলোচনা হয় দুর্গা পুজোয় কোন জায়গায় কী থিমের প্যান্ডেল হচ্ছে এবার। তারমধ্যেই একদিন ইমরানের দোকানের পেছনে ফাঁকা জায়গাটা দেখে বুকের মধ্যেটা ধক করে উঠল।

"কোথায় গেল ইমরান, ওই মেয়েটা?"
"ও হো, আপনাকে বলাই হয়নি। পরশু গভীর রাতে মেয়েটার ব্যথা উঠেছিল। সিভিক ভলেন্টিয়াররা অ্যাম্বুলেন্স ডেকে ওকে হাসপাতালে পাঠিয়েছে।"

"কোনও খবর পেয়েছ?"
"না স্যার। পেলেই আপনাকে আগে জানাব।"
দিন যায়। খেয়াল রাখি। মেয়েটাকে আর দেখা যায়না। একদিন অফিসের সিকিওরিটি এসে বলল, "স্যার। ওই সিগারেটের দোকানের ইমরান আপনার সঙ্গে দেখা করতে এসেছে।"

খুব অবাক হলাম। ইমরান কোনদিন অফিসে দেখা করতে আসেনি। বেরিয়ে এলাম। ইমরানের মুখ দেখলাম খুশিতে ঝলমল করছে। বলল, "স্যার, আপনি আসুন একবার দেখতে আসুন।"

তাড়াতাড়ি ইমরানের সঙ্গে আফিসের বাইরে বেরিয়ে এলাম। দু'পা এগোতেই দেখলাম মেয়েটাকে। কোলে একটা ফুটফুটে দেবশিশু। কয়েকজন স্কুল ফিরতি বাচ্চা মেয়ে দাঁড়িয়ে পড়ে ঝুঁকে বাচ্চাটাকে দেখছে। মুখ দিয়ে নানানরকম আহ্লাদি আওয়াজ করছে। একজন এগিয়ে দিল ওর ওয়াটার বটলটা।

মেয়েটাকে আজ প্রথম হাসতে দেখলাম।
লণ্ডন শহরটা কেমন আমি দেখিনি। বেজিং শহরটাই বা কেমন আমি দেখিনি। মনে হল, সেই না দেখা শহরগুলো আমার শহরের চেয়ে সুন্দর হতেই পারেনা। এমন নির্মল হাসি, এমন প্রাণবন্ত শিশুর দল, এই গ্রহের অন্য কোনও শহরে আছে কি!

গল্প

# ফেলুরাজের কবচ

## দেবারতি মুখপাধ্যায়

ভারত

অঙ্গরাজ খুব ভাল করে বুঝে গেছে যে, ওদের উচিৎপুর হাই স্কুলের হেডমাস্টার বিষমজ্যোতি সেন মোটেই কোন সাধারণ মানুষ নন। শুধু ও একা নয়, যেদিন থেকে বদলি হয়ে এসে স্যার এই স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব নিয়েছেন, সেদিন থেকেই স্কুলের ছাত্রছাত্রীরা তো বটেই, এলাকার মানুষজনও এই ব্যাপারটা ভাল করে অনুভব করছে।

যে মানুষ দিনের আলোয় প্রচণ্ড কঠিন অংক কষতে দিয়ে ছাত্রছাত্রীদের চুল খাড়া করে দেন, চোখের পলকে সল্ভ করে ফেলেন দুরূহ সব প্রবলেম, আবার সেই মানুষই কিনা ছুটির পর ছাত্রছাত্রীদের নিয়ে গল্পের আসর বসান। বাড়ি ফিরে বেহালা আর ছড় নিয়ে বসে পড়েন। তখন তাঁর চকের গুঁড়োমাখা হাত দিয়ে বেরোয় অপরূপ সব সুরমূর্ছনা। এমন মানুষ কি হেঁজিপেঁজি কেউ নাকি?

এমনিতে বিষমজ্যোতি স্যারকে দেখলে তেমন কিছুই বোঝা যায় না। চেহারা যেমন ভারি, মেজাজটিও রাশভারি। স্কুলের পেছনেই হাঁটাপথে ভাড়াবাড়িতে থাকেন, একা মানুষ, স্কুলের ফার্স্ট বেল পড়ার আগেই পরিপাটি ইস্ত্রি করা শার্ট প্যান্টে গুঁজে চলে আসেন। স্কুলের ঢোকার সময় বাইরে হুল্লোড় করা ছাত্রছাত্রীদের দিকে একঝলক তাকান। উদাস নিঃস্পৃহ সেই দৃষ্টিতে একইসঙ্গে খেলা করে নানারকম রস। হাসি। করুণা। বিরক্তি। আরো কত কী।

ওদের ক্লাসের সুপ্রতিম আগের বছরই ইংরেজি মিডিয়াম স্কুল ছেড়ে এই স্কুলে ঢুকেছে। কথায় কথায় বাইবেল আওড়ানোর অভ্যেস তার এখনো যায়নি। সে একদিন বলল, "আমার মনে হয়, বিষমস্যারই আগের জন্মে যীশুখ্রিস্ট ছিলেন।"

"কেন? এমন কথা বলছিস কেন?" অঙ্গরাজ তো বটেই, ওর সব বন্ধুরা কলকল করে ওঠে।

"ওই যে, যীশু বলেছিলেন না, হে ঈশ্বর এদের ক্ষমা করো, এরা জানে না এরা কী করছে..!" সুপ্রতিম চলে যাওয়া বিষমস্যারের দিকে দেখতে দেখতে দীর্ঘশ্বাস ছাড়ে, "স্যারের চাউনিটা যেন তেমন গোছেরই!"

ফার্স্ট বয় নিষাদ ফুঁৎকারে উড়িয়ে দেয় সুপ্রতিমের সেই থিওরি, "ধুস। হতেই পারে না!"

"কেন? হতে পারে না কেন?"

"যীশুখ্রিস্ট তো দু'হাজার বছর আগের মানুষ, হেডস্যার তারপর এতগুলো বছর একবারও জন্মাননি, তা কি কখনো হতে পারে?" নিষাদ ভারিক্কি স্বরে বলে, "হ্যাঁ এটা হতে পারে যে, স্যার জন্মেছেন। বারবার জন্মেছেন। কিন্তু ওই লাইনটা ভোলেননি। সেই যে জাতিস্মর না কী বলে, সেই কেস! স্যার তো আমাদের রামায়ণ মহাভারতের গল্প বলেন। এও হতে পারে, স্যার ওখানকারও কেউ ছিলেন।"

তাও বটে। সবাই নিষাদের কথায় সায় দেয়। এমনি এমনি তো আর নিষাদ ফার্স্ট হয় না। ছেলের মাথায় বুদ্ধি একেবারে গজগজ করছে।

কিন্তু সে তো বেশ কিছুদিন আগের কথা। আজ সকালে স্যার যখন সোজা হেঁটে আসতে গিয়ে অঙ্গরাজের দিকে সোজাসুজি তাকালেন, ও কেমন যেন কেঁপে উঠল। নিষাদ যাই বলুক, স্যারের এই দৃষ্টিটা কেমন যেন অন্তর্ভেদী গোছের। অনেকটা এক্স রে মেশিনের মত। মনে হয়, বাইরের সব কিছু ভেদ করে ধাঁ করে ভেতরে গিয়ে গড়গড়িয়ে মনখানা পড়ে ফেলছেন।

অন্যসময় হলে অঙ্গরাজ কুঁকড়ে থাকত, স্যারের চোখে চোখই রাখত না। দেখতে না পাওয়ার ভান করে সড়াৎ করে চলে যেত টয়লেটের দিকে।

কিন্তু আজ তো ওর বুক ফুলিয়ে ঘোরার দিন। নিষাদ, সুপ্রতিমদের ঈর্ষামাখা চোখ, গোটা স্কুলের বিস্ময় দৃষ্টি। ও তো আজ হিরো।

না। একটু ভুল হল। শুধু আজ নয়, আজ থেকে উচিৎপুর হাই স্কুলের ও-ই একমাত্র হিরো!

জড়তা কাটিয়ে ও গালভরা হাসল, "গু-গুড মর্নিং, স্যার!"

বিষমস্যার কিন্তু হাসলেন না। সেই একইভাবে ওর দিকে কিছুক্ষণ তাকিয়ে রইলেন। তারপর খুব ধীরে ধীরে একটা অদ্ভুত কথা বললেন।

"তুই ঠিক আছিস তো?"

অঙ্গরাজ বেকুব হয়ে গেল। মানেটা কী? গতকাল ক্লাস নাইনের অ্যানুয়াল পরীক্ষার রেজাল্ট বেরিয়েছে। সবাইকে চমকে দিয়ে ও যে শুধু ফার্স্ট হয়েছে তাই নয়, বরাবরের ফার্স্ট বয় নিষাদকে ফেলে দিয়েছে অনেক পেছনে। ও ঠিক থাকবে না কেন?

তবে হ্যাঁ, ও ঠিক থাকলেও বাকিদের ঠিক না থাকারই কথা। নিষাদ যেমন ক্লাস ওয়ান থেকে আজ অবধি কোনদিনও সেকেন্ড হয়নি, তেমনই আজ অবধি অঙ্গরাজও কোনদিন শেষের দিক থেকে সেকেন্ড হয়নি। চিরকালের লাস্ট বয়। এ সেকশনের সবচেয়ে পেছনের রোল নম্বরটা চিরকালের জন্য ওরই জন্য সংরক্ষিত ছিল।

আজীবন যে লাস্ট হয়ে এল, যে এক মাস আগে অবধিও ঠিক করে একখানা ইংরেজি বাক্য কিংবা একখানা পাটিগণিত অবধি কষতে পারত না, সে কখনো হঠাৎ করে সটান ফার্স্ট হয়ে যেতে পারে? না হওয়া সম্ভব!

এই চিন্তা যে স্কুলের কারুর আসেনি, তা নয়। বলতে গেলে, প্রায় সবারই এসেছে। আবার ইতিহাসের সহজ সরল বর্ণালী ম্যাডাম তাঁর ভারি চেহারা নিয়ে শিশুর মত উচ্ছ্বাসে মেতেছেন, ছোট ক্লাসের ছেলেমেয়েদের গিয়ে গিয়ে বলেছেন, "দেখলে তোমরা? দেখলে? মানুষ চেষ্টা করলে কী না পারে! অঙ্গরাজদাদা কত বকুনি খেয়েছে আমাদের কাছে, ভালর জন্যই অবশ্য আমরা বকতাম। কিন্তু তার এমন জেদ চাপল, দেখিয়ে দিল আমাদের সবাইকে! দেখলে? লাস্ট থেকে একেবারে ফার্স্ট। তোমরাও চেষ্টা করো। তোমরাও পারবে।"

অঙ্গরাজ হাসি হাসি মুখে যতই ঘুরুক, স্পষ্ট যেন শুনেছে, অনেক জুনিয়র টিচার বিড়বিড় করছে।

"যতই জেদ চাপুক, ক্লাস নাইন অবধি যার বেসই নড়বড়ে, সে কেমন করে একেবারে প্রথম হতে পারে?"

কেউ আবার ফিসফিসিয়ে সঙ্গত করে, "তারপর শুনলাম, অ্যানুয়াল পরীক্ষার আগের মাসে হওয়া ইউনিট টেস্টেও অংকে শূন্য পেয়েছে। বলি, ইতিহাস ভূগোল মুখস্থ করে উৎরোতে পারে, কিন্তু অংকে রসগোল্লা থেকে কেউ পঁচানব্বই পেতে পারে? কিংবা ধরো ইংরেজি? জিতেনস্যার তো বলছেন, ব্যাটাচ্ছেলে টেনস অবধি ঠিক করে জানত না। সেখানে সাতাশি? হয় কখনো?"

"হয়ে যে বসে আছে, তা তো দেখতেই পাচ্ছ। এ যেন গুপি বাঘার বর পাওয়ার মত ব্যাপারস্যাপার! তা গপ্পে এসব পড়তে ভাল লাগে, বাস্তবে এমন বাপের জন্মে দেখিনি।"

অন্যজন গলা নামিয়ে আনে নীচু তারে, "অথচ দ্যাখো, টুকলি করেছে, তেমনটাও বলা যাবে না। ইয়ে মানে আমরাই তো গার্ড দিয়েছি। আর টুকে এক আধটা পেরনো যায়, এমন মারকাটারি রেজাল্ট হয় নাকি?"
দ্বিতীয়জন ঠোঁট উল্টোয়, "কি জানি। হতেও পারে। রক্তটা দ্যাখো। কোন বাড়ির ছেলে। রক্ত কথা বলে গো!"

অঙ্গরাজের কানে সবই আসে। উঁচু ক্লাসের দাদাদিদিদের



ফিসফাস, স্যার ম্যাডামদের গুঞ্জন। ও গুরুত্ব দেয় না। স্কুলছুটির পর চলে যায় মাঠে। আজ হেডস্যার ওদের কুরুক্ষেত্রের গল্প শোনাবেন। একমাস ধরে স্যার মহাভারতের গল্প বলছেন। তিনদিন হল যুদ্ধ শুরু হয়েছে। একেবারে মারমার কাটকাট ব্যাপার যাকে বলে। উৎসুক চোখে ও এককোণে বসতেই শুনতে পেরেছিল, শুভম সুপ্রতিমকে বলছে, "ফেলুরাজ ঠিক করে নিজের নামখানা লিখতে পারবে কিনা সন্দেহ, সেখানে ... কিছুতো একটা ব্যাপার তো আছেই বস!"

অঙ্গরাজ সরে বসল। ওর বুকের ভেতরটা দুলে উঠল কেমন।

বাড়িতেও ছোটখাটো একটা ভূমিকম্প হয়ে গেছে গতকাল। ভূমিকম্প হলে যেমন নীচের প্লেট ওপরে উঠে আসে, ঠিক তেমনই এতবছর ধরে ওর জন্য সঞ্চিত রাখা যে ভালবাসা বাড়ির সকলের মনের মধ্যে গভীর ঘুমে সুপ্ত ছিল, হঠাৎ করেই সেই ভালবাসার প্লাবন জেগে উঠে ব্যতিব্যস্ত করে তুলেছে ওকে। বাড়ির সবাই ভালবাসছে অঙ্গরাজকে। পাগলের মত ভালবাসছে। এমন ভালবাসা জ্ঞান হওয়া অবধি কখনো পায়নি ও।

উচিৎপুর শহরতলির মফস্বল হলেও অত্যন্ত বর্ধিষ্ণু এলাকা। আর এই এলাকার সবচেয়ে শিক্ষিত ও সংস্কৃতিমনস্ক পরিবারটি হল এই সেন পরিবার। প্রায় একশো বছর আগে মধুসূদন সেন রিটায়ামেন্টের পর কলকাতা শহর থেকে বেশ কিছুটা দূরে এই গ্রামে বাড়ি করেছিলেন। তিনি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তাঁর ছিল তিন পুত্র, চার কন্যা। প্রত্যেকেই স্ব স্ব ক্ষেত্রে একেকটি রত্ন। কেউ নামকরা ডাক্তার, কেউ বিখ্যাত বিজ্ঞানী, কেউ বিদেশে বড় চাকরি করেন, কেউ আন্তর্জাতিক পুরস্কার পাওয়া চিত্রশিল্পী, সকলেই একেকটি রত্ন। অঙ্গরাজের বাবা মা দুজনেই নামী কলেজের অধ্যাপক।

অঙ্গরাজরা দুই ভাই। অধিরাজ আর অঙ্গরাজ। দাদা অধিরাজ এই তল্লাটের বিখ্যাত ছাত্র, মাধ্যমিক আর উচ্চমাধ্যমিক দুটোতেই রাজ্যের মধ্যে প্রথম দশে ছিল। আই আই টি থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পড়ে সে চলে যায় আমেরিকায়। পি এইচ ডি সেরে এখন সে সেখানকারই এক বিশ্বখ্যাত গবেষণা সংস্থায় সিনিয়র সায়েন্টিস্ট। বছরে দুবার সে দেশে আসে। তখন তাকে নিয়ে আহ্লাদের কোনো সীমা থাকে না।

এরকম একটা পরিবারের মধ্যে অঙ্গরাজ হল যাকে বলে ব্ল্যাক শিপ। প্রতিবছর কেঁদেকঁকিয়ে পাশ করে। দু'একবার ফেলও করেছে। প্রথমে তাকে দাদার পদাংক অনুসরণ করে শহরের এক নামজাদা ইংরেজি মিডিয়াম স্কুলে ভর্তি করানো হয়েছিল। কিন্তু কিছুতেই সেখানে এঁটে উঠতে পারেনি। তারপর আরো দু একটা স্কুল ঘুরে তাকে আসতে হয়েছে ঘরের কাছের উচিৎপুর হাই স্কুলে। শুধু লেখাপড়ায় নয়, সবেতেই সে লবডঙ্কা। না পারে খেলাধুলোয় কিছু করতে, না পারে ছবি আঁকতে, না পারে বন্ধুবান্ধব নিয়ে জমিয়ে গল্প করতে। অকিঞ্চিৎকর আগাছার মত ক্লাসের এককোণায় পড়ে থাকে সে। মাঝে মাঝে কী সব লেখে তার ডায়েরিতে। ওইটুকুই। বন্ধুরা তাকে ডাকে 'ফেলুরাজ' বলে।

বাবা মা তো বটেই, কাকা, পিসি, মামারা অনেক চেষ্টা করেছেন। বাবা চিৎকার চেঁচামেচি করেছেন। মা দু'ঘা দিয়েছেন। কাকা পিসিরাও হুল ফুটিয়ে গেছেন ক্রমাগত। কিন্তু কিছুতেই কিছু হয়নি। অঙ্গরাজের মাথায় যেন কোন কিছুই ঢোকে না। এই মুহূর্তে যা বোঝানো হয়, পরমুহূর্তে জিজ্ঞেস করলে ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকে সে। মাথা চুলকোয়।

এভাবে চলতে চলতে সবাই একরকম হাল ছেড়েই দিয়েছিল। কী আর করা যাবে। অতীতের কোন পাপের ফলে এই অপদার্থ ছেলেটি সেন পরিবারের মত বংশে জন্ম নিয়েছে, তা নিয়ে সবারই রাগ ক্রমে পরিণত হয়েছে বিলাপে। সবশেষে সেই বিলাপ জন্ম দিয়েছে হতাশার।

কিন্তু হঠাৎ এই কাণ্ড। যে ছেলে সারাবছর কিচ্ছু পারে না, সে হঠাৎ করে গোটা স্কুলের মধ্যে ফার্স্ট হয়ে শোরগোল ফেলে দিয়েছে।

বাড়িতেও একই অবস্থা। বাবা মা কাকা জ্যাঠা পিসিরা সবাই খুশির চেয়েও বেশি অবাক। কিছুদিন আগে দাদা অধিরাজ বাড়ি এসেছিল, তাকে নিয়ে উৎসবের ঢেউয়ে মেতেছিল গোটা বাড়ি। সে ফিরে যেতেই কিছুটা ম্রিয়মান হয়ে পড়েছিল সকলে। কিন্তু এখন সবাই দ্বিগুণ উত্তেজিত।

অঙ্গরাজের ঠাকুমা কলেজে ইতিহাস পড়াতেন। অবসরের পর বাড়িতে বইপত্র নিয়েই তাঁর সময় কেটে

যায়। বাড়ির মধ্যে একেবারে অন্যরকম এই নাতিটিকে তিনি ছোট থেকে একটু বেশিই স্নেহ করেন। তার কারণটা অবশ্য আলাদা।

অঙ্গরাজ পড়াশুনো না পারুক, ঠাকুমার কখন কোন ওষুধ খেতে হবে, কখনো ভুলে যায় না। বড়পিসির পায়ে ব্যথা, প্রতিদিন স্নান করে বেরিয়ে নীচু হয়ে পা'দুটো ভাল মুছতে পারেন না। অঙ্গরাজ ছুটে গিয়ে পরম মমতায় মুছিয়ে দেয়। এছাড়া বাড়ির খুড়তুতো ভাইবোনগুলোর প্রতিও তার ভারি দয়ামায়া। ছোট ছোট ভাইবোনগুলোকে সে যত্ন করে খাইয়ে দেয় মাঝেমধ্যেই। খেলতে গিয়ে তাদের কেটেছড়ে গেলে ওষুধ লাগিয়ে দেয়। প্রতিদিন নিয়ম করে ঠাকুমার কাছে গল্প শোনে। দেশবিদেশের গল্প। ইতিহাসের গল্প। পুরাণ।

ঠাকুমা চোখ থেকে চশমা খুলে গলায় ঝুলিয়ে ধরা গলায় বললেন, "আমি জানতাম। মধুসূদন সেনের বংশধর, একদিন না একদিন ধুলোমাটির আস্তরণ মুছে যাবেই। ওরে, তোরা ভাবতিস জিরে, আসলে ও হীরে। আমি ওকে ঠিক চিনেছিলাম। তোরাই চিনতে পারিসনি।"

আনন্দে মা চোখের জল মুছছেন ঘন ঘন। ছোটকাকা বরাবরই হুল্লোড়ে, সোজা গাড়ি চালিয়ে চলে গেলেন শহরে। সেখান থেকে বাড়িশুদ্ধ সকলের জন্য চলে এল বিরিয়ানি। মেজপিসি খবর পেয়ে তাঁর হাসপাতালের ডিউটি ছেড়ে এসে অঙ্গরাজের হাতে পরিয়ে দিলেন একখানা দামী রিস্টওয়াচ।

সবশেষে রাতে নিজের ঘরে ঢুকে একখানা দীর্ঘশ্বাস ফেলল অঙ্গরাজ। নিউইয়র্কে এখন ক'টা বাজে? বোধহয় ভোর হয়েছে সবে। হোক। এখনই দাদাভাইকে ফোন করতে হবে।

অধিরাজ ল্যাব থেকে ফিরে ঘুমোচ্ছিল। ফোন তুলে জড়ানো গলায় বলল, "বল। রেজাল্ট বেরিয়েছে?"

"হ্যাঁ দাদাভাই। আমি ... আমি ফার্স্ট হয়েছি।" অঙ্গরাজের নিজের কণ্ঠস্বর নিজের কাছেই কেমন যেন অচেনা ঠেকছিল। জীবনে প্রথম এই তিনটে শব্দ ও একসঙ্গে উচ্চারণ করল। ওর ঠোঁটও বোধহয় সেই বিস্ময়টা হজম করতে না পেরে কাঁপতে শুরু করেছে।
"সাব্বাশ! একেবারে ফার্স্ট?" ফোনের ওপার থেকে অধিরাজ চেঁচিয়ে উঠল, "তুই তো স্টার বনে গেলি!"

।। ২ ।।

পৃথিবীর খুব কম মানুষই আছে যারা নতুন করে বাঁচে। বেশিরভাগ লোকই আসলে একটাই বছর বারবার পারাপার করে চলে। অঙ্গরাজের এই ষোল বছরের জীবনও ছিল তেমনই নিস্তরঙ্গ। নিশ্চল। বাড়িতে, পরিবারে, পাড়ায়, স্কুলে সবাই মোটামুটি বুঝে গিয়েছিল যে, সেনবাড়ির এই 'ফেলুরাজ' এর ভবিষ্যৎ একেবারেই লঝঝড়ে। অঙ্গরাজ নিজেও তাই বুঝেছিল। মেনেও নিয়েছিল। নিজের মত স্কুল যেত, ভাইবোনদের নিয়ে খেলত বটে, তবে সারাক্ষণ প্রত্যেকের কাছ থেকে তাচ্ছিল্য কেমন যেন গা সওয়া হয়ে গিয়েছিল ওর।

তবে সে নিয়ম করে দু'বেলা পড়তে বসত। টুকটাক বাড়ির সকলের এটা ওটা হুকুম সারত হাসিমুখে। আর যখনই সময় পেত, সকলের চোখের আড়ালে খুলত ওর গোপন ডায়েরি। লিখত কবিতা।

তুমি কি শুনতে পাও,
পড়ার টেবিলের উপর মাথা ঠুকে যায়?
বইয়ের পাতা যেন বন্দী শিকল,
আমার মন যে খাঁচায় আটকে যায়।

এমনই কত টুকরো টুকরো কবিতা। যেদিন যা মনে হয়। কোনকালেই ও বেশি ভাবে না। কেউ সামান্য ভালবাসা, স্নেহ দেখালে স্থির থাকতে পারে না, উজাড় করে দেয় ও। কারুর মুখে হাসি ফোটাতে পারলে দারুণ আনন্দ হয়। সেদিন ওর কলমে বাঁধ ভাঙে আনন্দের কবিতারা। আবার যেদিন কেউ অকারণে শ্লেষমাখা কথা বলে, বন্ধুরা ভরিয়ে দেয় উপহাসে, সেদিন লেখে বিষাদমাখা সব লাইন।

তবে ওরই মত অকিঞ্চিৎকর ওর কবিতা। কেউ দেখতেও চায়নি। আগ্রহও দেখায়নি। ব্যতিক্রম ছিলেন শুধুমাত্র একজন। নতুন হেডমাস্টার বিষমজ্যোতি স্যার।

ক্লাসে ও কোনদিনই কোন অংক পারত না। স্যার বকতেন। গর্জন করতেন। সেই ধমকে ও থরথর কাঁপত। কিন্তু একদিন স্যারের চোখে ধরা পড়ে গেছিল ওর প্রতিদিনের কবিতা। সেদিন স্কুল আসতে অনেক দেরি হয়ে গিয়েছিল, শাস্তি দিয়েছিলেন হেডস্যার।

বিকেলে স্কুলের মাঠে ওর ডায়েরিটা কীভাবে যেন চোখে পড়ে গিয়েছিল স্যারের।
রাস্তার ধারে কুকুরছানা,
রক্তে ভেজা, কাঁপছে একা।
স্কুলের পথে স্নেহে ছুঁই,
জল দিয়ে ধুই, ক্ষত বেঁধে দিই।
স্যার বেশ অবাক চোখে বলেছিলেন, "তুই রাস্তায় কুকুরছানার শুশ্রূষা করছিলি?"
অঙ্গরাজ নীরবে মাথা নেড়েছিল।
স্যার আবার বলেছিলেন, "তুই কবিতা লিখিস?"
ও আর কিছু বলতে পারেনি। লজ্জায় সংকোচে মাটির দিকে তাকিয়ে চুপ করে দাঁড়িয়েছিল। বন্ধুরা দূর থেকে ফিকফিক করে হাসছিল। নিজেদের মধ্যে বলাবলি করছিল, "ফেলুরাজও কবিতা লেখে! তবে তো আরশোলাও পাখি!"
পরের দিন থেকে হেডস্যার বকলেও সেই বকুনির তীব্রতা যেন একটু কমে গিয়েছিল। অ্যাসিস্ট্যান্ট হেড মাস্টার পরেশবাবু অঙ্গরাজকে একেবারে সহ্য করতে পারেন না। সময়ে অসময়ে অকারণে যে কোন ছুতোয় ওকে সকলের সামনে অপদস্থ করেন। হ্যা হ্যা করে হাসেন। হেডস্যার একদিন বোধহয় সেই নিয়ে পরেশবাবুকে তিরস্কার করেছিলেন, পর দিন থেকে অঙ্গরাজকে দেখলেই পরেশ স্যার মুখ ঘুরিয়ে নেন।
এভাবেই ভালমন্দয় চলছিল। আর ঠিক এরকম সময়েই ঘটল সেই অদ্ভুত কাণ্ডটা। যাতে অঙ্গরাজের জীবনটাই পালটে গেল।

ছুটিতে বাড়ি এসেছিল দাদাভাই। দাদাভাই অবশ্য কোনকালে ওকে তেমন তুচ্ছতাচ্ছিল্য করত না। এতটা ছোট বলে হয়ত স্নেহই করত। সে এখন আমেরিকায় ন্যানোটেকনোলজি নিয়ে গবেষণা করছে। একাধিক বিখ্যাত জার্নালে নিয়মিত তার রিসার্চ পেপার প্রকাশিত হয়ে চলেছে।

যেদিন অঙ্গরাজের বাড়ির প্রাইভেট টিউটর পিকুদা পড়িয়ে বেরনোর সময় বলে গেল, "এবারে তোর ফেল করা কেউ আটকাতে পারবে না," সেদিন দাদাভাই ভেতরের ঘরে নিজের ল্যাপটপে মগ্ন হয়ে ছিল।

মুখ চুন করে অঙ্গরাজ ঘরে আসতেই একটা অদ্ভুত কথা বলেছিল দাদাভাই।

"নদীর চরে হাঁটতে যাবি?"
অঙ্গরাজ বেশ অবাক হয়েছিল। দাদাভাই চিরকালই ঘরকুনো। ঘরের মধ্যে নয় বই, নই কম্পিউটারেই মুখ গুঁজে থাকে। তাছাড়া, কখনোসখনো বেরোলেও ওর একটা ক্লোজড গ্রুপ আছে। কিংশুকদা। সুমন্তদা। পলাশদা। সকলেই বড় বড় চাকরি করে। ছুটিছাটায় দেখা হয়।

দাদাভাই ওর অমূল্য সময় অঙ্গরাজের সঙ্গে কেন অপচয় করতে চাইছে?

তবে মনে চিন্তা এলেও কোনকালেই অঙ্গরাজ বেশি ভাবে না। যে যা বলে, বিশ্বাস করে। কারুর দুঃখে ওর দু'চোখ ছাপিয়ে জল আসে। দাদাভাইয়ের কথায় ও আনন্দে নেচে উঠেছিল। দাদাভাইকে নিয়ে ওর ভারি গর্ব। ডঃ অধিরাজ সেন। গোটা উচিৎপুরে ওর এত বন্ধু, কারুর কি ওর মত দাদা আছে, যে এত বড় বিজ্ঞানী?

মনের আনন্দে সেদিন দাদাভাইয়ের সঙ্গে ও হাঁটতে হাঁটতে চলে গিয়েছিল নদীর চরে। নদী অবশ্য লোকমুখে, আসলে একখানা খাঁড়ি। দাদাভাই চিনেবাদাম কিনেছিল, ওকে কিছুটা দিয়ে নিজে খেতে খেতে চরে বসে কী যেন ভাবছিল।

অঙ্গরাজ অপলকচোখে দেখছিল ওর অগ্রজকে। এতবছর আমেরিকায় আছে বলে গ্ল্যামার আর বুদ্ধিদীপ্ত ভাব দুটোই যেন আরো বেড়েছে দাদাভাইয়ের। দেখতে দেখতে ওর মনটা কেমন গর্বে ভরে উঠছিল। উহ, এই মানুষটা ওর দাদা?
ওর চিন্তার জাল ছিন্ন করে দিয়ে দাদাভাই বলেছিল, "আচ্ছা, তোর খুব ভাল নম্বর পেতে ইচ্ছে করে না?"
অঙ্গরাজ হেসে ফেলেছিল, "সে কার ইচ্ছে করবে না দাদাভাই! কিন্তু ভাল নম্বর পাওয়া কি সোজা ব্যাপার? আমার অত মাথায় থাকে না যে।"
"তোর মাথায় তবে কী থাকে?"

অঙ্গরাজের মুখ দিয়ে বেরিয়ে আসতে যাচ্ছিল, "কবিতা", ও দ্রুত সামলে নিল।

তারপর দাদাভাই একটা অদ্ভুত কথা বলেছিল, "অভি, আমি এমন একটা ব্যবস্থা করে দিতে পারি,

তুই দারুণ নম্বর পাবি। ফার্স্ট সেকেণ্ডও হয়ে যেতে পারিস। তুই কি রাজি আছিস?"
"মানে?"

দাদাভাই কি মজা করছে ওর সঙ্গে? সেটা কোন অদ্ভুত বিষয় নয়, সবাই-ই অঙ্গরাজের সঙ্গে মজা করে। কিন্তু দাদাভাইয়ের মুখচোখে যে মজার লেশমাত্র নেই!
দাদাভাই বোধ হয় ওর মনের কথা বুঝতে পেরেছিল। বলেছিল, "মজা করছি না। তুই তো জানিস, আমি ন্যানোটেকনোলজি নিয়ে কাজ করি। আমার মূল কাজের ক্ষেত্র হল এ আই। এ আই মানে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স। সেটা কী, জানিস তো?"
নামটা কেমন যেন শোনা শোনা লেগেছিল। নিষাদ যেন একবার ক্লাসে এই শব্দটা বলেছিল। অঙ্গরাজ দুপাশে মাথা নেড়েছিল, "না।"

"কৃত্রিম বুদ্ধিমত্তা হল একধরণের টেকনোলজি যেটা কম্পিউটারকে মানুষের যুক্তি বুদ্ধিমত কাজ করায়। এখন এ আই নিয়ে সারা পৃথিবীতে তোলপাড় পড়ে গেছে।"
"কেন?"
"বাহ, এতদিন এমনিতেই কম্পিউটার কত লোকের কাজ কেড়ে নিয়েছে। টাইপিং। হিসেব। অটোমেটিক করে ফেলেছে কত কিছু। এতদিন মানুষের কাছে ছিল শুধু তার নিজস্ব বুদ্ধি আর ক্রিয়েটিভিটি। সেটাও যদি মেশিন নিয়ে নেয় ...।" বোঝাতে বোঝাতে থমকে গিয়েছিল দাদাভাই, "তুই তো গান ভালবাসিস। তোর প্রিয় গায়ক কে?"

"অনেকেই আছেন। উমমম ...।" একটু ভেবে বলল অঙ্গরাজ, "কিশোরকুমার। হেমন্ত মুখোপাধ্যায়। বেগম আখতার।"

"হুম। এখন ধর, এ আই ঠিক কিশোরকুমারের গলাতেই তোকে নতুন কোন একটা গান গেয়ে দেবে। তবে কেমন হবে ব্যাপারটা?"

চমকে উঠেছিল অঙ্গরাজ, "ওমা! সে আবার হয় নাকি!"
"অলরেডি হচ্ছে। খবর তো কিছুই রাখিস না। লিওনার্দো দ্য ভিঞ্চি, ভ্যান গঘের মত তুলির আঁচড়ে কম্পিউটার এমন আঁকা এঁকে ফেলছে, মনে হবে যেন ওঁরাই আঁকলেন একটু আগে। চোখের পলকে মোৎজার্ট বা বিটোভেনের ধাঁচে হয়ে যাচ্ছে সুরের কম্পোজিশন। মেশিন লার্নিং, ন্যাচারাল ল্যাঙ্গোয়েজ প্রসেসিং, কম্পিউটার ভিশন নিয়ে কাজ করছি আমরা।" দাদাভাই একটা দীর্ঘশ্বাস ফেলেছিল, "এরকমভাবে আঁকা লেখা গান সবকিছু একদিন করে ফেলবে মেশিন। লেখক, চিত্রকর, গায়কদের আর দরকার হবে না। ক্রিয়েটিভিটি আর মানুষের একচ্ছত্র সম্পত্তি থাকবে না। এই নিয়ে আমেরিকায় লেখকরা কতদিন ধরে আন্দোলন চালিয়ে আসছেন, জানিস! এ আই কে নাকি নিষিদ্ধ করতে হবে। কিন্তু তা কি সম্ভব? প্রযুক্তিকে কখনো আটকানো যায়?"

শুনতে শুনতে তন্ময় হয়ে যাচ্ছিল অঙ্গরাজ। দাদাভাই কি সত্যি বলছে?
ও ভাবছিল আনমনে, ঠিক তখনই দাদাভাই সেই কথাটা বলেছিল।

দাদাভাইয়ের টিম নাকি একধরণের কনট্যাক্ট লেন্স বানিয়েছে। চোখে পড়লে তা স্বয়ংক্রিয়ভাবে যে কোন জিনিষ স্ক্যান করে প্রয়োজনীয় পরবর্তী কাজ করতে পারবে।

"কনট্যাক্ট লেন্স নামেই, আসলে এটা একটা ন্যানোটেকনোলজি ডিভাইস। এ আই এনাবলড।" দাদাভাই ওকে বিশদে বুঝিয়েছিল, "আমিই বানিয়েছি। এটা চোখে পরার সঙ্গে সঙ্গে তোর মস্তিকের নিউরোনগুলোর সঙ্গে কানেক্ট করতে পারবে এই ডিভাইস। তুই কী ভাবছিস, কী চাইছিস, সব কিছু। তোর ব্রেইনওয়েভের ওপর নির্ভর করে সেইমত কাজ করবে ও।"

এত খটোমটো কথা কোনদিনই অঙ্গরাজের মাথায় ঢোকে না। তবু ও জিজ্ঞেস করেছিল, "কী কাজ?"
"যে কোনরকম। ধর, তুই কিছু পড়ছিস। পড়ার যে কগনিটিভ প্যাটার্ন, সেটাকে ক্যাচ করবে। স্মৃতিতে কোন ডেটা আগে থেকে সঞ্চিত হয়ে থাকলে সেটাকেও ধরতে পারবে। কিংবা ধর ...।" দাদাভাই ওর দিকে ঘনিয়ে এসেছিল, "তুই পরীক্ষার হলে প্রশ্নপত্র হাতে পেয়েছিস। এই কনট্যাক্ট লেন্স চোখে পরে কোশ্চেন পেপারে তাকানো মাত্র সে

কোশ্চেনটাকে রিড করবে। আর তারপর হলোগ্রাফিক প্রোজেকশনকে কাজে লাগিয়ে সব উত্তর ফুটিয়ে তুলবে তোর চোখের সামনে।"
"কীভাবে?"
"অগমেন্টেড রিয়ালিটি দিয়ে। উত্তর, ডায়াগ্রাম, যে কোন ফর্মুলা ... সব।" বলে বলতে দাদাভাই ওর হাতটা হঠাৎ চেপে ধরেছিল, "এটা আমার ব্রেইন চাইল্ড অভি! এখনো যদিও অনেক টেস্টিং বাকি। তবু ... তবু আমি চাই, তুই এটা পর।"
"আমি?"
"হ্যাঁ। পরীক্ষার হলে কোশ্চেন পেপার পেয়ে তোর চোখের সামনে সব উত্তর ফুটে উঠবে। তোর জীবনটা পালটে যাবে অভি!" দাদাভাই কাঁধদুটো ধরে ঝাঁকাচ্ছিল, "তোর কাজ শুধু দেখে দেখে লিখে দেওয়া। ভাবতে পারছিস? তোর সব অংক, সব প্রবলেম ও-ই সল্ভ করবে।"
অঙ্গরাজ উত্তেজনায় কাঁপছিল। দাদাভাই কি এসব সত্যি বলছে?
বলতে না বলতেই জামার পকেট থেকে একটা ছোট্ট বাক্স বের করে এনেছিল দাদাভাই।
"তুই পর এটা। সাকসেসফুল হলে তারপর আমি এই পেপারটা বড় কোন জার্নালে পাঠাব। পেটেন্টের জন্য অ্যাপ্লাই করব। চিন্তা করিস না। এখনো অবধি যেসব স্ক্যানার পরীক্ষা হলে ইউজ করা হয়, তা দিয়ে একে ডিটেক্ট করা যাবে না।" বলতে বলতে বাক্স খুলে সন্তর্পণে টিস্যুতে মোড়া দুটো লেন্স বের করেছিল দাদাভাই। খুব সতর্কহাতে একটা একটা করে পরিয়ে দিয়েছিল অঙ্গরাজের চোখে।

তারপর কেটে গেছে দুটো মাস। এই দুটো মাসে অঙ্গরাজের জীবনটা আমূল বদলে গেছে। যে কোন জিনিষের দিকে তাকিয়ে মনে কোন প্রশ্নের আবির্ভাব হতে না হতেই সক্রিয় হয়ে উঠেছে ন্যানো টেকনোলজির সেই এ আই কনট্যাক্ট লেন্স। যদি সেই উত্তর তার জানা থাকে, নিমেষে অগমেন্টেড রিয়েলিটি দিয়ে সে দেখিয়ে দিয়েছে চোখের সামনে। ওর কাজ শুধু দেখে দেখে টুকে দেওয়া।

## ॥ ৩ ॥

মাধ্যমিক পরীক্ষার তিনমাস আগে টেস্ট পরীক্ষায় অঙ্গরাজ সেন প্রথম তো হলই, নিষাদকে ধারেকাছে আসতে দিল না। ততদিনে উচিৎপুর হাই স্কুলের সমস্ত শিক্ষক শিক্ষিকাদের ওর প্রতি আচরণে আমূল পরিবর্তন ঘটেছে। প্রথমদিকে যারা নানারকম সন্দেহ করেছিল, তারাও এখন গদগদ। অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার পরেশবাবু তো সবাইকে ডেকে ডেকে বলছেন।

"উচিৎপুর হাইস্কুলের এইবছরই একশো বছর। দেখিস তোরা, এবার মাধ্যমিকে এখান থেকে ফার্স্ট হবে। হবেই।"

"একেবারে ফার্স্ট?" বাকিরা অবাক হয়।

"তা নয়তো কী? আমাদের অঙ্গরাজ আছে যে! হুঁ হুঁ বাবা, বললে হবে? কত কষ্টে এমন একখানা রত্ন তৈরি করেছি বল?" পরেশবাবু চোখ বন্ধ করে মাথা দোলান, "ছেলেটাকে তোরা সত্যিই আগে চিনতে পারিসনি। আমি কিন্তু পেরেছিলাম। সেদিন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স নিয়ে কেমন একখানা প্রেজেন্টেশন দিল, দেখলি? আরে আমার তো কোন ধারণাই ছিল না! সময়ের চেয়ে কত এগিয়ে, একবার ভাব শুধু। আসলে ওই ... রক্ত কথা বলে যে!"

তবে সবাই আনন্দে আত্মহারা হলেও অঙ্গরাজ আজকাল কেমন যেন নিঃসঙ্গ হয়ে পড়েছে। আগেও অবশ্য ওর কোন বন্ধু ছিল না, কিন্তু সবাই ওর পেছনে লাগত, নানা বিদ্রুপে উপহাসে অস্থির করে তুলত। তবুও তো সেটা একরকমের সঙ্গ।

এখন ওকে দেখলেই সবাই কেমন যেন এড়িয়ে যায়। কিছুটা সন্ত্রস্ত হয়ে ওঠে। অঙ্গরাজ বোঝে। বন্ধু বরাবর ভাল রেজাল্ট করলে কিছু মনে হয় না। কিন্তু খারাপ থেকে হঠাৎ করে বন্ধুর ভাল রেজাল্ট হয়ে গেলে মনটা খারাপ হয়ে যায়।

বাড়িতে ওর আদর যত্ন অনেক বেড়ে গেছে। মাধ্যমিকের আগের কয়েক সপ্তাহ স্কুল বন্ধ। বাবা মা পরিচারকদের নির্দেশ দিয়েছেন, কোন কিছুতে ওর যেন কোন অসুবিধা না হয়। অঙ্গরাজও পড়ায় খুব ব্যস্ত হয়ে পড়েছে। ঠাকুমার ওষুধ ফুরলো কিনা, সে খেয়াল রাখার ও আর তেমন সময় পায় না। যতই কন্ট্যাক্ট লেন্স ওকে বাঁচাক, দেখে দেখে টুকতেও তো কিছু মুনশিয়ানা লাগে। মাথায় ঢুকুক না ঢুকুক, ও পড়াশুনো নিয়ে বসে

থাকার চেষ্টা করে।
এরমধ্যেই একদিন এক কাণ্ড হল।

এডমিট কার্ড দেওয়ার দিন সবাই স্কুলে গেছে। অঙ্গরাজ টয়লেট থেকে বেরিয়ে নিজের ক্লাসে ফিরছে, হঠাৎ একটা ফাঁকা ক্লাসরুমের দিকে তাকিয়ে ও অবাক হয়ে গেল। ক্লাসরুমের ওদিকের দেওয়ালে জানলা। ওপাশে পুকুর। নারকেল গাছ। একটা হাইবেঞ্চে বসে সেদিকে চুপচাপ তাকিয়ে আছে নিষাদ। পায়ের শব্দে চমকে তাকাতেই অঙ্গরাজ দেখল, ওর চোখে জল।

অঙ্গরাজের বুকটা কেমন মুচড়ে উঠল। আগে নিষাদই ছিল ওর একমাত্র ভাল বন্ধু। ফার্স্ট বয় হয়েও নিষাদ ওর সঙ্গে নিসংকোচে মিশত। মজা করলেও একটা টানও বোধ হয় ছিল। অন্তত আঘাত করত না। অন্যদের মত 'ফেলুরাজ' বলে রাস্তাঘাটে চেঁচিয়ে উঠত না।

কিন্তু এখন সেই নিষাদই কেমন অচেনা হয়ে গেছে। ওর সঙ্গে কথা তো দূর, ডাকলে সাড়াও দেয় না।
অঙ্গরাজ দ্রুত এগিয়ে গেল, "কীরে ভাই? কী হয়েছে?"
"কিছু না।" ত্রস্তহাতে অশ্রু মুছে শক্ত গলায় বলল নিষাদ।

"কিছু না বললেই হবে? স্পষ্ট দেখলাম, তুই কাঁদছিস। আমি সব বুঝি। তোর মন খারাপ। খেলতে যাবি?"
নিষাদ কিছুক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইল। তারপর কেমন অচেনা চোখে ওর দিকে তাকাল। কেটে কেটে বলল, "সবই যখন বুঝিস, তাহলে এটাও নিশ্চয়ই বুঝিস যে, প্রচুর পরিশ্রম করেও তার ফল না পেলে কেমন লাগে?"
অঙ্গরাজ হাঁ করে তাকিয়ে রইল।

নিষাদ ঘোলাটে গলায় বলল, "বিশ্বাস কর অঙ্গরাজ, অ্যানুয়ালে প্রিটেস্টে সেকেন্ড হওয়ার পর থেকে আমি কত রাত যে ঘুমোইনি। ঠিক করে খাইনি। খেলিনি। দিনরাত পড়েছি। খেটেছি। তবু দ্যাখ, টেস্টে ফার্স্ট হতে পারলাম না। আর যে খাটল না, পড়ল না, সে কিনা দিব্যি ফার্স্ট হয়ে গেল!"

"মা-মানে?"
"আমি জানি না। তবে তুই নিশ্চয়ই জানিস।" নিষাদ আরো কাছে এগিয়ে এল। ওর চোখদুটো লাল। ঠোঁট কাঁপছে তিরতির করে। আঙুল উঁচিয়ে বলল, "ফার্স্ট সেকেন্ড থার্ড গুলো সব মুছে যাবে রে! ফার্স্ট সেকেন্ড হয়ে কেউ জীবনের যুদ্ধে যেতে না। আজ তুই ফার্স্ট হতে পারিস, কিন্তু আমার পরিশ্রমগুলোকে তো ছিনিয়ে নিতে পারবি না! আসল যুদ্ধে আমিই জিতব! দেখে নিস। জীবনটা অনেক বড়। মাধ্যমিকের চেয়ে অনেক অনেক বড়।"

কথাটা বলে আর দাঁড়াল না নিষাদ। বেরিয়ে গেল ঘর ছেড়ে।
হতবাক মুখে দাঁড়িয়ে রইল অঙ্গরাজ। ও বুঝতে পারছিল, যতদিন অঙ্গরাজ ওর ধারেকাছে আসেনি, ততদিন নিষাদ তাকে বন্ধুর স্থান দিয়েছে। কিন্তু প্রতিযোগী হিসেবে নিষাদের মনে অঙ্গরাজের কোন স্থান নেই। ওর কেমন যেন কান্না পাচ্ছিল।

সেদিন বাড়ি ফেরার সময় আবার ও মুখোমুখি পড়ে গেল বিষমজ্যোতি স্যারের। হেডস্যার স্মিতহেসে বললেন, "কীরে, তুই আর কবিতা লিখিস না?"

"স-সময় পাই না স্যার!"
"কেন?"
"এত পড়ার চাপ! সামনে মাধ্যমিক। তাছাড়া স্যার, এসব গল্প কবিতা আর লিখে কী লাভ?"
"কেন?"

"এ আই এসে গেছে স্যার। আপনি একখানা বড় উপন্যাস লিখে দিতে বলুন। এ আই লিখে দেবে। একখানা দুর্দান্ত আঁকা একে দিতে বলুন। নিমেষে এঁকে ফেলবে। এখন কবিতা গল্প লেখা মানে সময় নষ্ট, স্যার। তার থেকে অংকের দুটো প্রবলেম সল্ভ করলে কাজে দেবে।" কাঁধ ঝাঁকিয়ে উত্তর দিয়েছিল অঙ্গরাজ। দাদাভাই ওকে প্রায়ই ফোনে বোঝায় এ আই -এর মাহাত্ম্য। শুনতে শুনতে ও ও যেন নিজেকে এ আই -এর সঙ্গে মানিয়ে নিতে শুরু করেছে।

স্যার আরো কী বলতে যাচ্ছিলেন, হঠাৎ দাদাভাই ফোন করতে স্যারকে বলে ফোন কানে বাড়ির পথে হাঁটা লাগিয়েছিল অঙ্গরাজ।

দাদাভাই ওর বানানো লেন্সের প্রতিদিনের অ্যাক্টিভিটি

কড়া ট্র্যাকে রাখে। পুঙ্খানুপুঙ্খ ডিটেইল দিতে হয়। প্রশ্নের উত্তর ছাড়াও আরো কী কী ব্যাপারে ওই ডিভাইস অঙ্গরাজের মস্তিষ্ককে সাহায্য করতে পারছে ... এই সব।

ঠিকমত উত্তর না দিলেই দাদাভাই ধমকে ওঠে। তখন ওর ক্লান্তি লাগে।

ফোনে কথা বলতে বলতে সেদিন একবার পেছনে তাকিয়েছিল অঙ্গরাজ। দেখেছিল, হেডস্যার ওর দিকে অদ্ভুত চোখে চেয়ে আছেন।

|| ৪ ||

ঢং ঢং করে বেল বাজল। ইনভিজিলেটর খাতা দেওয়া শুরু করেছেন। আর মাত্র পনেরো মিনিট। তারপরই এতগুলো কিশোরের জীবনের প্রথম বড় পরীক্ষা মাধ্যমিক শুরু হবে। আজ প্রথম পরীক্ষা। সিট পড়েছে কিছুটা দূরের এক স্কুলে।

অঙ্গরাজকে আজ নিজে গাড়ি চালিয়ে দিতে এসেছিলেন বাবা। এতগুলো বছরে এই প্রথম। গাড়ী থেকে নামতে না নামতেই বিগলিতমুখে এগিয়ে এসেছিলেন পরেশ স্যার। কান এঁটো হেসেছিলেন, "আপনার ছেলেই আশাভরসা আমাদের। হে হে। আমাদের খুব বিশ্বাস, ও এবার রাজ্যের মধ্যে র‍্যাংক করবেই।"

অঙ্গরাজের বন্ধুবান্ধবদের বাবা মা'রাও কৌতূহলীচোখে দেখছিলেন ওর দিকে। ফিসফাস। গুঞ্জন। মুগ্ধতা।
অঙ্গরাজ বাবাকে প্রণাম করে গেট পেরিয়ে ঢুকতে যাবে, সামনে এগিয়ে এসেছিলেন হেড স্যার। এই কয়েকদিনে স্যারের কাছে যেন অনেকটা অপরিচিত হয়ে গেছে অঙ্গরাজ। সামনে এসে দাঁড়াতেই ও ঝুঁকে প্রণাম করল।

"কেমন আছিস? টেনশন হচ্ছে না তো?" চারপাশের হইহট্টগোলের মধ্যে স্যার ওর মাথায় হাত রাখলেন। বললেন, "সেদিন অমন দুম করে পালিয়ে গেলি। কথাটা শেষ হয়নি। তুই বলার পর আমিও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স নিয়ে একটু আধটু পড়াশুনো করলাম। তুই কি এ আই নিয়ে ভবিষ্যতে পড়বি বলে ভাবছিস?"
"হ্যাঁ স্যার। এ আই -ই একমাত্র ফিউচার।"
স্যার কিছুক্ষণ চুপ করে রইলেন। তারপর বললেন, "যন্ত্র একদিন সব করতে পারবে অঙ্গরাজ। কিন্তু মানুষের মনের যে দুঃখ কষ্ট অনুভূতি, সেটাকে কি নিতে পারবে?"
"পারবে না কেন স্যার? আপনি একখানা দুঃখের কবিতা লিখতে বললেই লিখে দেবে। আপনি যদি ওকে বলেন, রবীন্দ্রনাথ ঠাকুরের ধাঁচে লিখতে, তাও পারবে স্যার!" অঙ্গরাজ জ্বলজ্বলে মুখে হাসল।

"লিখে হয়ত দেবে। সেই লেখায় কি শোক সন্তাপ থাকবে বাবা? মানুষের মন ছোট থেকে তৈরি হয় চারপাশের পরিবেশের আবহে, আদরে, অবহেলায়। অনুভূতিগুলো তৈরি হয় পরিজন, বন্ধবান্ধবদের সঙ্গে মিশতে মিশতে। রবীন্দ্রনাথ তাঁর পুত্রের মৃত্যুর পর যে কবিতাগুলো লিখেছিলেন, সেখানে তাঁর মনের ভেতরের শোক আর আঘাত আগুনে পুড়ে জন্ম দিয়েছিল উদাসীনতার। তাই তো তিনি লিখেছিলেন, "বেদনা আমায় জাগায়, ঘনায় আমার ব্যথা।"

অঙ্গরাজ চুপ করে রইল। সেদিন বাড়িতে বাবা বলছিলেন, বিষমজ্যোতি স্যারের স্ত্রীপুত্র নাকি বছরকয়েক আগে এক দুর্ঘটনায় মারা যায়। তারপরই স্যার বদলি নিয়ে... তবে কি স্যারও সেই বেদনা থেকেই বেহালায় সুর তোলেন? স্যার আবার বললেন, "যন্ত্র অক্ষর জুড়ে অন্ত্যমিল দিয়ে কবিতা হয়ত বানাতে পারবে, কিন্তু তাতে সেই সন্তাপ থাকবে না। আবেগ থাকবে না। কারণ কী, জানিস?"

"কী, স্যার?"
"তার নিজের যে কোন স্মৃতি নেই! আর তাছাড়া, মানুষ যন্ত্রকে গড়েছিল কন্ট্রোল করবে বলে। যন্ত্র মানুষকে কন্ট্রোল করবে বলে তো নয়।" স্যার থেমে থেমে বলছিলেন, "আচ্ছা, তোর নামের মানে কী, জানিস?"

"জানি স্যার। আপনিই বলেছেন। কর্ণের আরেক নাম। সেই যে ছুটির আগে আপনি একদিন কর্ণের কবচকুন্ডল ছাড়া যুদ্ধে যোগ দেওয়ার গল্প বললেন, তখনই তো বলেছিলেন।"

স্যার মাথা নাড়লেন, "মহাবীর কর্ণ। যাকে জন্মের পর থেকে সইতে হয়েছে অবহেলা, বঞ্চনা। নিজের মায়ের ভালবাসাও পাননি। তবু তিনি কখনো সত্যের পথ থেকে সরেননি। অঙ্গরাজ, তুই ভুলিস না, সেই অত বড় বীরের নামে তোর নাম।"
"তো কী, স্যার?"
"তোকে কয়েকমাস থেকে বড় অচেনা লাগে। বড়

যান্ত্রিক। বড় অনুভূতিহীন। মনে রাখিস, যন্ত্ররা কিন্তু আমাদের কবচ কুণ্ডল। আমাদের সর্বস্ব নয়। তাদের ছাড়াও কিন্তু আমরা যুদ্ধ করতে পারি। আর সেটাই আমাদের আসল সংগ্রাম।”

অঙ্গরাজ বিহ্বলচোখে দেখছিল স্যারকে।
স্যার ওর মাথায় হাত রেখেছিলেন, “অনেক বকবক করলাম। যা। দেরি হয়ে যাচ্ছে। ভালভাবে পরীক্ষা দিস।”

স্যারকে প্রণাম করে অঙ্গরাজ পরীক্ষার হলে ঢুকল বটে, কিন্তু ওর কানে যেন তালা লেগে গিয়েছে। ভোঁ ভোঁ শব্দ হচ্ছে। স্যার কি কিছু অনুমান করেছেন? সকলের মত হেডস্যারও কি ওকে সন্দেহ করছেন?

ঢং ঢং করে আরো একটা ঘন্টা বাজল। ইনভিজিলেটর প্রশ্নপত্র দেওয়া শুরু করেছেন। সবাই পেনের কালি চেক করে নিচ্ছে। কিন্তু অঙ্গরাজ কেমন ধূসরচোখে জানলা দিয়ে তাকিয়ে আছে বাইরে।

হেডস্যারের বলা গল্পটা স্পষ্ট মনে পড়ে যাচ্ছে। পিতা সূর্যের আশীর্বাদে কর্ণ জন্মেছিলেন কবচ আর কুণ্ডল নিয়ে। সেই কবচ কুণ্ডলে তাঁকে কেউ হারাতে পারত না। ওদিকে দেবরাজ ইন্দ্র জানতেন, প্রতিদিন সূর্যপ্রণাম সেরে কর্ণ কাউকে কিছু না কিছু দান করেন। ফেরান না। একদিন সেইসময়েই ইন্দ্র তাঁর কাছে চলে গেলেন ছদ্মবেশে, চাইলেন সেই কবচ ও কুণ্ডল। কর্ণ বুঝতে পেরেছিলেন ইন্দ্রের উদ্দেশ্য, কিন্তু চিনতে পেরেও তিনি তাঁকে নিরাশ করেননি। নিজের কবচ ও কুণ্ডল খুলে দিয়েছিলেন ইন্দ্রের হাতে।

আচ্ছা, দাদাভাইয়ের দেওয়া এ আই কন্ট্যাক্ট লেন্সটাও কি অঙ্গরাজের কবচ কুণ্ডল? ওর গায়ে শিহরণ খেলে যাচ্ছিল। ও কি সত্যিই যন্ত্রের মুঠোয় আটকে পড়েছে? ও দাদাভাইয়ের রিসার্চের গিনিপিগ হতে পারে, কিন্তু এতে গৌরব কোথায়? নিষাদ তো সেদিন ঠিকই বলেছিল! অঙ্গরাজের এই মেকি রেজাল্ট মানুষের মন থেকে মুছে যাবে, কিন্তু নিষাদের পরিশ্রম মিথ্যে হবে না।

অঙ্গরাজের সারা শরীর থরথর করে কাঁপতে থাকে। যন্ত্রের কবলে পড়ে ও কি ধীরে ধীরে ওর নিজের যেগুলো ছিল, সেই মায়া দয়া মমতাগুলোকে বিসর্জন দিতে শুরু করেছে? নাহলে সেদিন নিষাদের চোখের জল ওকে একটুও আগের মত অস্থির করে তুলল না কেন?
ওর গলায় দলা পাকাচ্ছিল কান্না। দু’চোখ ছাপিয়ে যেন আসছিল জল।

না। যন্ত্রকে কিছুতেই ওর ভেতরের মানুষটাকে মেরে ফেলতে দেবে না ও। এ আই কন্ট্যাক্ট লেন্স পরে কিছুতেই পরীক্ষা দেবে না ও।

ও দ্রুত ভাবতে থাকে এর পরবর্তী ঘটনাক্রম। ওর হঠাৎ ভয়ংকর খারাপ রেজাল্টে হয়ত হতবাক হয়ে যাবেন বাবা মা। বন্ধুরা টিটকিরি বাড়িয়ে দেবে কয়েকগুণ।
তা বাড়াক। আজ থেকে ও কবচ কুণ্ডল ছাড়াই যুদ্ধে নামবে। দেখিয়ে দেবে সবাইকে। স্যার ঠিকই বলেছেন, যন্ত্রকে নিজের জীবন কন্ট্রোল করতে দেওয়া যায় না। প্রয়োজন নেই যন্ত্রের। প্রয়োজন নেই এ আইয়ের। ও যদি ‘ফেলুরাজ’ ও হয়, তবে তা হবে নিজের অর্জিত ক্ষমতায়।

সকলের চোখ এড়িয়ে সাবধানে অঙ্গরাজ চোখ থেকে একে একে খুলে ফেলল লেন্সদুটো। তারপর পেনের নিব দিয়ে ক্ষতবিক্ষত করে দিল। তারপর জানলা দিয়ে ছুঁড়ে ফেলে দিল বাইরে।

আবেগে ওর চোখ দিয়ে ঝর ঝর করে জল ঝরছে। ইনভিজিলেটর অবাক চোখে দেখছেন ওর দিকে।
দেখুক। আজ পরীক্ষাশেষে বাড়ি ফিরেই একখানা কবিতা লিখতে হবে ওকে। মনের সব আবেগ মুচড়নো কবিতা। সেটাই যে ওর প্রকৃত কবচকুণ্ডল!

গল্প

# ঝোটনের ভাগ্য বলিহারী

সীমা ব্যানার্জ্জী-রায়
মার্কিন যুক্তরাষ্ট্র

মশাগ্রামের কনকনে শীতের দুপুরে খাওয়া দাওয়া সেরে ক্রিকেট ম্যাচ চলছে প্রতিদিন। জিত, অচ্যুত, প্রিন্স, সোমদের এটাই এখন রোজকার রুটিন। এনুয়াল পরীক্ষা শেষ হয়েছে। রেজাল্ট আউট হয়ে গেলে সেই তো আবার নতুন ক্লাস শুরু। নাইন থেকে ক্লাস টেন হবে ওদের। ক্রিকেট খেলা শেষে আজ খেলার মাঠে গোল হয়ে বসেছে ওরা সবাই। মাথা গুণে দেখা গেল ওরা এগারো জন। প্রিন্সই কথাটা তুলল। "বন্ধুগণ, রবিবার ফিস্টি করলে কেমন হয়?"

ফিস্টির নাম শুনে একবাক্যে সকলেই হাত তুলে বলল, "হোক হোক। অনেক দিন কিন্তু ফিস্টি হয়নি।"

সোম বলল, "মেনু কী হবে সেটা তো আগে ঠিক কর।"

"মাংসের ঝোল, ভাত আর চাটনি।" প্রিন্স প্রস্তাব দিল।

সকলে বলল, "এটাই ঠিক আছে, একদম ফাইনাল।"

সন্ধ্যেতেই দল বেঁধে চলে গেল গ্রামের কাদরী কাকুদের বাড়ি। কাদরীকাকুর ছোট্ট একটা ফার্ম আছে। একসঙ্গে এতজনকে দেখেই বুঝতে পেরে কাদরীকাকু বলল,

"ফিস্টি আছে নাকি রে? দিশি মোরগ চলবে?"

মাথায় লাল ঝোটন ওয়ালা মোরগটা দেখিয়ে বলল," এটা তিন কেজির ওপর ওজন আছে। পারলে আজই নিয়ে চলে যা। পরে এলে আর পাবি না।"

আজ সবে বুধবার। রবিবার আসতে অনেক দেরী। রবিবার মাংস লাগবে সেটাই কাদরী কাকুকে জানাতে এসেছিল। সোম বলল, "ভাই আজই নিয়ে চলে চল। রবিবার আবার পাব কি না পাব? বুঝতেই পারছিস এটা দিশি মোরগ।"

কথাটা শুনে কাকু নিজেই বলল, "টাকা নিয়ে ভাবছিস নাকি? তোরা পাড়ার ছেলে। চাঁদা তুলে রবিবারই আমাকে টাকাটা দিস।"

কাকু এমন সমাধান দিতেই সকলেই খুশী হয়ে গেল। লাল ঝোটনওয়ালা মোরগটা কাকুর বাড়ি থেকে নিয়ে বাইরে বেরিয়ে আসার পর তৈরি হলো আসল সমস্যাটা। প্রিন্স বলল, 'আজ সবে বুধবার। এখনও তিনটে দিন। নিয়ে তো নিলাম, কিন্তু মোরগটাকে রাখব কোথায়?'

গুরুতর সমস্যা। সত্যিই তো মোরগটা থাকবে কোথায়? কেউই নিজের বাড়িতে নিয়ে যেতে রাজী নয়। এ বলে তোর বাড়িতে নিয়ে গিয়ে রাখ, ও বলে তোর বাড়িতে। তুইথুলি মুইথুলি লেগে গেল। প্রিন্স শেষমেষ বলে উঠল, "ছাড়! তোদের কারো বাড়িতেই নিয়ে যেতে হবে না, আমাকে দে আমার বাড়িতেই নিয়ে গিয়ে রাখি। খুশি তো?"

মোরগটাকে একটা ব্যাগের মধ্যে পুরে চুপি চুপি বাড়ি ফিরল প্রিন্স। চুপি চুপি বাড়ি ফেরার কারণটা হলো বাবা। কোনো উটকো ঝামেলা বাবা পছন্দ করেন না। তবে এ ব্যাপারে সহযোগিতা করতে পারে মা। প্রিন্স রান্না ঘরের বাইরে দাঁড়িয়েই মৃদু স্বরে ডাক দিল,

"মা একটু বাইরে আসবে?"

গ্যাসের উনুনে দুধ জ্বাল দিচ্ছিলেন মা। ছেলের আওয়াজ পেয়ে মা বললেন, "আমার এখন হাত জোড়া। কিছু বলছিস? ভিতরে এসে বলে যা।"

মোরগটাকে নিয়ে রান্না ঘরে ঢোকা ভালো দেখায় না। ঠাকুমা জানতে পারলে চিল্লে বাড়ি মাথায় করবে। প্রিন্স বলল, "তুমি বাইরে এসো একবার, দরকার আছে।"

একটু বিরক্ত হয়ে মা উনুন নিভিয়ে শাড়ির আঁচলে হাত মুছতে মুছতে বাইরে এসে বললেন,"দেখতে পাচ্ছিস মা কাজ করছে একটা। আর এদিকে মা মা করে চিৎকার করছিস। বল এবার, ডাকছিলি কেন?"

প্রিন্স এদিক ওদিক তাকিয়ে নিয়ে বলল,”আস্তে কথা বলো। বাবা যেন শুনতে না পায়।”

ছেলের এমন কথায় সন্দিহান চোখে প্রিন্সের হাতে বড়ো ব্যাগটার মধ্যে কী একটা নড়ে চড়ে উঠতেই মা জিজ্ঞেস করল, “ব্যাগে কী আছে রে?”

“মোরগ!”

মোরগ শুনে মায়ের মেজাজ গেল বিগড়ে। “মোরগ মানে? এই সন্ধ্যে বেলায় মোরগ কোথা থেকে নিয়ে এলি? আর মোরগ নিয়ে হবেটাই বা কী?”

“আরে আস্তে কথা বলো, সব বলছি আমি। রবিবার বন্ধুরা মিলে ফিস্টি করব। তাই আজ কাদরী কাকুর থেকে কিনে নিয়ে চলে এসেছি। কোথাও রাখার জায়গা হচ্ছিল না বলে আমাদের বাড়িতে নিয়ে এসেছি। তিন দিন আমাদের বাড়িতেই থাকবে।”

“আমাদের বাড়িতে থাকবে মানে? এ কি কুটুম এসেছে যে থাকবে? ওসব ঝামেলা আমি নিতে পারব না এই আমি বলে দিলাম। যেখান থেকে নিয়ে এসেছিস সেখানেই দিয়ে আয়। আমি আর একটা কথাও বলতে চাই না, বুঝলি?”

মায়ের এমন চিৎকারে বাবা বেরিয়ে আসেন, সঙ্গে ঠাকুমাও।

“ কী হলো আবার! এত চিৎকার কিসের?” বাবার এমন কথায় উত্তর দিয়ে মা বলে, “তোমার ছেলেকেই জিজ্ঞেস করো!” কথাটা বলেই মা গড়গড় করে ছেলের মোরগ আনার কাহিনী নিজেই জানিয়ে দিলেন। সব শুনে বাবা শান্ত মেজাজে বল্লেন, “এনেই যখন ফেলেছে, তখন একটা তো ব্যবস্থা করতে হবে। কোথায় রাখা যায় সেটা ভাবো।”

ঠাকুমাও নাতির এমন কর্মকাণ্ড দেখে উপায় বাতলে দেন। ছেলেকে বলে, “হ্যাঁ রে সুদীপ, আমাদের পুরানো একটা খাঁচা গোডাউন ঘরে পড়ে আছে তো। তা ওটাই বের করে এনে দে। দু তিন দিনের ব্যাপার তো। তারপর তো আর থাকবে না।”

বাবাও সঙ্গে সঙ্গে গোডাউন ঘর থেকে বড়ো পুরানো খাঁচাটা বের করে নিয়ে আস্েন। খাঁচাটা এক সময়ে ব্যবহার হতো। কিছু পোষা টিয়া ওর মধ্যে থাকত। সেই খাঁচাটাই অযত্নে গোডাউন ঘরে পড়েছিল এতদিন। খাঁচাটা বের করে নিয়ে আসতেই ব্যাগ থেকে লাল ঝোটন ওয়ালা মোরগটাকে বের করে খাঁচায় পুরে দেয় প্রিন্স। বাবা আর ঠাকুমাকে নিয়ে যে ভয়টা করছিল, সেই ভয়টা চলে যেতেই প্রিন্স বলল, “দেখলে মা! তুমি অহেতুক চেঁচামেচি করছিলে।” বাবা তখন বলে উঠলেন,

“খাঁচায় পুরে দিলেই তো হবে না। তোর ওই ঝোটনকে খেতেও দিতে হবে, সেটা যেন মনে থাকে।”

ঠাকুমা পাশ থেকে ছেলেকে বললেন, “তুই তো আবার ওর একটা নামও দিয়ে দিলি। তবে ঝোটন নামটা বেশ ভালো।”

রবিবার। সকাল থেকেই চলছে তোড়জোড়। আজ ফিস্টি। প্রিন্সদের পুকুর পাড়ে নারকেল গাছের তলায় একটা ডাঙা আছে, ওখানেই চলছে আয়োজন। মেনুতে ভাত, বেগুন ভাজা, দিশি মাংসের ঝোল, আর চাটনি। জিত, সোম সহ আরো দুজন গেছে বাজারে। অন্যরা ইঁট পেতে উনুন তৈরি করছে, কেউ আবার এদিক ওদিক থেকে কাঠের জোগাড় করছে। এদিকে গত রাত থেকেই প্রিন্সের মনটা ভীষণ খারাপ। বাজার সেরে জিত সোম আসবে ঝোটনকে নিয়ে যেতে।

প্রিন্সের মন কিছুতেই সায় দিচ্ছে না। শুধু প্রিন্সের নয়, মন খারাপ প্রিন্স এর মা, বাবা, ঠাকুমারও। তিন দিন ধরে প্রিন্স যেভাবে যত্ন করে ঝোটনকে খাইয়েছে, দেখাশোনা করেছে, ঝোটনের পরিণতির কথা ভেবে চোখে জল এসে যাচ্ছে। কিছুক্ষণ পরেই বন্ধুরা আসবে ঝোটনকে নিতে। প্রিন্সের যেন ইচ্ছেই নেই ঝোটনকে বিদায় দিতে। প্রিন্সের এই অন্যমনা ভাবটা লক্ষ্য করেছেন প্রিন্সের বাবাও। বুঝতে পারছেন, প্রিন্স এই তিন দিনেই একটা মায়ায় জড়িয়ে ফেলেছে নিজেকে। প্রিন্সকে ডেকে বাবা জিজ্ঞেস করেন, “হ্যাঁ রে তোদের পিকনিকের মেনুতে মাংস ছাড়া আর অন্য কিছু থাকছে না? “

প্রিন্স বলে, “মাংসের ঝোল আর ভাত এটাই তো মেনু। বাজার করাও তো হয়ে গেছে। অন্য কিছু বললে ওরা মনে হয় আর রাজীও হবে না। কথাটা বলেই কিছুক্ষণ

চুপ থেকে প্রিন্স বলল, "কিন্তু বাবা, ঝোটনকে ছাড়তে কিছুতেই মন চাইছে না।"

বাবাও যেন প্রিন্সের সাথে সমব্যথী। খাঁচার লকটা ভেঙে গিয়েছিল, সেটা নিজে হাতেই সারিয়ে দিয়েছিলেন, উটকো ঝামেলা ভাবলে বাবা হয়তো সারাতে যেতেন না। এখন আর উপায় কি! ঝোটনকে বিদায় দিতে যেন কারোরই ইচ্ছে নেই। বাবারও মনটা একটু খারাপ। এদিকে বাবার সাথে কথা বলতে বলতেই প্রিন্সের বন্ধুরা চলে আসে তাকে ডাকতে, সঙ্গে ঝোটনকেও নিয়ে যাবে। সকলকে একসঙ্গে দেখে প্রিন্সের বাবা কী একটা যেন ভেবে নিয়ে বলে ওঠেন,

"তোমরা যখন সবাই আছো, একটা কথা আমি বলতে চাই। পিকনিকটা যেহেতু আমাদের পুকুরের ডাঙাতেই হচ্ছে, তাই আজকের পিকনিকের যা খরচ হবে, তার পুরোটাই আমি দেব। তোমাদের কারোরই কোনো চাঁদা দেওয়ার দরকার নেই। এতে কি তোমাদের কারো অসুবিধা আছে?"

এতো বড়ো অফার কেউ কখনো হাত ছাড়া করে? জিত অবাক হয়ে বলল, "কাকু তুমি খরচ দেবে সব? তাহলে তো বিশাল ব্যাপার। তবে আমাদের একটা শর্ত আছে। তুমিও খাওয়া দাওয়া করবে আমাদের সাথে, মানে আমাদের ফিস্টে তোমাকেও থাকতে হবে।"

"-সে তো করতেই পারি! তোমাদের যা মেনু, ও তো আমি খাই না বাবা। তার ওপর আবার দিশি চিকেন? তোমরা কি আর আমার জন্য মেনু চেঞ্জ করবে? ও অসুবিধা নেই। তোমরা খেলেই আমি খুশী।"

সোম বলল," না কাকু। তোমার পছন্দের মেনুতে আমরাও রাজী। বলো তুমি কী মেনু ভাবছ? গাইস, তোমরা কি বলো? কাকু যা মেনু বলবে তাতে সবাই রাজী তো?"



সমস্বরে বলে উঠল, " হুররে! রাজী ইইইইইই।"

"তাহলে মাছ আর ডিম দুটোই থাকুক না। আরো একবার বাজার যেতে হবে। সে না হয় আমিই যাচ্ছি। বড়ো সাইজের ভেটকি পেলে মন্দ হবে না? তোমরা কী বলো?"

ভেটকির নাম শুনে এক বাক্যে সকলেই বলে উঠল, তাহলে " ইয়ে! ভেটকিই হোক।"

পাশ থেকে অচ্যুত বলল, "তাহলে এই দিশি মোরগটার কী হবে? কাদরী কাকুকে মোরগের দামটাও তো দেওয়া হয়নি। ফেরত দিয়ে আসা হোক বরং, ফেরত দিলে কাদরীকাকু নিয়েও নেবে। কি বলো কাকু?"

কাকু মানে প্রিন্সের বাবা বললেন, "ও নিয়ে চিন্তা কোরো না। ও যখন আমাদের বাড়িতে এসেই পড়েছে, ও বরং আমাদের অতিথি হিসেবেই থেকে যাক। টাকা আমি মিটিয়ে দেব। আজ থেকে ঝোটন আমাদের সকলের বন্ধু।"
থ্রী চিয়ার্স ফর কাকু...উ...উ...উ -সবাই সবার গলা জড়িয়ে "ইয়ে দোস্তি হম নেহি ছোড়েঙ্গে..."

গল্প

# ছোট্ট দ্বীপ কেপ ভের্দে বিশ্বকাপে


সুজন ঠাকুরতা
ভারত


মনে পড়ে যায় সেই বিখ্যাত গানটির কথা, 'বন্ধু তোমার ভালোবাসার স্বপ্নটাকে বাঁচিয়ে রেখো, দিন বদলের স্বপ্নটাকে হারিয়ে ফেলো না,। সেই স্বপ্ন বাঙালি বা ভারতীয় ফুটবলের দিকপালরা জাপটে ধরেছিল বটে তবে সেই স্বপ্নকে বাস্তবায়িত করতে যে পরিশ্রম বা জেদের মিশেলের টনিক লাগে তার আস্বাদ তাঁরা পায়নি। ক্রমশ হারিয়ে গেছে বা তলিয়ে গেছে।

তিরিশ বছর পর সেই অমোঘ লাইন কে আকরে ধরল সম্প্রতি এমন একটা দেশ, যার বোধহয় কল্পনাও কেউ করেনি। কলকাতা নয়, ভারতীয় উপমহাদেশ ও নয় বরং সুদূর অফ্রিকার এক ছোট্ট দেশ, জনসংখ্যা লাখে, কোটি তে নয়। কেপ ভেদের রাজধানী প্রাইয়ার রাস্তায় নেমে পরেছেন হাজারে হাজারে মানুষ, উচ্ছাস যেন বাদ মানছে না, সরকার ছুটি ঘোষনা করেছে। সকলের মুখে একটাই কথা, যার বাংলা করলে দ্বারায় 'আমরা পেরেছি' বিশ্বকাপ ফুটবল, 'দ্য গ্রেটেস্ট শো অফ দ্য আর্থ' সেই আসর আগামী বছর বসতে চলেছে মার্কিন-যুক্তরাষ্ট্রে। সেই বিশ্বকাপে প্রথম বারের জন্য খেলার যোগ্যতা অর্জন করেছে ছোট্ট দেশ কেপ ভের্দে। আয়তনে মাত্র ৪৫০০ বর্গকিমি, জনসংখ্যা ৫,৫০,০০০ এর কিছু বেশি। চারিদিকে আটলান্টিক মহাসাগর মাঝখানে কয়েকটি ছোট ছোট বিন্দু। পোর্তুগিজ দের উপনিবেশ ছিল দীর্ঘদিন, দেশের বিবর্তন ও পোর্তুগিজ দের হাত ধরে। ১৯৭৫ সালে তারা পূর্ণ স্বাধীনতা পায়, আর তার ঠিক ৫০ বছর পরে বিশ্ব কাপে খেলার যোগ্যতা অর্জন করে ফেলল কেপ ভের্দে।




গোটা দশেক মাঝারি সাইজের দ্বীপ আর আট টার মতো ছোট দ্বীপ এই নিয়ে কেপ ভের্দে। জনসংখ্যা মেরে কেটে পাঁচ লক্ষের সামান্য বেশী। তারাও এবার ইতিহাস গড়ে চলল ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপে যোগ দিতে। শেষ ম্যাচে এসওয়াতিনিকে ৩-০ গোলে হারিয়ে তারা পেল বিশ্বকাপের বহুমূল্য টিকিট। এবারের বিশ্বকাপ ৪৮ দলের, তাই সুযোগ পাবার সম্ভাবনা বেশী ছিল। ২০১৮ সালে আইস ল্যান্ডের পর দ্বিতীয় ছোট দেশ হিসাবে (জনসংখ্যা বিচারে)। তবে ভুললে চলবে না নিজেদের যোগ্যতায় সুযোগ পেয়েছে তাঁরা এই গ্রুপ এ ক্যামেরুন কে পিছনে ফেলে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েছে। রজামিল্লার দেশ তাই এখন তাকিয়ে প্লে-অফএর দিকে। ক্যামেরুনকে ১-০ গোলে হারায় কেপ ভের্দে।

এই জয়ের পর দলের কোচ ব্রিতো বলেছেন, 'ভিন্ন চিন্তাধারা, ভিন্ন মানসিকতা, ভিন্ন ভৌগলিক পরিবেশে থাকা মানুষের মধ্যে যথার্থ ঐক্য গড়ে তোলাই আমাদের সাফল্যের চাবিকাঠি, কোচ আরো বলছেন, দলের বহু খেলোয়াড় যখন এসেছিলেন তখন ইংরেজী ছাড়া তারা কিছু জানতেন না, পরে সব খেলোয়ার কেপ ভার্দিয়ান ক্রোয়েল নামে একটি ভাষায় কথা বলেন। অর্থাৎ দেশ কে ভালোবেশে তারা এক হয়েছে। কেপ ভের্দের ফুটবল প্রসাসনের মাত্র আট জন কর্মী, কিন্তু দেশের ফুটবলের উন্নতির স্বার্থে তারা যে যে পদক্ষেপ গ্রহন করেছেন যেমন উন্নত মানের ট্রেনিং, কোচিং স্টেডিয়ামের আধুনিকিকরণ -তা এক বাক্যে প্রসংশনীয়। তাই ফিফা কেপ ভের্দেকে বিভিন্ন দেশে গিয়ে এ্যওয়ে ম্যাচ খেলার খরচ দিয়েছে নির্দিধায়।

মজার একটি গল্প ছড়িয়ে পরেছে কেপ ভের্দের বিশ্বকাপে যোগ্যতা পাওয়া নিয়ে। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের খেলা শুরু হবার আগে কোচ পেদ্রো ব্রিতো যোগাযোগ করেন বিশ্বে ছড়িয়ে ছিটিয়ে থাকা ফুটবলারদের সাথে। ম্যাসেজ পাঠান তাদের। কেপ ভেদে বংশোদভুত হলেও লোপেসের জন্ম, বড়ো হওয়া আয়ার ল্যান্ডে। আইরিস টিমে খেলার স্বপ্ন দেখতেন তিনি। জুনিয়র দলে সুযোগ পেলেও সিনিয়র টীমে সুযোগ পাচ্ছিলেন না। কোচের প্রথমে আসা ম্যাসেজ তিনি বুঝতে পারেননি কারন ব্রিতো তা লিখেছিলেন পোর্তুগিজে। কয়েকমাস পর উত্তর না পেয়ে তিনি আবার ম্যাসেজ করেন ইংরেজী তে। লোপেজ বুঝতে পারেন পূর্বপুরুষের দেশের হয়ে আর্ন্তজাতিক ফুটবল খেলার সুযোগ পাচ্ছেন। আর তিনি এখন চলেছেন বিশ্বকাপে। গোলরক্ষক ভোজিনহা খেলেন পোর্তুগাল, সাইপ্রাসে, স্টপার দিনি খেলেন পোর্তুগালে। রাইট ব্যাক মোরাইয়া খেলেন ফ্রান্সে। অথচ এরা সকলেই এখন আনন্দে ভাসছেন, বিশ্বকাপ খেলার স্বপ্নে ডুবে আছেন, নিজের দেশের হয়ে - কেপ ভের্দের হয়ে।

ট্যুরিজম এর জন্য বিখ্যাত এই দেশটির ফাইটিং স্পিরিট নজর কেড়েছে সবার। তবে একই সঙ্গে এই ধরনের রূপকথা আরো একবার মন খারাপ করিয়ে দেয় ভারতের ফুটবল প্রেমীদের। ১৪০ কোটির দেশ থেকে এমন ১১ জন কে পাওয়া যায়না যারা নিজেদের দেশকে নিয়ে যেতে পারে বিশ্বকাপে। ইতিহাস সৃষ্টি করে বিশ্বকাপে চলল কেপ-ভেদে আর আমাদের স্বপ্ন এখনো থেকে গেল অধরাই।

গল্প

# মাত্রার খেলা

সৌপর্ণ ভট্টাচার্য্য
ভারত

সিনিয়ার 27.7 হঠাৎ জুনিয়র ৩১.১ এর ওপর রেগে গিয়ে বলে উঠলো " এগুলো কি ? এবারে আমরা কি দেখাবো প্রজেক্টে? যাও বেরোও ! ভাবো! কি দেখাবে ১.০ কে। নির্জন হারলেস রোড ধরে মুভার চালাতে চালাতে ৩১.১ ভাবতে থাকলো এত তাড়াতাড়ি কি প্রজেক্ট বানানো সম্ভব ? ঘন অন্ধকার। যদিও জুনিয়ারের তাতে কোন অসুবিধা হচ্ছে না। হঠাৎ বাঁদিকে কি একটা ছোট প্রাণী! হ্যাঁ প্রাণীই তো! কি ওটা? প্রথমে জুনিয়র বিষয়টি নিয়ে মাথা ঘামালো না, কিন্তু নড়ছে তো! মুভারটা দাঁড় করায় জুনিয়র ৩১.১।

***

জানুয়ারি মাসের সকাল। মারাত্মক শীত । সাগর রোজকার মতো ছটা নাগাদ উঠে তার সব গাছে যত্ন করে জল ও সার দিল। তারপর জল খাবার খেয়ে স্কুলের জন্য বেরিয়ে পড়ল। সকাল থেকেই ঝিরঝির করে বৃষ্টি পড়ছে, ভাবলো জঙ্গলের মধ্যে দিয়ে শর্টকাট হবে সেই জন্য বাড়ির পাশের ছোট জঙ্গলটায় ঢুকে পড়ল। জঙ্গলে ঢোকার পরেই বৃষ্টি বেড়ে গেল। সাগর একটা বড় গাছের তলায় দাঁড়াল। বৃষ্টি একটু কমতেই সাগর দৌড়ে স্কুলের দিকে ছুটলো। হঠাৎ নিচে তাকিয়ে দেখে একটা অদ্ভুত জিনিস, বেশ চকচকে কিন্তু মাটি লেগে আছে। ওর জুতোর চাপে এখনই হয়তো ভেঙে যেত। কি মনে করে সে জিনিসটা পকেটে চালান করে দিল। জুতোটা ভিজে ও কাদা মাখামাখি হয়ে গেছে। সে স্কুলে পৌঁছেই বেসমেন্টে লকাররুমে জুতো পাল্টাতে গেল ।

হঠাৎ সাগর লক্ষ্য করে বেসমেন্টের পাশের যে দরজাটা সব সময় বন্ধ থাকে সেই দরজাটি খোলা। ওখানে একটা ঘর আছে বলে শুনেছিল কিন্তু কখনো খুলতে দেখেনি। সে ভেতরে উঁকি মারল। ঘরটি বেশ বড়। পুরনো জিনিসপত্রে ঠাসা। গুদামঘর নাকি? কৌতুহল চেপে রাখতে না পেরে ঘরে ঢুকেই পরলো। ভেতরে ভাঙ্গাচোরা পুরনো জিনিস। তারই মধ্যে দেওয়ালের একপাশে একটা সুন্দর ঘড়ি রয়েছে। পুরনো দিনের ঘড়ি বোঝাই যাচ্ছে। জিনিসপত্র সরিয়ে সরিয়ে ঘড়ির কাছে যেতেই হালকা মাথাটা যেন ঘুরে গেল। কিন্তু, কীসের আওয়াজ ওটা! ঘরের দরজাটা কি কেউ বন্ধ করে দিচ্ছে? সত্যিই তো! খুব ভয় পেয়ে যায় সাগর কারণ ঘরের অনেকটা ভেতরে ঢুকে এসেছে সে। এখান থেকে ডাকলে কেউ শুনতে পাবেনা। বড় দরজাটা বন্ধ হয়ে গেল। ঘড়িটার দিকে তাকাতেই আবার মাথাটা ঘুরে ওঠে।

ক্লাস বোধহয় শুরু হয়ে গেল। তাকে ক্লাসে দেখতে না পেয়ে টিচার কি ভাববেন এইসব ভাবতে ভাবতেই হঠাৎ সাগর জ্ঞান হারালো।

সাগরের যখন জ্ঞান ফেরে তখন সে দেখে যে চারদিকে ঘুরঘুরটি অন্ধকার। আস্তে আস্তে সব মনে পরে তার। খুব ক্লান্ত লাগছিল। তার হাজার দুশ্চিন্তা মাথায় আসতে থাকে। সে ভাবে যে স্কুল বন্ধ করে সবাই বাড়ি চলে গেছে। অনেক রাত হয়েছে। বাবা মা খুব চিন্তা করছেন নিশ্চয়ই । সে আস্তে আস্তে সামনের দিকে এগোনোর চেষ্টা করল। সেই জানুয়ারি মাসের ঠান্ডাটা আর নেই। হঠাৎ সে দূর থেকে একটা আলো দেখতে পায়। সে আনন্দে ওই দিকে দৌড়ে যাওয়ার চেষ্টা করল।

"বেশ জোরালো আলো মনে হচ্ছে। নিশ্চয়ই সবাই ওকে বড় টর্চ নিয়ে খোঁজাখুঁজি করছে।" একটু এগিয়ে যেতেই হোঁচট খেলো সে। আর আলোটা যেন ক্রমে আরো তীব্র হয়ে কাছে আসছে। সে পাগলের মতো হাত পা ছুঁড়তে লাগলো। হঠাৎ চমকে গিয়ে দেখে একটা বিরাট বড় গাড়ি অন্ধকার ভেদ করে বেরিয়ে এলো। অবাক হয়ে তাকিয়ে রইল সে। ঠিক দেখছে ? সেই ঘরের দরজাই বা কোথায়, দেওয়ালই বা কোথায় ! জায়গাটা কোনো বড় রাস্তার মতো মনে হলো!

গাড়িটা থেকে একজন খুব লম্বা মানুষ নামল। তার হাইট হবে ৭ ফুটের কাছাকাছি। " বাবা রে কি লম্বা! সাগর হাঁ করে দেখে, তারপর তাকে জিজ্ঞাসা করে "



এই জায়গাটা কোথায়? "সেই লোকটি কিছু বুঝল না। লোকটি সাগরের হাত ধরে সেই লরির মতো বিশাল গাড়িতে তুলে নিল। অন্ধকারের মধ্যে দিয়ে চলল সেটা। সাগর ভয় পেয়ে গেল। চারিদিক সেখানে পুরো কালো। সাগর মনে মনে ভাবল লোকটার গায়ে অনেক জোর তাই চেঁচামেচি করে বা জোর খাটিয়ে কোন লাভ নেই। তাকে বুদ্ধি করে পালাতে হবে।

জোরে যাচ্ছে গাড়িটা! অন্ধকারে চোখটা সয়ে আসতে ও একটা ডিজিটাল স্ক্রিনে দেখে যে কিসব ভাষা যেন লেখা আছে। এ কোন দেশে এসেছে ও? সেখানে দেখল সংখ্যার মতো কিছু একটা লেখা আছে লেখাটা আস্তে আস্তে পরিবর্তন হচ্ছে। দেখে মনে হল যে সংখ্যাটা ৯০০ থেকে হাজারের ঘরে গেল। ওরা কি এই স্পিডেই যাচ্ছে!

অবশেষে গাড়িটা এক জায়গায় এসে থামল। আরেকটা বিশাল লম্বা লোক তাকে দেখে খুবই অবাক হয়েছে বোঝা যাচ্ছে। সাগর কোন কথা বলল না। দ্বিতীয় লোকটি একটি ছোট মেশিন নিয়ে এসে ইশারায় তার সামনে তাকে কথা বলতে বলে। সাগর কিছুক্ষন চুপ থাকার পর বলে "তোমরা আমাকে কোথায় নিয়ে এসেছো !"

দ্বিতীয় লোকটি সাগরের কথা শুনে জিজ্ঞাসা করল "তুমি কি পৃথিবী থেকে এসেছো? "সাগর ঘাবড়ে গিয়ে জিজ্ঞাসা করল "কেন? এটা পৃথিবী নয়?"

এরপর তার মনের প্রশ্ন ওই মেশিনটির সামনে বলতে লাগল। "আমাকে আপনারা কি একটু বলবেন আমি কোথায় এসেছি? কিভাবেই বা এলাম? আর কেনই বা এলাম?"

লোকটি বলল "এটা কারোস গ্রহ, সৌরজগতের কাছাকাছিই আমরা থাকি ", আমরা পৃথিবীতে যাওয়ার বহু চেষ্টা করেছি, কিন্তু কোনদিন সফল হতে পারিনি, কিন্তু তুমি কিভাবে আমাদের এখানে এসে গেলে, আমরা কিছুই বুঝতে পারছি না।

যাই হোক, তোমাকে আমাদের গ্রহের সমস্ত ব্যাপার বুঝিয়ে বলি। দ্বিতীয় লম্বা লোকটি হতাশ গলায় বলতে লাগল,

" আমাদের গ্রহে সবই আছে কিন্তু আমাদের প্রাকৃতিক কোনো অক্সিজেন নেই, আমরা অক্সিজেন তৈরি করে কৃত্রিমভাবে সবসময় শ্বাস-প্রশ্বাস নিয়ে থাকি। তুমি যেখানে আছো সেটি একটি বিশাল বড় বাল্বের এর মত। আমরা এখানে অনেকটা জায়গা বাল্বের মধ্যে ঘিরে রেখে দিয়েছি। তাই তোমার এখানে অক্সিজেনের কোনো অসুবিধা হচ্ছে না। কিন্তু এই অক্সিজেন্, একদিন তো শেষ হয়ে যাবে, তখন আমরা আর বেঁচে থাকতে পারবো না। আমরা জানতে পেরেছি তোমাদের পৃথিবীতে সবুজ রংয়ের একটি বস্তু আছে সেটি থেকে অক্সিজেন পাওয়া যায়।

সাগর বলে ওঠে "অক্সিজেন তৈরি করার সবুজ বস্তুটির নাম গাছ।"

" আচ্ছা, ওরা দুজনেই মাথা নাড়লো আর বলল "আমরা কৃত্রিম ভাবে গাছ বানানোর চেষ্টা করছিলাম কিন্তু পারিনি। তোমাদের গ্রহের ওই সবুজ বস্তুটার খোঁজেই আমরা বহু বছর আগে পৃথিবীতে গিয়েছিলাম। আমাদের পূর্বপুরুষরা সেখানে একটি ডাইমেনশন চেঞ্জার মেশিন রেখে এসেছিলেন। ওই মেশিনটি কোনোভাবেই নষ্ট হবে না, যুগের পর যুগ একই রকম ভাবে থাকবে।সেটি চালানোর জন্য কোন পাওয়ারের দরকারও হবেনা, সেটি গাগুবা দিয়ে তৈরি যেটা পৃথিবীতে পাওয়াই যায় না। কিন্তু আমাদের স্পেসশিপ সম্পুর্ণ ধ্বংস হয়ে যায় পৃথিবীতে গিয়ে এবং পৃথিবীর অনেক ক্ষতি হয় সেটার জন্য।বিশাল সব প্রাণী ছিল ওখানে, সে সমস্ত প্রাণী সম্পুর্ণরূপে বিলুপ্ত হয়ে গিয়েছিল।

সাগর বিদ্যুৎ চমকের মতো ভাবলো যে বিশাল অ্যাস্টোরয়েড ডাইনোসর ধ্বংস করে দিয়েছে সেই অ্যাস্টোরয়েড ই কি এদের স্পেসশিপ ছিল !

সাগর জিজ্ঞাসা করে "আপনারা তাহলে তারপরে আর গেলেন না কেন?

ওরা তার উত্তরে অনেক কথা বলে, যা সারসংক্ষেপ করলে দাঁড়ায় যে ওরা যে ডিভাইসটা ওখানে রেখে এসেছিল তার একটি কানেক্টিং মেশিনও ছিল। সেই মেশিনটা ওদের ডিভাইসটার সাথে যোগাযোগ করলে তবে পৃথিবীতে আবার যেতে পারত ওরা । সেই মেশিনটি ওই ধ্বংসের সাথেই হারিয়ে যায় তবে ওই ছোট মেশিনটিও কিন্তু কোনদিন ধ্বংস হবে না। সেটিও ওই গাগুবা দিয়েই তৈরি ।

ওরা বলতেই থাকে " তবে তুমি তো চলে এলে আমাদের এখানে। কিভাবে এসেছ সেটা আমরা এখনও বুঝে উঠতে পারিনি। একটু পরীক্ষা করে দেখতে হবে । সাগর হঠাৎ বলে ওঠে " আপনারা বাংলা ভাষা জানেন ?"

" এই তোমার সামনে যে মেশিনটি দেখছো সেটি হল একটি ল্যাঙ্গুয়েজ ট্রান্সলেটর। এটি যে কোনো ভাষাকে যে কথা বলছে বা শুনছে তার মাতৃভাষায় পরিবর্তন করে দিতে পারে।

প্রথম লম্বা লোকটা সাগরকে জিজ্ঞাসা করল "তোমার নাম কি ?" যখন সাগর তার নাম বলল তখন ওরা অবাক হয়ে তাকিয়ে রইল।

আসলে ওরা কোনদিন এরকম নাম শোনেই নি। সাগর ওদের নাম জিজ্ঞাসা করায় প্রথম জন বলল " আমার নাম ৩১.১ আর ওর নাম ২৭.৭। "ও আরো বললো' , আমি জুনিয়র আর ও সিনিয়ার তাই আমার ডিজিটাল র‍্যাংক ওর থেকে বেশি। এই গ্রহে যার র‍্যাঙ্ক যত কম,তার তত বেশি ক্ষমতা। আমাদের এখানকার হেডের ডিজিটাল র‍্যাঙ্ক হলো ১.০।

অনেকক্ষণ থেকেই সাগরের কোমরের কাছে কি একটা খোঁচা মারছিল।বিরক্ত হয়ে পকেটে হাত দিতেই হাতে এল সকালের কুড়িয়ে পাওয়া জিনিসটা। তখনও জিনিসটাকে চোখেই দেখেনি ভালোভাবে। এখন সেই জিনিসটাকে ভালোভাবে দেখে অত্যন্ত অবাক হয়ে গেল। এটা তো বড় ঘড়িটারই মত হুবহু এক দেখতে।

সাগর অজ্ঞান হওয়ার আগের মুহূর্তে একটা জিনিস তখন লক্ষ্য করেছিল যেটা ওর এখন ছোট ঘড়িটাকে দেখে মনে পড়ল। ঘড়িতে বারোর বদলে দশটা দাগ। ওরা সাগরের হাতে ওই ঘড়িটা দেখে সাগরের থেকে ওটা চায়। সাগর ঘড়িটা ওদের দেয়। ওরা অবাক হয়ে জিনিসটার দিকে তাকিয়ে রইল তারপরই আনন্দে একে অপরকে জড়িয়ে ধরল। সাগর বুঝলো যে ওরা অত্যন্ত খুশি হয়েছে। "কিন্তু কেন !"

"তুমি এই যে জিনিসটা পেয়েছো, এটা আমাদের সেই হারিয়ে যাওয়া কানেক্টিং মেশিন। যার সাহায্যে এখানে পৌঁছেছ তুমি।"

এইবার ব্যাপারটা বোঝা যাচ্ছে। দুটো ঘড়ির কানেকশনেই মাথাটা ঘুরে উঠেছিল। ও কৌতুহলের সাথে প্রশ্ন করল "আচ্ছা এই ঘড়িতে বারোটার বদলে দশটা ঘর কেন? উত্তরটা এবার জুনিয়র দিল। এই দশটা ঘর দশটা ডাইমেনশন কে বোঝায়। সে বলল এই ডাইমেনসন যন্ত্রের সাহায্য এক ডাইমেনসন থেকে অন্য ডাইমেনসনে যাওয়া যায়। আমরা ডাইমেনসন কে ঘন্টা মিনিট সেকেন্ডে ভাগ করেছিলাম। ডাইমেনসন

চেঞ্জ করে গ্রহ থেকে অন্য গ্রহে সহজেই যাওয়া সম্ভব। এমন কি অন্য গ্যালাক্সিতেও সহজে যাওয়া সম্ভব। এসব শুনে সাগরের হাঁ বন্ধ হয় না।

সাগরের মনে পড়ল ওর পকেটে কিছু বাছাই করা গাছের বীজ এবং এক প্যাকেট সার আছে। যেগুলো অ্যালেক্স কে দিত। সাগর ওই বীজ ও সার তাদের হাতে দেয়। ওরা যে কি খুশি হল সেটা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না।

তারপর সাগরকে বলল " চলো তোমাকে আমরা পৃথিবীতে ফিরিয়ে দিয়ে আসি।" গাড়িতে উঠে সেই মারাত্মক স্পিডে যেতে গিয়ে একটা ওয়ার্ড শুধু সাগরের কানে এলো। ডাইমেনশন স্টেশন। ব্যাস আর কিছুই মনে নেই।

***

চোখ মেলতেই বাবা-মা মাথার কাছে বসে আছে দেখতে পেল সাগর। তাড়াতাড়ি উঠে বসে বিছানায়। বাবা মা জড়িয়ে ধরে।

একদিন সারাদিন অজ্ঞান থাকার পর সাগরের নাকি জ্ঞান ফিরেছে। তাহলে কি সাগর স্বপ্ন দেখছিল? ও অন্য গ্রহে যাইইনি?

বাঁ হাতটা পকেটে ঢুকিয়ে গাছের বীজগুলো আর স্যারের ছোট প্যাকেটটা খুঁজে পেল না। কোথাও পড়ে গেছে নাকি তাহলে? ভাবতে ভাবতেই ডান পকেটে একটা ভাইব্রেশন। সত্যিই তো এটার কথা মনেই ছিল না। ছোট ঘড়ির মতো মেশিনটা হাতে আসতেই দেখল ঘড়ির স্ক্রিনের ওপর ভেসে উঠেছে সবুজ লেখা!

গাছের বীজগুলো আমাদের প্রসেসড মাটিতে লাগিয়ে দিয়েছি। তুমি যেভাবে বলেছিলে সেই ভাবেই সার ও জল দিয়েছি। কানেক্টিং মেশিনটা তোমাকে উপহার হিসেবে দিয়ে দিলাম। আর হ্যাঁ ১.০ এর কাছে আমাদের প্রজেক্টই প্রথম হয়েছে। এর জন্য আমরা তোমার কাছে কৃতজ্ঞ।

গল্প

# বিশ্বাস

সায়ন তালুকদার
ভারত

"অ্যায়,শাড়ি লাগবে। শান্তিপুর,ফুলিয়ার তাঁতের শাড়ি। ভালো ভালো শাড়ি আছে। লাগবে নাকি মা জননী?" সুর করে বলছিল বছর পঁয়ত্রিশের শাড়িওয়ালি মেয়েটা। প্রশ্নটা যে তাঁকে উদ্দেশ্য করেই করেছে বুঝতে পেরেছেন বীথিকা। ব্যালকনির বেতের চেয়ারটায় বসে খবরের কাগজের খেলার পাতাটা পড়ছিলেন। মেয়েটা ওপরে তাকিয়ে ওনাকে দেখতে পেয়েই প্রশ্নটা ছুঁড়েছে। ঘামে চকচক করছে ওর মুখ। গালের উপর চুলের খানিকটা অংশ চেপ্টে বসে গেছে। মুখ শুকিয়ে গেছে তবুও বিরাম নেই কথায়।

সহানুভূতি জেগে উঠল ষাটোর্ধ্ব বীথিকার মনে। ব্যালকনি দিয়ে মুখ বাড়িয়ে বললেন,"উঠে এসো।"

হাতের কাগজটা বেতের চেয়ারটার উপর ফেলে এক কোণায় উপুড় করা ঠাকুরের বাসনগুলো তুলে নিয়ে ঠাকুরঘরে গুছিয়ে রাখতে না রাখতেই কলিং বেল বেজে উঠল। মেয়েটা এসে গেছে বোধহয়।

দরজা খুলে মেয়েটাকে ড্রয়িংরুমে এনে বসালেন। মেঝেতে বসতে চাইছিল। বীথিকা সোফাটায় বসতে বললেন। সারা শরীর ঘামে সপসপ করছে। এই বিয়াল্লিশ ডিগ্রি গরমে ঘুরে ঘুরে শাড়ি বেচা কতখানি কষ্টের,বীথিকা বোঝেন।

"একটু বোসো।" বলে রান্নাঘরের দিকে পা বাড়ান বীথিকা। ফেসবুকে রিলস্ দেখেন তিনি। সেখানেই কাল দেখেছিলেন তপ্ত রাস্তায় কীভাবে ডিম ভাজা হয়ে যাচ্ছে। আম পান্না সরবত বানিয়ে মেয়েটির দিকে গ্লাসটা বাড়িয়ে বলেন,"খাও।"

মেয়েটি খেতে ইতস্তত করছে দেখে বীথিকা বলেন, "লজ্জার কিছু নেই। এই গরমে এটুকু শরীরের পক্ষে দরকার। নাও,দেখাও দেখি তোমার শাড়ি।"

মেয়েটি আলতো হেসে শাড়ির পোঁটলা খুলতে থাকে। "তোমার নাম কী?"

-"কৃষ্ণা।"
ফুলিয়া,শান্তিপুরের নকশা করা তাঁতের শাড়িগুলো এক এক করে মেঝেতে ছড়িয়ে রাখে মেয়েটি। বীথিকার পছন্দ হয় কয়েকটি শাড়ি। মেয়েটিকে দাম জিজ্ঞাসা করেন।

-"পাঁচশো করে মা জননী।"

দরদাম করেন না বীথিকা। নিয়ে নেন। ঘরের ড্রেসিং টেবিলের সামনে দাঁড়িয়ে শাড়িগুলো কাঁধের উপর ফেলে দেখে নেন কেমন লাগছে। আলগা হাসি খেলে যায় বীথিকার মুখে। একটা ঢাকাই জামদানি খুব পছন্দ হয়েছে তাঁর। দাম পনেরোশো টাকা। মেয়েটি বলে, বারোশো টাকায় দেবে।

বীথিকা বলেন,"না থাক। পরে একদিন এসো। ওটা নেব। পছন্দ হয়েছে খুব।"

মেয়েটির ফোন নম্বর সেভ করেন বীথিকা। মেয়েটি চলে যায়। খানিকক্ষণ পরে বীথিকা আবিষ্কার করেন পেনশন তুলে নিয়ে আসার পর ব্যাগটা সোফার উপরে রেখেছিলেন। একা মানুষ। ছেলেরা বিদেশে। ব্যাগটা আছে,অথচ টাকা নেই।

সন্দেহ করেন একজনকেই। কৃষ্ণা।

ফোন করার ইচ্ছে হয় না। মনটা বিষিয়ে ওঠে। মানুষ চিনতে এতটা ভুল হল তাঁর। অবশ্য এই অল্প সময়ে কতটুকুই বা চিনে ওঠা যায় অচেনা একজনকে!

রাতে ফোন করে কৃষ্ণা। ক্ষমা চায়। টাকাটা ওর খুব দরকার ছিল,তাই না বলে নিয়েছে। ফেরত দিয়ে দেবে এও জানায়। বীথিকা কিছু না বলে ফোনটা রেখে দেন।

মাসখানেক কেটে যায়। কলিং বেল বেজে ওঠে। দরজা খুলতেই দেখেন মাথা মোড়ানো বছর পনেরোর একটি ছেলে।

ছেলেটি বলে,"আমার মায়ের নাম কৃষ্ণা। আপনাকে এইটা দিতে বলেছে।",বলে ব্যাগ থেকে দশ হাজার টাকা বীথিকার হাতে দেয়। আর একটা প্যাকেট।
-"এতে কী আছে?"

-"আপনি একটা শাড়ি পছন্দ করেছিলেন,মা বলল এটা আপনাকে দিতে, পুজোর উপহার।"

ছেলেটি চলে যাওয়ার জন্য ঘুরে দাঁড়ায়। বীথিকা জিজ্ঞেস করেন,"তোমার..."

কথাটা ধরে নিয়ে ছেলেটা বলে ওঠে,"বাবা,পঁচিশ দিন হল মারা গেছেন। আলসার হয়েছিল। ওষুধপত্রেও কাজ হল না।"

ছেলেটার চোখ চিকচিক করে ওঠে। দাঁড়ায় না আর! সিঁড়ি দিয়ে নামতে নামতে ক্রমশ মিলিয়ে যায়। ফ্ল্যাটের দরজায় থমকে দাঁড়িয়ে থাকেন বীথিকা। ছেলেটাকে এই গরমে একটু মিষ্টি,জল খাওয়ার কথা বলতেও ভুলে যান। গলা বুজে আসে তাঁর। সাদার উপর নীল সুতোর কাজ করা নরম ঢাকাই জামদানিটা আঁকড়ে হাউহাউ করে কেঁদে উঠেন বীথিকা।

ফিচার

# এ বছরে কারা কারা ইগ নোবেল পুরস্কার পেলেন!

অশোক বসু
ভারত

এ বছরের নোবেল পুরস্কারের কথা আপনারা সবাই ইতিমধ্যে জেনে গেছেন, কিন্তু ইগ নোবেল পুরস্কারের কথা কি জানেন? ইগ নোবেল পুরস্কার ব্যাপারটা কি? এটি হল নোবেল পুরস্কারের ব্যঙ্গাত্মক প্রতিলিপি। আরো সহজ করে বললে দাঁড়ায়, ইগ নোবেল পুরস্কার হল নোবেল পুরস্কারের প্যারোডি। তবে এর মধ্যেও একটা ব্যাপার আছে। নোবেল পুরস্কার যেখানে শুধুমাত্র সিরিয়াসনেস বা গুরুগম্ভীরদিকটা তুলে ধরে, ইগ নোবেল পুরস্কার সেখানে প্রথমে আমাদের হাসায়, পরে আমাদের ভাবতে বাধ্য করে ।

ইগ নোবেল পুরস্কারের চলন নোবেল পুরস্কারের অনেক পরে শুরু হয়েছে। ১৯৯১ সাল থেকে এই ইগ নোবেল পুরস্কার প্রদান পর্ব চলছে। এবার ইগ নোবেল পুরস্কার এ বছরের ১৮ সেপ্টেম্বরে দেওয়া হয়েছে। মোট পুরস্কারের সংখ্যা ছিল দশ। প্রতিবছর এই সেপ্টেম্বরেই দেওয়া হয়। এর কারণ এর কয়েকদিন পরেই, সাধারণত অক্টোবরেই নোবেল পুরস্কার দেওয়া হয়। তাই ইগ নোবেল পুরস্কারের সময়টা এই সময় প্রতি বছর বেছে নেওয়া হয় যাতে ইগ নোবেল পুরস্কার নিয়ে জনগণের মধ্যে এক ধরনের আলোড়ন সৃষ্টি হয়।

১৯৯১ সালে এই পুরস্কারের প্রথম আয়োজন করেছিল আমেরিকার এক ম্যাগাজিন " জার্নাল অব ইররিপ্রোডিউসিবল রেজাল্টস।" পরে এই ইগ নোবেল পুরস্কার দিতে শুরু করে " আনালস অব ইমপ্রোবেবল রিসার্চ"। এটি বোস্টন থেকে এখন প্রকাশিত হয়, এবং মূলতঃ এটি একটি বৈজ্ঞানিক হাস্যরসের ম্যাগাজিন।

মোট দশটি ক্যাটেগরিতে পুরস্কার প্রদান করা হয়। এবারের পুরস্কার বিতরণ হৈ হৈ করে হয়ে গেল আমেরিকার ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে। আর সবচেয়ে আনন্দের বিষয় হল এই পুরস্কার প্রাপকদের মধ্যে এবার দুজন ভারতীয় আছেন! পুরস্কার প্রাপকদের আর্থিক মূল্যের পুরস্কার দেওয়ার প্রথা আছে। কতো টাকা? ১০ ট্রিলিয়ন জিম্বাবুয়িয়ান ডলার। আমেরিকান ডলারে এর মূল্য এক ডলারের চল্লিশ ভাগের এক ভাগ! তবে মেমেন্টো হিসেবে ঐ ব্যাঙ্ক নোটটি পুরস্কার প্রাপকদের কাছে নিশ্চয়ই মহামূল্যবান।

নোবেল পুরস্কার এবার কোনো ভারতীয় পাননি বটে , কিন্তু ইগ নোবেল পুরস্কার জুটেছে।এবারের ৩৫ তম পর্বে ইন্জিনিয়ারিং ডিজাইন বিভাগের পুরস্কার জিতে নিয়েছেন দুজন ভারতীয়: বিকাশ কুমার, শিব নাদার ইউনিভার্সিটির অ্যাসিস্ট্যান্ট প্রফেসর অব ডিজাইন, এবং স্টুডেন্ট রিসার্চার সার্থক মিত্তাল।

এটি ছিল আসলে স্টুডেন্ট অ্যাসাইনমেন্ট প্রজেক্ট। সার্থক মিত্তাল প্রথমে লক্ষ্য করেন যে জুতো প্রায়ই হোস্টেল রুমের বাইরে রেখে দেওয়া হয়। এই নিয়ে বিকাশ কুমার আর সার্থক মিত্তালের মধ্যে আলোচনা হয়। প্রথমে তারা ভেবেছিলেন জুতোর র‍্যাকে জায়গা নেই বলে জুতোগুলো বাইরে রাখা হয়। কিন্তু পরে তাঁরা বুঝতে পারেন যে জুতো থেকে দুর্গন্ধ বেরোনোর জন্য এই কাজটি করা হয়। তখন তাঁরা রিসার্চ করে দেখে জুতোর গন্ধের জন্য দায়ী ব্যাকটেরিয়া। এরপর তাঁরা একটি জুতোর র‍্যাকের ডিজাইন করে যার মধ্যে আল্ট্রাভায়োলেট ল্যাম্প আছে যা দিয়ে জুতোর দুর্গন্ধ দূর করা যাবে। ওয়াটার ফিল্টারেও এইভাবে ব্যাকটেরিয়ার দুর্গন্ধ তাড়ানো হয়। বিকাশ কুমার বলেছেন যে

ডিজাইনের আইডিয়া সাধারণ দৃশ্যের পর্যবেক্ষণ থেকে আসে, আর এই ধরণের কোনো কিছুর সমাধান বিভিন্ন ধরনের জ্ঞানকে একত্রিত করে আসে। এই ক্ষেত্রে ওনারা ইঞ্জিনিয়ারিং ডিজাইনের সাথে মাইক্রোবায়োলজির জ্ঞানের সমন্বয় ঘটিয়েছেন।

বাকি ক্যাটিগরীর পুরস্কারের মধ্যে ছিল সাহিত্য, শান্তি, সাইকোলজি, কেমিস্ট্রি, ফিজিক্স ইত্যাদি। সাহিত্য বিভাগের পুরস্কার প্রাপক হলেন উইলিয়াম বিন। অবশ্য এখন উনি আর জীবিত নন। উনি ৩৫ বছর ধরে গবেষণা করেছেন যে কি হারে তার নিজের হাতের নখ বাড়ে! পরে তিনি মেডিকেল পেপারে সিরিজ আকারে সেগুলো একে একে সব প্রকাশ করেন।

শান্তি পুরস্কার প্রদান করা হয়েছে জার্মানির ক্লিনিকাল সাইকোলজিস্ট জেসিকা ওয়েরথম্যান এবং তাঁর টিমকে। তাঁদের আবিষ্কার হল, অ্যালকোহল পান করলে মাঝে মাঝে কোনো কোনো ব্যাক্তির বিদেশি ভাষা বলার বুৎপত্তি বাড়ে। সাইকোলজি বিভাগের পুরস্কার পেয়েছেন তিনজন। তাঁরা যথাক্রমে অস্ট্রেলিয়া, কানাড়া ও পোল্যান্ডের নাগরিক। তাঁদের গবেষণার বিষয় ছিল: কোনো একজন নার্সিসিস্টকে যখন বলা হয় যে সে বুদ্ধিমান তখন কি ঘটে ।

নিউট্রিশন বিভাগের পুরস্কার জিতেছেন ইটালির চারজন গবেষক। তাঁদের বিষয় ছিল, কিছু টিকিটিকি কিভাবে পিজ্জা খায় সেটা দেখানো। পেডিয়াট্রিক বিভাগের পুরস্কার পেয়েছেন দুজন আমেরিকার ডাক্তার। তাঁদের গবেষণার বিষয় ছিল, একজন মা যখন রসুন খায় তখন তার ছোট্ট শিশুটি কিভাবে প্রতিক্রিয়া দেয়। বায়োলজি বিভাগের পুরস্কার জিতে নিয়েছেন এগারো জন গবেষক। তাঁরা বের করতে চেষ্টা করেছেন যে গরুর গায়ে জেব্রার মতন ডোরাকাটা এঁকে দিলে তাঁদের কম মশা- মাছি কামড়ায় কিনা।




এই পর্যন্ত পড়ে কি হাসি পাচ্ছে? তাহলে আরো আছে। এর আগে ২০০১ ব্যাঙ্গালোরের কিছু নিউরো সায়েন্টিস্ট এই ইগ নোবেল পুরস্কার পেয়েছিলেন। তাঁদের গবেষণার বিষয় ছিল মানুষের নাক খোঁটা । সেই সময় একজন আমেরিকান এই পুরস্কারের ঘোষণায় উদ্বুদ্ধ হয়ে একটি বই লিখেছিলেন: A nose-picker's guide. সেই সময় খুশবন্ত শিং বেঁচে ছিলেন, এবং তিনি তখন একটি ইংরেজি সংবাদপত্রে এই বিষয় নিয়ে কলাম লিখেছিলেন! ২০০৩ সালে কেরালার এক বৈজ্ঞানিকও এই ইগ নোবেল পুরস্কার পেয়েছেন। তাঁর গবেষণার বিষয় ছিল, বৈজ্ঞানিক সমীকরণের মাধ্যমে হাতির সারফেস এরিয়া মাপা। মাথা ঘুরছে?

আন্দ্রে গেইম আবার দুটি পুরস্কারই, ২০০০ সালে নোবেল, ২০১০ সালে ইগ নোবেল , পেয়েছন পদার্থ বিজ্ঞান বিভাগে। ইগ নোবেল পুরস্কারের নাম শুনলে হাসির উদ্রেক হলেও, এই পুরস্কার প্রাপকদের গবেষণাকে কোনো মতেই হেলাফেলা করা উচিত নয়। কারণ তাঁদের গবেষণার বিষয়বস্তুর কথা ভাবলে আমরাও ভাবনায় তলিয়ে যাই।

ফিচার

# বর্তমান সময়ে সোশ্যাল মিডিয়া

সুগত চক্রবর্তী
ভারত

বর্তমান সময়ে সাহিত্য সম্পর্কিত প্রচারের এক অত্যন্ত গুরুত্বপূর্ণ মাধ্যম হল সোস্যাল মিডিয়া। এবং এর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় ফেসবুক। কোন প্রকাশনার নতুন বই প্রকাশ, শারদীয়া পত্র- পত্রিকা প্রকাশের বিজ্ঞাপন, কোন সাহিত্য সম্পর্কিত অনুষ্ঠানের খবর ইত্যাদি, বা সাহিত্য - সংস্কৃতি সম্পর্কিত প্রায় সমস্ত খবরের জন্যই আমরা ফেসবুকে ভরসা করে থাকি। কয়েকটি সংবাদপত্র গোষ্ঠী তাদের পত্র- পত্রিকা সম্পর্কে নিজেদের সংবাদপত্রে বিজ্ঞাপন দিলেও তাদের প্রত্যেকের ই ফেসবুকেও একটি করে পেজ আছে,তাতেও তাঁরা বিজ্ঞাপন দেন। অন্য প্রকাশনা বা লেখক রাও তাদের নিজেদের বই এর প্রচারের জন্য এই জনপ্রিয় প্ল্যাটফর্ম কেই বেছে নেন। এবং বলা বাহুল্য এতে লেখক- পাঠক- প্রকাশক সবাই ই উপকৃত হন। কিন্তু এই উপকারের সঙ্গে সঙ্গে আলোচনা করতে চাই এর অপব্যবহার সম্পর্কেও। এবং এই অপব্যবহার এর প্রবণতা দিন দিন খুব বিপজ্জনক ভাবে বৃদ্ধি পাচ্ছে। সেই সম্পর্কেই কিছু কথা বলি।

আজ থেকে বছর পনের আগেও কিন্তু ফেসবুকের এই রমরমা বাজার বা প্রায় প্রতি মানুষের ফেসবুক অ্যাকাউন্ট বা হাতে হাতে স্মার্টফোন ছিলো না। কিন্তু সাহিত্য চর্চা বা সাহিত্যিকেরা তো ছিলেন। সুনীল গঙ্গোপাধ্যায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সমরেশ মজুমদার,সঞ্জীব চট্টোপাধ্যায়, শংকর ইত্যাদি কিংবদন্তী লেখকের লেখার মাধ্যমেই আমাদের পরিচিতি ছিলো। ব্যক্তিগত পরিচিতি সাধারণ পাঠকের কাছে অসাধ্য ছিলো। ফেসবুক জমানা আসার পর এদের পরের প্রজন্মের লেখক,যারা ধরুন দু হাজার সালের পরে লেখার জগতে এসেছেন এদের সঙ্গে ফেসবুকের মাধ্যমে পাঠক সরাসরি যোগাযোগ এবং কথাবার্তার ও মতামত বিনিময়ের সুযোগ পেয়েছেন। এবং তাদের লেখালেখির কাটাছেঁড়ার ও সুযোগ। কিন্তু এখানেই একটা ভয়ংকর প্রবণতা ইদানীং দেখা যাচ্ছে। ফেসবুক পূর্ববর্তী যুগে কোন লেখকের লেখা খারাপ- ভাল যা ই লাগুক, সেটা জানানোর বিশেষ কোন মাধ্যম ছিলো না,বড়জোর পত্র - পত্রিকা দপ্তরে চিঠি পাঠানো ছাড়া, তাও দশটি চিঠি গেলে হয়তো দুটি চিঠি প্রকাশিত হত। কিন্তু,বর্তমানে ফেসবুকের সৌজন্যে যে কোন লোক ই তাঁর স্বাধীন মতামত রাখার অফুরন্ত জায়গা পেয়ে যাচ্ছেন। এইবার এই মতামত রাখার জায়গাটাতেই দেখা যাচ্ছে অনেক ধরনের বিষয়, যা প্রকৃত বা সুস্থ সাহিত্য আলোচনার পথে কাঁটা হয়ে দাঁড়াচ্ছে।



এই আলোচনা বা মতামত দেওয়ার মানুষ নানা প্রকার একদল আছেন,যারা লেখা পড়ে রুচিসম্মত ভাষায় লেখার নেগেটিভ বা পজিটিভ দিক আলোচনা করছেন। আরেকদল, যারা যে সব লেখা ভাল লাগে শুধু সে সব লেখা নিয়েই বাকি পাঠকদের জানানোর চেষ্টা করেন।

আবার আরেকদল আছেন, এরা কোন লেখা পড়লেই অত্যন্ত অশালীন ভাষায় লেখক কে অপমান করতে আসরে নেমে পড়েন। এরা অনেকে আবার লেখার সঙ্গে সঙ্গে অপ্রাসঙ্গিক ভাবে লেখক- লেখিকার

ব্যক্তিগত জীবন কেও টেনে এনে, সোজা বাংলায় কেচ্ছা করেন। এদের কাছে লেখার গুণমান নয়,এদের আসল উদ্দেশ্য হল যে কোন মূল্যে লেখক কে ছোট করে ওপেন ফোরামে তার সম্মানহানি করা। এরা যে সব পড়েন তা নয়, এদের একমাত্র কাজ হল লেখক বা লেখিকার নামটা দেখা এবং কুৎসা করা। এবং এদের বক্তব্য পড়লেই বোঝা যায় এরা আদৌ বাংলা সাহিত্যের নুন্যতম পাঠক ও নয়। এদের নেশা হল ফেসবুকের বিভিন্ন সাহিত্য গ্রুপে ঘাপটি মেরে বসে থাকা ও সময়ে সময়ে এই ধরনের কুৎসা ছড়িয়ে ফুটেজ খাওয়ার আকাঙ্খা।

আমি আগেই বলেছি প্রবীণ কয়েকজন সাহিত্যিক দের কথা। বাংলা সাহিত্যের পাঠকদের পরম সৌভাগ্য এরা এখনো আমাদের জন্য অশীতিপর বয়সেও লিখে যাচ্ছেন। হ্যাঁ, কিছু লেখায় হয়তো বয়সজনিত কারণে এদের আগের লেখাগুলির মত উন্নত মানের হচ্ছে না, কিন্তু এখনকার ফেসবুকে একটি অত্যন্ত জনপ্রিয় ট্রেন্ড হল,এদের কোন নতুন লেখা প্রকাশিত হলেই অত্যন্ত কুৎসিত ও অশালীন ভাষায় সেই লেখার সমালোচনা করে ফেসবুক পোস্ট। ভাবখানা হল, '' দেখলি তো কেমন দিলাম'। এবার এই ধরনের মনোভাব দেখানোর সুযোগ তাঁরা পাচ্ছে কি করে? আমি আগেই বলেছি,যে ফেসবুক আসার পর থেকে, আগেকার দিনে শুধু চিঠি লেখার চেয়ে এখন মতামত দেওয়ার অফুরন্ত সুযোগ। বর্তমানে প্রায় সমস্ত লেখকের ই ফেসবুক পেজ/ অ্যাকাউন্ট আছে। অতএব,তাঁরা ইচ্ছে করলেই এই সব কুৎসা তাদের চোখে পড়তে পারে,বা তাদের ঘনিষ্ঠ অপর কোন ব্যক্তি তাদের নজরে আনতে পারেন। এবং , কুৎসাকারীরা ঠিক এটাই চায়। মনোভাব হল,

তুমি যত বড় লেখক ই হও, সোস্যাল মিডিয়া স্বাধীনতার সুযোগ নিয়ে আমি তোমাকে কেমন জব্দ করলাম'। কিন্তু আসল ঘটনা হল, যারা এই কাজগুলো করেন তাঁরা সাময়িক মানসিক শান্তি পান, নিজের বন্ধু- বান্ধব দের কাছ থেকে পিঠ চাপড়ানি পান, কিন্তু ব্যস্তবে তাঁরা যাদের নামে এসব করছেন,তাঁরা তাদের জায়গায়,ভক্তদের মনে উচ্চ স্থানেই অবস্থান করেন, তাদের এতে বিন্দুমাত্র ক্ষতি হয়না। এ প্রসঙ্গে সেই প্রাচীন প্রবাদ উল্লেখ করা যায় 'অবোধের গোবধে আনন্দ'।

ফেসবুকে বিভিন্ন সাহিত্য গ্রুপ আছে, কোন কোন গ্রুপে সদস্য সংখ্যা লক্ষাধিক। এইসব গ্রুপেই বিভিন্ন তত্ত্ব উঠে আসে। যেমন- ২০২৫ কলকাতা আন্তর্জাতিক বইমেলায় হঠাৎ কিছু এরকম ভেকধারী পাঠক হইচই ফেলে দিলেন, লেখকরা, বিশেষত প্রবীণ লেখকরা কেন স্টলে বসে নিজেদের বই এ অটোগ্রাফ দেবেন? এ তো ভারি অদ্ভুত কথা! লেখকদের বই তে সই নেওয়া,এটা তো আজ চালু হয়নি, ফেসবুক জমানার আগে থেকেই এটা চালু আছে। তাহলে এবারে নয় কেন? কারণ, একটি আষাঢ়ে গল্প ফেসবুক বাজারে ছাড়া হল, এই প্রবীণ লেখক রা নাকি একদম ই ইচ্ছুক নয়,তাদের ছেলে-মেয়েরা, প্রকাশক রা তাদের জোর করে ধরে-বেঁধে নিয়ে এসেছেন সই করার জন্য। উদ্দেশ্য হল যত বেশি সম্ভব বই বিক্রি। আচ্ছা,যদি বই বিক্রিই উদ্দেশ্য হয় তাতে অপরাধ টা কোথায়? প্রকাশক স্টল সাজিয়ে বসেছেন তো ব্যবসার উদ্দেশ্যেই। এবং এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল,যে সব সামান্য অংশের মানুষ এই সই নেওয়ার বিরোধিতা করলেন,তার চেয়ে অনেক অধিক সংখ্যার মানুষ কিন্তু সারা বছর অপেক্ষা করে থাকেন, বইমেলার কটা দিন প্রিয় লেখক কে কাছে পাওয়ার, বইতে তাঁদের অটোগ্রাফ নেওয়ার জন্য।

এবার আসি বই/ লেখার রিভিউ বা পাঠ-প্রতিক্রিয়া নিয়ে আলোচনায়। ফেসবুকের খুব জনপ্রিয় বিষয় হল এখন এই পাঠ-প্রতিক্রিয়া। এবং, এখানেই ইদানীং শোনা যাচ্ছে 'পেড-রিভিউ '' এই শব্দটি। না, কোন পেড বলতে কোন অর্থকরী বিষয়ের অভিযোগ এখনো প্রমাণিত নয়,কিন্তু অন্যভাবে পেড বলা হচ্ছে,যেমন- লেখকের কাছ থেকে বিনামূল্যে বই সংগ্রহ, প্রকাশকের কাছে বাজার চলতি ডিসকাউন্টের চেয়ে বেশি ডিসকাউন্ট পাওয়া, বিনিময়ে সেই বইটিকে উচ্চ প্রশংসায় ভরিয়ে দেওয়া। আচ্ছা,সব ই না হয় মানা গেলো,কিন্তু আদপে কি বাংলা সাহিত্যের এতে কোন উন্নতি হচ্ছে? এই ভালবাসার চাপে যে পাঠক অত্যন্ত নিম্নমানের লেখার, উচ্চ প্রশংসা পড়ে বইটি কিনছেন এবং বেমালুম ঠকে যাচ্ছেন। গঠনমূলক বা নিরপেক্ষ রিভিউ ক্রমশ বিরল হয়ে উঠছে। আবার উল্টো টাও ঘটছে। কোন লেখক বা লেখিকার প্রতি ব্যক্তিগত রাগ থাকলে তাঁর কোন ভাল লেখাকেও নিম্নমানের বলে দাগিয়ে দেওয়া হচ্ছে,যার ফলে প্রকৃত পাঠকরা হয়তো বঞ্চিত হচ্ছেন সত্যিকারের ভাল লেখা পড়ার থেকে।

এর সঙ্গে যোগ হবে নতুন লেখক লেখিকাদের আক্রমণ। হ্যাঁ, ফেসবুক জমানায় নতুন লেখক-লেখিকার সংখ্যা ক্রমবর্ধমান। তাদের সবাই যে ভাল লিখছেন তা নয়, আবার কেউ কেউ প্রথম লেখা বা বইতেও হয়তো চমকে দিচ্ছেন। কিন্তু, ফেসবুক জুড়ে প্রায় ই দেখা যায় এদের চূড়ান্ত ব্যঙ্গ করে পোস্ট বা কমেন্ট। নতুন দের যেহেতু পরিচিতি কম, স্বাভাবিকভাবেই তাঁরা তাদের বিজ্ঞাপনের মাধ্যম হিসেবে ফেসবুক কে বেছে নিয়েছেন,কিন্তু তাঁরা তো শুধু বিজ্ঞাপন ই করছেন,কাউকে তো জোর করে বাধ্য করছেন না তাদের বইটি কিনতে। অথচ, তাদের ‘’ হকার’ উপাধি দেওয়া হচ্ছে,আরো নানারকম অপমানজনক শব্দ ও ব্যবহার করা হচ্ছে। যারা হকার বলছেন এরা কিন্তু শুধু নতুন লেখকদের নয়,হকার পেশাটাকেই অপমান করছেন। কিন্তু,ওই যে গাত্রজ্বালা বা নিজে কিছু লিখতে না পারার যন্ত্রণা। এর থেকেই এইরকম হতাশা ফুটে বেরোয়। আবার অপরদিকে কোন প্রতিষ্ঠিত লেখকের কোন গল্প, সেটা যদি অত্যন্ত নিম্নমানের ও হয়,শুধু লেখকের নাম টি মাথায় রেখে গল্পটিকে ‘ অপূর্ব ‘, ‘অসাধারণ ‘, ইত্যাদি
বিশেষনে ভূষিত করা হচ্ছে।

ফেসবুক আমাদের এই মুহূর্তে সাহিত্য জগতের খবরাখবর পাওয়ার সবচেয়ে শক্তিশালী মাধ্যম। কিন্তু এর এইভাবে অপব্যবহার হলে কিন্তু বর্তমান মোবাইল ফোনের যুগে সাহিত্যের ই ক্ষতি তথা কাগজে ছাপা পড়া যে কমে যাচ্ছে, সেটা বৃদ্ধি করার পথে অন্তরায়।

আনু গল্প

# অটোগ্রাফ


অরুন্ধতী সরখেল
মার্কিন যুক্তরাষ্ট্র


বেশ ছোটোবেলা থেকে লেখক, কবি ও শিল্পীদের অটোগ্রাফ নিতে ভালোবাসতাম। সেটা বিয়ের বহুদিন পরেও ছিলো। ছোটবেলার নীরেন্দ্রনাথ চক্রবর্তীর অটোগ্রাফ এত মনে দাগ কেটেছিলো যে আমার প্রথম বই ‘নিওইয়র্ক থেকে’ লেখা বইয়ে কবিতা লিখেছিলাম। পরে এদেশে এসে ‘তসলিমা নাসরীনের ভালোবাসা সহ লাইনটি বেশ ভালো লাগে, রবীন্দ্রসঙ্গীত শিল্পী Dr. শ্রীকুমার চ্যাটার্জী লিখে দিয়েছিলেন ।

“তোমার কবিতা এক একটি ফুল
কবিতা ছাড়িয়া করোনাকো ভূল”

সব থেকে মজা পেয়েছিলাম রূপধরের অটোগ্রাফ নিতে গিয়ে। কিছুতেই ধরতে পারি না ভীষণ লাজুক অথচ ওর গঠন আমার ভালো লাগে। অবশেষে ধরলাম বলল স্টেজ free কিন্তু মানুষ ভীত। বীরেন্দ্র মহারাজের অটোগ্রাফ খুব Simple ও সুন্দর। “If you Love kathak dance, I Love you too’, পরে মুনীল গাঙ্গুলী, নবনীতাদি, জরাসন্ধ, মমতা শঙ্কর, তনুশ্রী শঙ্কর ও আরও অনেকের নাম, এই মুহূর্ত্তে মনে আসছে না। শুধু একজন নোবেল পুরস্কার প্রাপ্ত মানুষের Autograph নেওয়ার সুযোগ করে উঠতে পারিনি অথচ আমার কাছাকাছি অঞ্চলে তাঁরা থাকেন। সান্ত্বনা আমার কর্তা এদেশে Ph.D করার এদের সান্নিধ্য পেয়েছিলেন। এখন অটোগ্রাফ নেওয়ার জন্য দৌড়ানোটা একটু কমেছে। যেগুলো আছে সেগুলো ঠিক করে রাখার ইচ্ছে আছে। যদিও দ্বিতীয় প্রজন্মের মর্ম ঠিক বুঝবে না। সামান্য ভালো ব্যবহার ও একটু অটোগ্রাফ, সামান্য আব্দার করা ও হাসিমুখ। তাঁদের সেই ছোটোবেলার আনন্দ মনে চিরস্থায়ী।

ভ্রমণ

# মানস সরোবর – কৈলাশ যাত্রা

ডঃ কুমার শঙ্কর মন্ডল
মার্কিন যুক্তরাষ্ট্র

মানস সরোবর – কৈলাশ নামটা অনেকদিনই শুনেছি। অতি দুর্গম সে পথ। খুব কম মানুষই সেখানে যেতে পারে। আমার জীবনে কোনদিন যে এরকম সুযোগ আসবে সেটা কখনও মনে হয়নি। হঠাৎই একদিন ডাঃ দেবদত্ত এবং শর্মিষ্ঠা মিশ্রর বাড়ীতে দেখি একটা লিফলেট মানস সরোবর – কৈলাশ যাত্রা নিয়ে লেখা – কেউ যদি যেতে চায় তাহলে অমুক ফোন করে যোগাযোগ করতে হবে। সেখানে দেখি অশোক বাগচীর নাম।

দেখে খুবই রাগ হল, এতবার মেশোমশাই-র সঙ্গে আমাদের কালী মন্দিরে দেখা, কখনও তো একথা বলেননি। পরের দিনই ছিল মন্দিরে নারায়ণ পূজা। সেখানে মেশোমশাইকে দেখে হাই পাই করে উঠলাম। মেশোমশাই তাঁর স্বভাবসিদ্ধ মুচকি হেসে বললেন, "কুমার, তোমাকে যদি আগে বলতাম কেউ কেউ হয়তো ভাবতো – আমি তোমাদের নিয়ে 'ট্রাভেল এজেন্সী'র ব্যবস্থা করছি। তাই বলিনি।

এখন তুমি যদি নিজে থেকে যেতে চাও, তাহলে 'ফরম্' ফিল্ আপ্ করে পাঠিয়ে দাও।" কিন্তু মেশো, "আমি যে শুনেছি খুবই দুর্গম জায়গা, সবাই যেতে পারেনা"। মেশো বললেন, "তুমি যদি মন থেকে যেতে চাও, তাহলে যেতে পারবে"। এসব শুনে অনেকেই বলে উঠল তাহলে আমরাও যাব। মেশো বললেন, " আগে ভাল করে ভেবে দেখো, তারপর আমাকে জানিও"। যাই হোক অনেক ভাবনা চিন্তা করে এক একে সবাই না যাওয়া ঠিক করল। আর আমার জেদ ততই বাড়তে লাগল। মেশো বললেন, "কুমার, এখনও ভেবে দেখো"। আমি বললাম, "আপনি যদি নিয়ে যান, আমি যাচ্ছি। আমাদের দল ২০ জনের, বাকী সবাই আমার অপরিচিত এবং অবাঙ্গালী। একদিন আমাদের 'ওরিয়েন্টেশন মিটিং' হল। দলের সবার সঙ্গে পরিচয় হল। এদের অমায়িকতায় আমি মুগ্ধ। প্রত্যেকেই নিজ নিজ পেশায় সুপ্রতিষ্ঠিত। দলের মধ্যে আমিই সবচেয়ে কনিষ্ঠ। মনে মনে বললাম, ওরা যদি যেতে পারে তাহলে আমি নিশ্চয়ই পারব। দলের মধ্যে চারজনের এটা দ্বিতীয় যাত্রা। দু-একজনে জিজ্ঞাসা করলাম, শারিরীক ক্ষমতা নিয়ে কেউ চিন্তিত কিনা। উত্তর পেলাম – শরীরের কথা জানিনা, মনে আছে ভক্তি এবং একাগ্রতা তার জোরেই যাত্রা সফল হবে।

আমার নিজের ভক্তিশক্তির উপর তেমন ভরসা নাই বলে পরের দিন থেকেই পুরোদমে 'ট্রেড মিল' ও 'এক্সারসাইজ' শুরু করে দিলাম নিজেকে তৈরী করার জন্য।

মেশোমশাই (অশোক বাগচী) খুবই অরগ্যানাইজড-ভাবে আমাদের ভিসা, টিকিট ইত্যাদির ব্যবস্থা করে ফেলেন। উনিই আমাদের টিম লিডার, কিন্তু উনি লাসা অবধি যাবেন, এরকমই ঠিক আছে। আমাদের ইন্ডিয়া, নেপাল এবং চীন, এই তিনদেশের ভিসা দরকার এই যাত্রার জন্য। যাবার আর মাত্র তিন সপ্তাহ বাকী, এমন সময় এক দুঃসংবাদ। মেশোমশাই বুকে ব্যাথা নিয়ে হাসপাতালে গিয়েছিলেন। এঞ্জিওপ্লাস্টি করা হয়। পোস্ট অপারেশান পিরিয়োড-এ স্ট্রোক রাতারাতি সার্জারি করে ব্রেনের রক্তক্ষরণ বন্ধ করা হয়। কিন্তু তারপর থেকে মেশোমশাই অচৈতন্য অবস্থায়। সবাই দৌড়ে হাসপাতালে গেলাম। মেশোকে এরকম অবস্থায় কখনও দেখব ভাবিনি। একটু একটু সারা পাওয়া যাচ্ছে। বাকী সময় যেন ঘুমিয়ে আছেন পরম শান্তিতে। এদিকে আমরা অগাধ জলে। অনেক আলোচনার পর ঠিক হল - যাই হোক আমরা যাবো। কারণ সেটাই মেশোমশাইয়ের ঐকান্তিক ইচ্ছা।

২১শে জানুয়ারী, ২০০৭ আমরা দিল্লি পৌঁছালাম।হাওড়া থেকে ১৪-ঘন্টা। বিমানে একেবারে দিল্লি।পরদিন রওনা হলাম কাঠমান্ডু। সত্যজিৎ রায়ের ফেলুদার গল্প পরে কাঠমান্ডু শহর সম্বন্ধে বেশ একটা কৌতূহল ছিল। এয়ারপোর্ট নামতেই আমাদের গলায় পড়িয়ে দেওয়া হল গ্যাঁদা ফুলের হলুদ মালা। এটাই স্থানীয় রীতি। কাঠমান্ডু শহর দেখে একটু হতাশ হলাম। বেশ নোংরা এবং অগোছাল্লো ভাব। অন্য যে কোনও বড় শহরের মত।আলাদা কোণও বৈশিষ্ট্য চোখে পড়ল না।

পরদিন আমরা গেলাম পশুপতিনাথের মন্দির। বিরাট মন্দির, বিশাল চত্ত্বর। দক্ষিণেশ্বরের কালীবাড়ি সঙ্গে কোথাও যেন একটা মিল আছে।এরপর আমরসা গেলাম 'বুধোনিকান্থ মনেস্ট্রি'-তে। পাহাড়ের উপর মনোরম পরিবেশ। গোটা কাঠমান্ডু শহর এখান থেকে দেখা যায়। ফেরার পথে থামলাম দক্ষিণাকালীর মন্দিরে। জঙ্গল এবং ঝরণার মাঝে সিঁড়ি দিয়ে অনেকটা নিচে গিয়ে এক থমথমে পরিবেশে এই কালীমন্দির।মনকে খুবই নাড়া দেয়। এখানে রোজই পশুবলি হয়। ফেরার পথে বিষ্ণু মন্দির, সেখানে কিছু সময় কাটিয়ে হোটেলে ফিরে এলাম।

সন্ধ্যেবেলা 'মাউন্ট কৈলাশ মানসরোবর ট্রাক-এর কর্মকর্তা আমাদের 'ট্যুর ওরিয়েন্টেশন' করলো। বুঝলাম দুর্গমযাত্রা আমাদের জন্য অপেক্ষা করছে।

এবার কাঠমান্ডু ছাড়ার পালা। রওনা হলাম 'এয়ার চায়না'-র লামার উদ্দেশ্যে। এই যাত্রার বিরাট আকর্ষণ যাত্রা পথে 'মাউন্ট এভারেস্ট' এবং অন্যান্য পর্বতমালা 'প্লেন' থেকে দেখা যায়। আকাশ পরিষ্কার থাকায় 'মাউন্ট এভারেস্ট' এবং অন্যান্য পর্বতমালার অপূর্ব দৃশ্য দেখতে পেলাম। মেঘরাজ্যের মাঝে মন ভরে গেল এক অনাবিল আনন্দময়তায়।লাসা এয়ারপোর্টে নামতেই এখানকার কর্ম্মকর্তা আমাদের স্বাগতম জানালো আমাদের গলায় সাদ সিল্কের মাফলার মত জড়িয়ে দিয়ে।

তিব্বত চাইনিজদের হাতে আসার পর থেকে এখানকার রাস্তাঘাট ব্রিজ ইত্যাদি প্রচুর উন্নতি হয়েছে। যদিও স্থানীয় মানুষেরা খুব একটা খুশী নয়। বাইরে থেকে দেখলে একটা ঝকঝকে শহর চোখে পড়ে। একটু ভেতরে দেখলে অখুশী স্থানীয় মানুষের দারিদ্র দেখা যায়। এসব পাহাড়ী, নির্মল পরিবেশে থাকতে গেলে ধর্ম্মের প্রতি অনুরাগ জীবনধারার অঙ্গ হয়ে যায়। চাইনীজ সরকার এটা বুঝতে চায় না। এখানেই দ্বন্দ্ব। এখানে অনেকের নিজস্ব বাথরুম নেই। কিছু দোকান আছে যার পেছনে বাথরুম। কিছু পয়সার বিনিময়ে সেই বাথরুম অনেকে ব্যবহার করে। শহর পরিচ্ছন্ন রাখার জন্য যত্রতত্র কিছু করলে মোটা ফাইন গুনতে হয়। সমস্ত শহর জুড়ে দলাই লামার অনগতদের উপস্থিতি বোঝা যায়।

যদিও চাইনীজ সরকারের পছন্দ গানচেত লামার ছবি চারিদিকে।পাহাড়ের কোলে সমুদ্র পৃষ্ঠ থেকে ১০,০০০ ফুট উঁচুতে এই মনোরম শহরের প্রধান আকর্ষণ দলাই লামার শোতালা প্যালেস। এখানে হোটেলের প্রতি রুমেই আছে অক্সিজেনের ব্যবস্থা। এই উচ্চতায় পোতালা প্যালেস হল পৃথিবীর সবচেয়ে বড় প্যালেস। ভেতরে অসংখ্য ঘর এবং বিভিন্ন দলাই লামাদের পূর্বসূরীদের স্মৃতিস্তম্ভ। দু/একটা স্মৃতি স্তম্ভ কয়েক হাজার কেজি সোনা দিয়ে তৈরী। এছাড়া বিশাল বিশাল হল। লাসা শহরে চারিদিকে নানা ।মনেস্ট্রি' সঙ্গে লামাদের গ্রাম। বিভিন্ন বয়সের ছেলে মেয়ে আছে এসব গ্রামে। সবাই খুবই হাসিখুশি। সামান্য জিনিষের মধ্যে এরা খুঁজে পায় অনাবিল আনন্দ।

এর পরদিন রওনা হলাম 'শিগাতসে'-র দিকে। লাসার পর থেকে বাকী পথ আমাদের যেতে হবে টয়োটা ক্রুসার ও ৪-হুইল ড্রেক করে। এক একটা গাড়ীতে চারজন



যাত্রী এবং ড্রাইভার। পিছনে আমাদের জিনিসপত্র। দুদিকে অতি মনোরম দৃশ্য – এক পাশে লাসা নদী বয়ে যাচ্ছে। স্বচ্ছ নীল জল। ওপরে নীল আকাশ। তুষার ঢাকা পাহাড় দুপাশে। আর মেঘের খেলা। শিগাতসে শহরে পৌঁছে আমাদের অবাক হওয়ার পালা। আর একটা ঝকঝকে শহর চওড়া রাস্তা, ঝলমলে দেয় কান। আমাদের ধারণা ছিল তিব্বত ও লাসাট শেষ বড় শহর। হোটেল ৪-স্টার অলংকরণ অপূর্ব্ব। চারিদিকে ফুল, সুন্দর স্থানীয় পোশাক পরা মেয়েরা ঘুরে ঘুরে অতিথি সেবা করছে। এসবই মূলত বিদেশীদের আকর্ষণ করার জন্য, এখন নারীরা সেই দলে যোগ দিয়েছে।

লাসা পৌঁছনোর পর থেকেই একটা বর সমস্যা দলের প্রায় সবাইকে বিব্রত করেছে, সেটা হচ্ছে – 'হাই আল্টিটিচিউড সিকিম' শুরু মাথা ধরা দিয়ে, এরপর বমি বমি ভাব। বার বার বাথরুম যাওয়া। কারোর কারোর জ্বর। এসব প্রতিরোধের জন্য আমরা সবাই 'ডায়ামক্স ট্যাবলেট' খাচ্ছি। কিন্তু তবুও সবাই অল্প বিস্তর অসুস্থ। দলের মেয়েদের বিশেষ অসুবিধা রাস্তায় বাথরুমের ব্যবস্থা না থাকায়। বার বার গাড়ী থামাতে হচ্ছে। তবে ধীরে ধীরে সবাই সুস্থ হয়ে উঠছে সময়ের সঙ্গে।

রাতটুকু হোটেলে কাটিয়ে, সকালে রওনা হলাম 'লাৎসে'-র পথে। দুধারে অপরূপ দৃশ্য। এইসব দুর্গম জায়গায় সেল ফোন কাজ করছে। সব জায়গায় সোলার প্যানেল। এদিক দিয়ে এয়ারটেল পিছিয়ে আছে। লঙ্ আইল্যান্ড-এ আমাআর বাড়ীর কাছে কিছু কিছু জায়গায় 'সেল ফোন' কাজ করেনা। আর আমরসা এখানে যে কোনও জায়গা থেকে সেল ফোনে দেশে কল করতে পারছি। লাসা ছোট শহর । এভারেস্টের বেস ক্যাম্প এখান থেকে ৯০ কিমি হঠাৎ একটা ইন্ডিয়ান রেস্টুরেন্ট পেয়ে আমরা খুব খুশী। ডিনার খেলাম ডাল, ভাত, তরকারী।

মনে খুব শান্তি।সন্ধ্যেবেলা ভজনে বসলাম। এই পরিবেশে এসব গান শুনতে বেশ ভাললাগে। সদগুণে আমি এখন নিরামিশাষী এবং রোজ সন্ধ্যেবেলা ভজন গান করি। দাড়িকাটার বালাই নাই। এ এক অন্য জীবন। এর পরদিন আমরা ড্রাইভ করে গেলাম সেজ শহরে। ৩০শে আগস্ট, ২০০৭ সকালে আস্মরা রওনা হলাম মানস সরোবরের পথে, দুধারে অতি মনোরম দৃ?শ্য। মানস সরোবর



পৌঁছালাআম সন্ধ্যে নাগাদ। পাহাড়ে ঘেরা শান্ত বিশাল জলাশয়। কিছু সহযাত্রী এতই হয়ে গেল, শিবম্নমন্ত্র উচ্চস্বরে উচ্চারণ করতে করতে জামাটামা পরেই হিমশীতল জলে নেবে গেল। চাঁদনী রাত, আকাশে খন্ড খন্ড মেঘ। এক মায়াময় পরিবেশ। আকাশের তারা-রা যেন জলে নেবে এসেছে। কেউ বলছে ঐ দেখ অপসরা নেমে আসছে, কেউ বলছে ঐ দেখ নীলপদ্ম। চারিদিকে ধূপধুনো আর মন্ত্রপাঠ চলছে। কিছু সত্যি, কিছু কল্পনা এক অপূর্ব্ব পরিবেশ সৃষ্টি করেছে। দেখে দেখেও মন ভরে না।

আমাদের থাকার ব্যবস্থা হয়েছে 'শিব গুম্ফা গেস্ট হাউস'-এ। কাদার দেওয়াল, নিচু সিলিং, ভেতরে পর পর খাটিয়া, বা হলের কোনো ব্যবস্থা নেই। আলো বা জলের কোনো ব্যবস্থা নেই। সকালে আমরা কাছেই একটা বৌদ্ধ মনেস্ট্রি-তে হট্স্প্রিং-এ চান করয়াম। খুব ভাল লাগল। এরপর মানস সরোবরের পাশে ভজন এবং পূজো হল। তারপর আমরা জলে নামলাম। ঠান্ডা হ্লেও, পরিবেশ গুণে সব সয়ে যায়। আমি মানস সরোবরের জলে কিছুক্ষণ সাঁতার কাটলাম শান্ত নীল জলে। সে এক অদ্ভুত অনুভূতি। চারিদিকে সবাই করছে জলে নেমে পূজো এবং তর্পন।

বিকেলের দিকে আমরা রওনা হলাম দারচেন-এর পথে। মানস সরোবর পরিক্রমা আমাদের হল। অনেকটাই গাড়ীতে কিছুটা হেঁটে। আকাশে মেঘ থাকায় মানস সরোবর থেকে আমরা মাউন্ট কৈলাশ

দেখতে পাইনি। দারছেন-এ নামার পর হৈ চৈ পরে গেল। সবাই দৌড়ে গেলাম। মাউন্ট কৈলাশ এখন পরিষ্কার দেখা যাচ্ছে।

সে এক অপূর্ব দৃশ্য। চারিদিকে সব ঘাসে ঢাকা পাহাড়ের মাঝে ২২,০০০ ফুট উঁচু কালো পাথরের এই মাউন্ট কৈলাশ। এখানে এই একমাত্র পাহাড় যেটা গোটা বছর বরফে ঢেকে থাকে। বিকেলের সূর্য্যের আলোয় কৈলাশ ঝলমল করছে। পরিষ্কার দেখা যাচ্ছে শিবের ত্রিনেত্র। কপালে চন্দনের রেখা। পাশে বৃষ। এইসব দেখে অনেকে উচ্চস্বরে শিবমন্ত্র উচ্চারণ শুরু করল। সব মিলে এক মায়াময় পরিবেশ।

সেপ্টেম্বর ফার্স্ট সকালে আমরা গেলাম 'তারৌচে' (৪৮৬০মি) আমাদের মাউন্ট কৈলাশ পরিক্রমা পূরণ করার জন্য। বেস-ক্যাম্পেও একটা শিবমন্দির। সেখানে পূজো এবং প্রদক্ষিণ করে আমরা হাঁটতে শুরু করলাম। সবারই সঙ্গে একটি শেরপা মালপত্তর বওয়ার জন্য। আর ইয়াক-এর দল নিয়ে চলল আমাদের রাস্তায় থাকার টেন্ট এবং খাবার জিনিসপত্তর। পাহাড়ী রাস্তা দিয়ে। মাউন্ট কৈলাশ-এর অপরূপ দৃশ্য দেখতে দেখতে, ঝরণা, পাথর পার হয়ে আমরা হাঁটতে থাকলাম। ১৮ কিমি হাঁটার পর পৌঁছালাম দিরাফুক। পাহাড়ের মাঝে তাঁবু খাটিয়ে আমাদের থাকার ব্যবস্থা হয়েছে। রাত্রে শুরু হল প্রচন্ড বৃষ্টি। সকালে উঠে এবার আমাদের যাত্রা 'ডোলমালা পাস (৫৬৫০ মি)" হয়ে 'জুথুস পাক'।

এই রাস্তা খুবি দুর্গম। পথে শুরু হল শিলাবৃষ্টি, ঝড়। আমাদের শেরপা গাইড এবং দলের সবাই কে কোথায় যে হারিয়ে গেল বোঝা যাচ্ছে না। এই অজানা দুর্গম পথ দিয়ে চলেছি তো চলেছিই। জীবনে কখনও এরকম দুর্যোগের মধ্যে এইভাবে হাঁটিনি। চারিদিকে কোনো জনমানব নেই। ঠিক পথে যাচ্ছি কিনা বুঝতে পারছি না। শুধু এটুকু জানি আমাকে সামনে এগিয়ে যেতে হবে। মাঝে মাঝে হঠাৎ ঘোড়া নিয়ে স্থানীয় লোকেরা উদয় হচ্ছে। কিন্তু আমি ঠিক করেছি ঘোড়া না নিয়ে পায়ে হেঁটে ওই পরিক্রমা শেষ করব। পথে পড়ল গৌরীকুন্ড।

কথিত আছে – এখানে পার্ব্বতী স্নান করে শিবের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন। অনেকে তার জল সংগ্রহ করে নিয়ে আসে। সকাল ৮টা আমরা যাত্রা শুরু করেছিলাম। রাত ৯টা নাগাদ আমি 'জুথভী পাক' পৌছালাম। দলের বাকী অনেকে এসে পৌঁছাল রাত ৩টে নাগাদ। ৩/৪ জনের কোনও খবর পাওয়া গেল না। পরে জানা গেল তারা রাস্তায় কোনো চাইনিজ মিলিটারি ক্যাম্পে আশ্রয় নিয়েছে। পরদিন সকালে আবার হাঁটা শুরু। ১২ কিমি হাঁটার পর আমরা 'দাড়চেন'-এর কাছাকাছি এসে পৌঁছালাম। পরিক্রমা এখানেই শেষ। এখানে লাঞ্চ করলাম।

গাড়ী আমাদের জন্য অপেক্ষা করছিল। এবার ফেরার পালা। পথে 'রাক্ষসতাল'-এ থামলাম। এটা একটা 'হাফ মুন শেপ'-এর জলাশয়। জল ঘন কালো এবং ননতা। আমরা 'সেজ' পৌঁছালাম রাত ২টো নাগাদ। ফেরার সময় আর 'লাসা' যাব না ড্রাইভ করে ঝাংমু-তে রাত কাটিয়ে সোজা কাঠমান্ডু। নেপালের মধ্যে দিয়ে অনেকটা রাস্তা। অদ্ভূত প্রাকৃতিক সৌন্দর্য্য। অজস্র অজস্র ঝর্ণা। নানা রঙের গছপালা। সত্যই বড় সুন্দর এই নেপাল। আমরা কাঠমান্ডু পৌঁছালাম বিকেল পাঁচটা নাগাদ। গত তিন সপ্তাহ অতি আপন হয়ে যাওয়া বন্ধুদের এবার ছেড়ে দিতে হবে। দলের সবারই তখন চোখে জল।

# Influence of British Colonial Era on Cuisine in Bengal

Sanjeeb Gandhi
India

The influence of the British on cuisine in Bengal (roughly late 18th to mid-20th century, during the colonial period) was profound and layered. It shaped not only the kinds of dishes eaten but also how food was served, consumed, and thought about.

## 1. Introduction of New Ingredients

Bread & Biscuits: The British popularized bakery products like bread, biscuits, cakes, and puddings in Bengal. This gave rise to local bakeries in Calcutta (e.g., Nahoum's, established in 1902).

Vegetables: Cauliflower, cabbage, carrots, and tomatoes were introduced and adapted into Bengali cooking.

Protein sources: Pork, beef, and mutton became part of Anglo-Indian cuisine, though largely restricted by caste/religious boundaries. Fish (already central in Bengal) was adapted into British-style cutlets and fries.

Condiments: Worcestershire sauce, custard powder and vinegar, etc entered Bengali kitchens.

## 2. Hybrid Dishes & Anglo-Indian Cuisine

Chop–Cutlet Culture: Fish cutlets, vegetable chops, and mutton croquettes were born out of British snacking traditions, adapted to local tastes.

Mulligatawny Soup: Derived from South Indian "milagu tanni" (pepper water), it became a colonial staple in Bengal as well.

Kedgeree: Inspired by the Bengali "khichuri," it was reimagined with fish (especially smoked haddock) and eggs, then re-exported to England as a Victorian breakfast dish.

Pish-pash: A lightly spiced rice and meat broth given to children, influenced by British nursery food.





### 3. Dining Practices & Food Habits

Table Manners: Eating at a dining table with cutlery became fashionable among the Bengali elite who interacted with the British.

Tea Culture: The British popularized tea drinking, which later became central to Bengali adda (casual conversation culture).

Courses in Meals: The idea of a multi-course structured meal (soup, entrée, dessert) influenced elite Bengali households.

### 4. Influence on Bengali Sweets & Desserts

Cakes & Puddings: Christmas cakes, bread pudding, caramel custard, and fruitcakes were absorbed into Bengali festive menus.

Adaptation in Sweets: Local confectioners began experimenting with baking and European-style desserts alongside traditional sandesh and rosogolla.

### 5. Culinary Institutions

Clubs & Restaurants: Colonial Calcutta saw the rise of clubs (e.g., Bengal Club) where hybrid food was served. Bengali babus tried to replicate these dishes at home.

Bakeries & Confectioneries: Jewish, Armenian, and British-owned bakeries thrived, spreading baked goods among Bengalis.

### 6. Long-Term Legacy

The “Cabin culture” in Kolkata—small eateries serving cutlets, chops, fish fries, and “Mughlai parathas”—is a direct continuation of this Anglo-Bengali culinary blending.

Bengali festive meals today often include influences from British dining traditions (cutlets as starters, puddings as desserts).

Even modern “continental” restaurants in Kolkata trace their roots back to the colonial taste introduced by the British.

In conclusion, the British introduced new ingredients, popularized baking and tea, influenced dining etiquette, and spurred the creation of hybrid dishes. Over time, these changes gave Bengal a unique Anglo-Bengali culinary identity that remains visible in Kolkata’s food culture today.

Poem

# Whispers of Resistance

Tanmoy Goswami
USA



The sun sets slow and paints the sky,
A deepening hue, a reddening sigh.
The world awaits, with bated breath,
For more horrors, more death.

Thousands have fallen, lost their lives,
Their voices silenced, their futures rived.
We're told colonialism's dark reign is done,
But rights and freedoms are still not won.

Hearts are ablaze with agitation and fire,
But voices are hushed, and words conspired.
The silence is oppressive, the stillness a test,
Will we speak out, or forever repress?

# Time

Arundhati Sarkhel
USA

Time always flies
Sometimes we understand
Sometimes we don't
I have a few watches
Pink, blue, gold, black
I used them
As a piece of jewelry
Not for the time management
Some like a big watch
On their hand
And notice every minute
Some of my watches
Stoped working
A long time ago
I still wear them
As a jewelry
If people ask
What time is it
I take out my
Cellphone and tell time



# ছাই

মহুয়া দাস
ভারত

ছাই হয়ে গেছে সব।
আগুনে পুড়েছে আত্মরতি তার,
কতবার বলেছি তাকে
অহং কিছু নয়,
ভ্রান্তি সব, উড্ডীন স্বপ্ন যত,
শোনে নি সে।
প্রহর গুনে গেছি,
এক দুই তিন,
তাক ধিনা ধিন
এসেছে প্রলয়,
এবার কোথা যাবে?
বলো হে অর্বাচীন
গরলে ডুবে যাও ধাপে ধাপ
আমাকেও ডুবিয়ে মারো।
মৃত্যু আসন্ন কিনা
জানেন শুধু অন্তর্যামী।



# দুঃখ পরম্পরা


তপনজ্যোতি মিত্র
মার্কিন যুক্তরাষ্ট্র

যে জানেনি করুণ বিষাদ, দুঃখ পরম্পরা
তোমাকেই রাখি আকাশ সীমায়, শব্দ কোলাহলে
বিষণ্ণ প্রহরের নিষাদ তোমার, হাহাকার মঞ্জরা
করুণ অন্ধকার সেই দিগন্তের দিকে গেলে

কে যে থাকে, আর কে যে যায় - আশাবরী আলো
যদি আর ভালোবাসা নেই, সুখস্মৃতি নেই মনে
জীবন জুড়ে যত মায়াজল, কে সন্ধ্যা ছড়ালো
কে তখন ফিরে আসে সমুদ্র মন্থনে

তবে রেখো শস্যভূমি, হৃদয়ে বিষাণ
চলে গেছে ভালোবাসা, হারানো সৌমিত্র
তোমারই বিষুবরেখায় ভালোবাসা সন্ধান
আকাশ ঝুঁকে গেলে, বিষণ্ণতার চালচিত্র

তাহলে ত তোমারই দিন, তোমারই দেহলী
জেগে থাকে সমুদ্র, শেষ হলে গোধূলি



# এবার নীরবতা

পার্থসারথি সেনগুপ্ত
ভারত

ক্লান্ত আঁচল সরিয়ে রাতের বেলা
একটা হাসির রেখা ছুঁয়ে যায় বুক
দু বাহু বাড়িয়ে আদরে নিজেকে মেলা
সব "কিন্তু" র একটাই চেনা সুখ
এক আকাশের নীচেই আমরা সবাই
তবুও পাথরে আটকে থেকেছে কান্না
সবুজ গালিচা মাঝে মাঝে শুধু বদলাই
মনকে বোঝাই অনেক হয়েছে আর না

এবার একটা বসার জায়গা প্রয়োজন
ভালবাসার হাতে সঁপে দিয়ে যত বিশ্রাম
ক্লান্তির সাথে লড়াই এর এত আয়োজন
এই মন আর জানতে চায় না পরিণাম
ভুলে যাওয়া গুলো আত্মগোপন করে
মনের গোপনে দিনের অস্তরাগে
আকাশ টা কে দেখে নি দু চোখ ভরে
অতীতের স্মৃতি ঝলসে ওঠার আগে

# প্রকৃতির লীলা

উত্তম চক্রবর্ত্তী
কানাডা

রঙ বেরঙের শুকনো পাতা দেখায় প্রকৃতির বাহার
উজ্জ্বল রোদ জাগায় অপরূপ সুদৃশ্য---মুছে দেয় মনের মলিনতা।
হাতে হাত রেখে হাঁটে যুবক-যুবতী নগ্নাভিরাম পদে
শুকনো পাতার মচ মচে আওয়াজ বাড়ায় তাদের মনের অস্থিরতা,
অনুভব করে রক্তিম উচ্ছ্বাস, আর অপ্রকাশিত অনুরাগ।
ভাবে তারাই পৃথিবীর সর্বশ্রেষ্ঠ একে অপরের প্রনয়াসক্ত প্রেমিক-প্রেমিকা।



শরতের আকাশে রাশি রাশি, পুঞ্জ পুঞ্জ বেগবান শুভ্র মেঘের গুচ্ছ
মনে আনে প্রেমের অনুভূতি, যেন বেগবান, চায় অভিজ্ঞতা।
আলিঙ্গের মত আনে জীবনে ভালবাসার সম্পূর্নতা।
পায় কি তৃপ্তি? দ্বিধা আনে ক্ষণিকের, ভাবে হবে কি চির স্থায়ী?
একি শুধু মরীচিকা? শুধু কি মুহুর্তের প্রজ্বলিত অগ্নি শিখা?
না থাকবে প্রকৃতির বাহার, না থাকবে সেই অনুভূতি
হবে না শেষ, হবে পুণরাবৃত্তি, পাবে নব প্রমিক-প্রেমিকা।

# কুড়ি বছর পার

রবীন্দ্র চক্রবতী
মার্কিন যুক্তরাষ্ট্র

জীবনের পথে হয়তো আবার দেখেছো আমায় -
পারো নি চিনতে। এয়ারপোর্টে বা ব্যস্ত রাস্তায়।
কুড়ি বছর অনেকটা সময়। চাল চলন, পোষাক
সব কিছু বদলে যায় ... সেসব পুরোনো কথা থাক!
তখন বয়স ছিল কম; চোখে ছিল ভালোবাসা -
মনে ছিল তেজ; বুকে ছিল কিছু করবার আশা!

তাই চিনতে নাই বা যদি পারো কুড়ি বছর পার,
কিছু যায় আসে নাকো; যে অতীত তোমার আমার;
সে অমূল্য, সেদিনের সেসব বোকামি -
ফিরে দেখি আজো, সে যে সবচেয়ে দামি!
এখনো আসে নি সাঁঝ, রয়েছে কিছুটা পথ বাকি -
পিছু ফিরে ফিরে চাব যতদিন এ ধরাতে থাকি!

হয়তো বা কুড়ি বছর পার, দেখা হবে তোমার আমার
চিনে যাব অকস্মাৎ; ক্ষীণ স্মৃতি জ্বলবে আবার;
মুহূর্তের আলিঙ্গনে ফিরে পাব হারানো দশক,
উঠবে হাসির রোল, যাত্রার ক্লান্তিহরা পথ প্রদর্শক

প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

# সংবাদ বিচিত্রা

SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

## Advertisement Rates for Sangbad Bichitra - 2025

### (Color – Back Page)

| | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $250 | $1,500 | $2,500 |
| 1/2 Page | (10 x 7 inch) | $150 | $750 | $1,250 |
| 1/4 Page | (5 x 4 inch) | $100 | $500 | $1,000 |
| 1/8 Page | (5 x 2 inch) | $50 | $250 | $500 |

### (Color – Inside)

| | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $150 | $1,000 | $2,000 |
| 1/2 Page | (10 x 7 inch) | $100 | $500 | $1,000 |
| 1/4 Page | (5 x 4 inch) | $75 | $250 | $500 |
| 1/8 Page | (5 x 2 inch) | $35 | $150 | $300 |

- Minimum three (3) issues.
- Payment is required in advance.
- Make check payable to : CAB
- Mail to : Cultural Association of Bengal
- Address : Arpita Gupta - Treasurer
  20, Cambridge Road, Lafayette NJ-07848, U.S.A
- Zelle to : 516-965-5277

